এপ্রিল ২০২১ ◻ ২০ টাকা ◻ ১০০ পাতা ◻ ১

কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

ডব্লু বি সি এস

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার প্রস্তুতি ও নমুনা প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশন কমিশনের

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল ও হায়ার সেকেন্ডারি লেভেল

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রেলে গ্রুপ 'ডি'

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • ইংরেজি শিক্ষার আসর • অর্থনীতির হালচাল • নিমেষে অঙ্ক • সাধারণ মানসিক দক্ষতা
ভারতের ইতিহাস • ভারতের ভূগোল • ভারতের জাতীয় আন্দোলন

*

বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।

মহাশ্বেতা দেবী

৩ জুলাই, ২০০৫

মহাশ্বেতা দেবী: *জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।*

*

পেশাপ্রবেশ

পেশা ও প্রতিযোগিতামূলক পরীক্ষার মাসিক পত্রিকা

সপ্তদশ বর্ষ চতুর্থ সংখ্যা এপ্রিল ২০২১ বৈশাখ ১৪২৮

সূ চি প ত্র

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

*

সম্পাদকীয়

নব্বইয়ের দশকে কবীর সুমন গেয়েছিলেন, 'ভরসা থাকুক আরও বিরল চাকরি পাবার জ্যান্ত আশায়'। বোঝাই যায়, সরকারি চাকরির কথাই বুঝিয়েছিলেন গায়ক। স্বাধীনতা-উত্তর বাংলায় সাধারণ মেধাবী তরুণ-তরুণীরা পড়াশোনার আঙিনা পার করে সরকারি চাকরির প্রত্যাশাই রেখেছেন। সে চাকরি স্কুলের শিক্ষকের হোক, কী সরকারি দপ্তর কিংবা ব্যাঙ্কের করণিকের। উচ্চমেধার ছেলেমেয়েরা উচ্চ পদকে নজরবন্দি করেছেন, কিন্তু প্রাথমিক ভাবে চেয়েছেন সরকারি চাকরিই। কারণ বাজার-অর্থনীতির দ্বারা প্রভাবিত অন্যান্য পেশার তুলনায় সরকারি চাকরিতে স্থায়িত্ব, স্থিরতা দুই-ই বেশি, জীবন অনেক বেশি নিশ্চিন্ত।

নব্বইয়ের দশকে গানের মধ্য দিয়ে প্রকাশিত সেই ভরসা বিশ শতকের দুই দশক পার করে এসে আর নেই। সরকার যে কেবল কর্মীসংখ্যা ছেঁটে দপ্তরের আর্থিক দায়ভার কমাতে চায়, তাই নয়, সরকারি উদ্যোগকেই আর রাখতে চায় না। অর্থনীতি যত ক্ষয়িষ্ণু হচ্ছে, সরকারের রাজকোষ ঘাটতি যত বাড়ছে, ততই ঝোঁক বাড়ছে বিলগ্নীকরণের। এ দেশের প্রকৃত নির্মাতারা রাষ্ট্রায়ত্ত ক্ষেত্র গড়ে তুলেছিলেন, জাতীয়করণের মধ্য দিয়ে ব্যাঙ্কিং শিল্পকেও তার অঙ্গীভূত করেছিলেন। এর নেপথ্যে সামাজিক কল্যাণ ও আর্থিক প্রগতি ঘটানোর উচ্চাকাঙ্ক্ষা নজরে পড়ত। এখন বেসরকারিকরণের ভূত সওয়ার হওয়ায় সামাজিক উন্নতির দিকটি গুলিয়ে গিয়েছে।

কেন্দ্রের শাসক দলের সরকার ত্রিপুরায় ক্ষমতায় এসে সম্প্রতি সরকারি চাকরিতে তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের বেসরকারি এজেন্সির মাধ্যমে নিয়োগ করবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে। গোটা দেশের ক্ষেত্রেও এর অন্যথা হওয়ার নয়, বিশেষত যখন রেল, জীবনবিমা এবং ব্যাঙ্কের মতো প্রতিষ্ঠানগুলিকে বেসরকারি হাতে তুলে দেওয়ার স্পষ্ট ইঙ্গিত ইতিমধ্যেই পাওয়া যাচ্ছে।

একথা ভেবে দেখার মতো, যে, দেশ জুড়ে নতুন বেসরকারি শিল্পোদ্যোগ প্রায় নেই, এই পরিস্থিতিতে পুরনো সরকারি লাভজনক সংস্থাগুলি বেচে রাজকোষ ভরানোর প্রবণতা আত্মধ্বংসী ছাড়া আর কী? বেসরকারি সংস্থার সমাজকল্যাণের কথা ভাবার দায় নেই, বেসরকারি ক্ষেত্র জানে শুধু লাভের অঙ্ক কষতে। উন্নয়নশীল দেশে এই ঢালাও বেসরকারিকরণ সরকারি চাকরির শেষ ভরসাটুকু মুছে তো দেবেই, চাকরির বাজারকে সীমায়িত করে, স্থায়িত্বের ধারণাটিকেই তুলে দিয়ে দুর্ভোগ আরও বাড়িয়ে তুলবে।

*

জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

*

পাঠকের চিঠি

গণিত বিষয়ক তথ্যাদি

'চন্দ্রবিন্দু' নামক বাংলা ব্যান্ডের একটি গান বেশ জনপ্রিয় হয়েছিল— 'দাদা! অঙ্ক কী কঠিন।' ছোটবেলায় গণিতের পাঠ নিতে গিয়ে 'শুভঙ্করী ধাঁধা' লাগতো ঠাকুর রামকৃষ্ণ পরমহংসদেবের। তবে, আধুনিক সভ্যতা এবং পরিসংখ্যান-প্রযুক্তির অন্যতম স্তম্ভ হিসেবে গণিতের অবদানকে মোটেই অস্বীকার করা যাবে না। এখানে গণিতের সংখ্যারাজ্যের ওপর কিছুটা তথ্যভিত্তিক আলোকপাত করা হল।

১। মিশরের আলেকজান্দ্রিয়া নিবাসিনী, প্রথম মহিলা গণিতবিদ হাইপেশিয়া-কে নিয়ে একটি উপন্যাস লেখেন ইংরেজ লেখক— চার্লস কিংসলে।

২। ইংরেজ রোম্যান্টিক কবি জর্জ গর্ডন (লর্ড) বায়রন এবং অ্যান ইসাবেল-এর মেয়ে অ্যাডা লাভলেস (কিং), কম্পিউটারের জনক চার্লস ব্যাবেজের জন্য সর্বপ্রথম গাণিতিক প্রোগ্রাম তৈরি করেন।

৩। মাত্র ১৬ বছর বয়সে বীজগাণিতিক সমীকরণের ওপর গবেষণাপত্র লেখেন ফরাসি গণিতজ্ঞ এভারিস্তে গালোয়া। ২০ বছর বয়সে প্রয়াত হন তিনি।

৪। মহাশূন্যে জ্যোতিষ্কদের ভ্রমণকাল নিয়ে গাণিতিক জ্যোতির্বিদ্যা চর্চা করেন 'ফ্রান্সের নিউটন' নামে খ্যাত পিয়ের সিমোঁ লাপ্লাস।

৫। ভারতীয় গণিতজ্ঞ, ব্রহ্মগুপ্ত গুণন-প্রক্রিয়াকে 'গোমুত্রিকা' নামে অভিহিত করেছেন।

৬। গুপ্তযুগের গণিতজ্ঞ বরাহমিহিরের 'পঞ্চসিদ্ধান্তিকা' গ্রন্থটি সূর্য, রোমক, পৌলিসা, বশিষ্ঠ ও পৈতম সিদ্ধান্তের সমন্বয়।

৭। অঙ্কের মাধ্যমে সাধারণ আপেক্ষিকতাবাদ এবং তড়িৎ-চৌম্বকীয় তত্ত্বের প্রথম মিশ্রণ ঘটান জার্মান গণিতবিদ হেরমান ওয়েইল।

৮। সংখ্যার অসম্পূর্ণতা এবং কম্পিউটার অ্যালগরিদম নিয়ে চর্চা করেন অস্ট্রিয়ার গণিতবিদ ক্যুর্ট গোডেল।

৯। গণিতের মাধ্যমে তড়িৎ গতিবিদ্যা চর্চার ভিত্তি তৈরি করেন ফ্রান্সের আদ্রেঁ মারি আঁপিয়ের। বিদ্যুৎপ্রবাহের এককের নাম অ্যাম্পিয়ার (Ampere) তাঁরই নামে।

১০। ধনাত্মক সংখ্যার (শূন্য-র থেকে কম মানের) সর্বপ্রথম ব্যবহার করেন ইতালীয় গণিতজ্ঞ, চিকিৎসক ও দার্শনিক গিরোলামো কারদানো। জুয়া খেলা থেকে তিনি সম্ভাবনা তত্ত্ব (Theory of Probability) গড়ে তোলেন।

১১। গাণিতিক সমস্যা নিয়ে 'Uncle Petros and Goldbach's Conjecture' উপন্যাসটি, ১৯৯২ সালে লেখেন গ্রিক লেখক আপোস্তোলোস দোক্সিয়াদিস।

১২। চতুর্দশ শতকে কেরলের সঙ্গমাগারামা-তে জাত গণিতজ্ঞ মাধব, প্রতি ৩৬ মিনিটে চাঁদের অবস্থান নির্ণয় করেন।

১৩। ১৯১৮ সালে ভারতীয় গণিতবিদ শ্রীনিবাস রামানুজন, প্রথম ভারতীয় হিসেবে রয়্যাল সোসাইটির ফেলো নিযুক্ত হন।

১৪। প্রয়াত গণিতজ্ঞা শকুন্তলা দেবীর ওপর নির্মিত চলচ্চিত্রে তাঁর চরিত্রে অভিনয় করেছেন বিদ্যা বালন।

১৫। সমান্তরাল রেখা নিয়ে জ্যামিতিক সূত্র রচনা করেন হাঙ্গেরির গণিতবিদ ইয়োনাস বোলিয়াই।

১৬। উপবৃত্তের (Ellipsoid) বিভিন্ন ধর্ম নিয়ে গণিতে প্রথম গবেষণা করেন জার্মানির কার্ল জ্যাকোবি।

১৭। তর্কবিদ্যা (Logic) এবং বীজগণিতের মধ্যে সমন্বয়সাধন এবং ত্রিভুজ সমান চারভাগে বিভক্ত করার পদ্ধতি সর্বপ্রথম দেখান সুইৎজারল্যান্ডের গণিতজ্ঞ জ্যাকব বারনৌলি।

১৮। সংখ্যাতত্ত্ব (Number Theory)-র ওপর সর্বপ্রথম গবেষণা করেন ইরানের ত্রয়োদশ শতকের গণিতবিদ কামাল আল ফারিসি।

১৯। দশমিক সংখ্যার অবস্থান ও সমীকরণ নিয়ে চিনে গবেষণা করেন ইয়াং লুই।

২০। 'অ্যালগরিদম' এবং 'অ্যালজেব্রা' শব্দদুটির জনক ছিলেন নবম শতকে ইরানীয় গণিতজ্ঞ মুহম্মদ আল খোয়ারিজমি।

২১। সবচেয়ে বড় গ্রহাণু সেরেস (Ceres)-এর গতিপথ এবং আয়তন নির্ণয় করেন জার্মান গণিতবিদ এবং গোটিংগেন বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র কার্ল ফ্রিডরিখ গাউস।

২২। তুরস্কে (আনাতোলিয়া) খ্রিস্টপূর্ব ১৯০ সালে জন্মানো গণিতজ্ঞ হিপ্পারকাস-কে ত্রিকোণমিতির জনক বলে।

২৩। তুরস্কের মিলেটাস শহরে জন্মানো গণিতজ্ঞ থালিস হলেন গণিত শাস্ত্রের জনক।

কৌশিক রায়
সহ-শিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
গ্রাম: সবরণদিঘি-রতিনাথপুর, পোঃ সর্বমঙ্গলা,
থানা: গঙ্গারামপুর, জেলা: দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪

খবরের পাতা

১ ফেব্রুয়ারি-২৮ ফেব্রুয়ারি

*

আ ন্ত র্জা তি ক

মায়ানমারের দখল নিল সেনা

গণতান্ত্রিক সরকারকে হঠিয়ে ১ ফেব্রুয়ারি মায়ানমারের দখল নিল সেনাবাহিনী। ভোটে জালিয়াতির অভিযোগে আটক করা হয় আউং সান সু চি-সহ শাসক দলের বহু নেতা-নেত্রীকে। বহিষ্কৃত প্রেসিডেন্ট উইন মিন্টের বিরুদ্ধেও জাতীয় বিপর্যয় মোকাবিলা আইন ভঙ্গের অভিযোগ আনা হয়েছে। সেনাবাহিনী আগামী এক বছর শাসনক্ষমতা নিজেদের হাতে রাখবে বলে জানিয়েছে সেনা-নিয়ন্ত্রণে থাকা মিয়াওয়াদি টিভি।

গত কয়েক বছর ধরেই মায়ানমারের ক্ষমতাসীন সরকারের উপর চাপ বাড়াচ্ছিল সে দেশের সেনাবাহিনী। রোহিঙ্গা-নির্যাতনের দায়ে আন্তর্জাতিক মহলে সমালোচিত হচ্ছিল সরকার। কিন্তু সেটাই একমাত্র কারণ নয়। গত বছর নভেম্বরে হওয়া ভোটে কারচুপির অভিযোগও ওঠে স্টেট কাউন্সিলর তথা শান্তিতে নোবেলজয়ী নেত্রী সু চি-র দল ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি (এন এল ডি)-র বিরুদ্ধে। উল্লেখ্য, গত নভেম্বরের নির্বাচনে ৮০ শতাংশেরও বেশি ভোট পায় সু চি-র দল। দেশের নির্বাচন কমিশন কারচুপির অভিযোগ নস্যাৎ করে। তবুও এই ফল মানতে নারাজ সেনা। এরপরই সু চি সরকারের সঙ্গে নতুন করে বিরোধ বাধে সেনার। তারপরই রাতারাতি অভ্যুত্থান।

উল্লেখ্য, ১ ফেব্রুয়ারি নির্বাচিত সরকারের প্রথম সংসদ অধিবেশন বসার কথা ছিল। সেদিনই নির্বাচিত সরকারকে সরিয়ে দেশের দখল নেয় সেনা। অনেকের মতে, অভ্যুত্থানের নেপথ্যে রয়েছে সেনাপ্রধান মিং অং হাইংয়ের ব্যক্তিগত উচ্চাশা। অবসর গ্রহণের পর তিনি দেশের প্রেসিডেন্ট হতে চান। কিন্তু সংসদে সংখ্যাগরিষ্ঠ সু চি-র দল তা মেনে নেবে না, এটাও তাঁর জানা। অভ্যুত্থানের পরিকল্পনা সেজন্যই। সু চি-কে গৃহবন্দি রাখা হয়েছে বলে জানা যাচ্ছে। এক বছরের জন্য জরুরি অবস্থাও জারি করা হয়েছে বলে খবর। এদিনই ইয়াঙ্গনের আন্তর্জাতিক বিমানবন্দরের মূল ফটক বন্ধ করে দেওয়া হয়। যে পর্যন্ত তা বন্ধ থাকবে। ইয়াঙ্গন থেকে সড়কপথে বেশ কয়েক জায়গায় যাতায়াতও বন্ধ। রাজধানী নেপিদও-সহ দেশের প্রধান সব শহরে দিনভর টহল দিতে নেমে পড়ে সেনা। বন্ধ করে দেওয়া হয়েছে ফোন এবং ইন্টারনেট পরিষেবাও।

এদিকে, মায়ানমারে সেনা অভ্যুত্থান এবং বেশ কয়েক জন নেতানেত্রীকে আটক করার বিরুদ্ধে সরব হয়েছে

পৃথিবীর বিভিন্ন দেশ। গণতন্ত্র বিপন্ন হলে মায়ানমারের উপর ফের নিষেধাজ্ঞা চাপানোর হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। ওয়াশিংটন থেকে বাইডেন সাফ জানান, 'বিশ্বাসযোগ্য নির্বাচনে মানুষ যে-গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে, সেনাবাহিনী তা কোনও ভাবেই বলপূর্বক সরিয়ে দিতে পারে না।' মায়ানমারের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে রাষ্ট্রপুঞ্জ ও বিশ্ব ব্যাঙ্ক। ভারতের বিদেশমন্ত্রক মায়ানমারে গণতন্ত্র ফিরিয়ে আনার পক্ষে বিবৃতি দিয়েছে। যদিও মায়ানমারের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখার কথাও জানানো হয়েছে। কূটনৈতিক মহলের বক্তব্য, কবে সে দেশে গণতন্ত্র ফিরবে, তার জন্য অপেক্ষা করে বসে থেকে সমস্ত দ্বিপাক্ষিক প্রক্রিয়া বন্ধ করে দেওয়া অর্থহীন। তা হলে সেই শূন্যস্থানে ঝাঁপিয়ে পড়বে চিন।

ইতিমধ্যেই উলটো স্রোতে হেঁটে মায়ানমার সেনার পক্ষে দাঁড়িয়েছে চিন। একে 'সেনা অভ্যুত্থান' বলে মানতে নারাজ বেজিং। গোটা ব্যাপারটাকেই 'মন্ত্রিসভায় বড়সড় রদবদলের ছক' বলে মন্তব্য করেছে বেজিংয়ের সরকারি সংবাদমাধ্যম গ্লোবাল টাইমস। সেখানে বলা হয়েছে, 'বিশেষজ্ঞদের একাংশ মনে করছেন, মায়ানমারের বর্তমান পরিস্থিতির পিছনে মার্কিন সংসদে দাঙ্গা বাধানো ডোনাল্ড ট্রাম্পেরও হাত থাকতে পারে।'

সেনা অভ্যুত্থানের বিরুদ্ধে অহিংস প্রতিবাদ জানানোর আহ্বান জানিয়েছে ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি। শাসক দলের সমর্থনে ইয়াঙ্গনের পথে নামেন হাজার হাজার মানুষ। গাড়ির হর্ন বাজিয়ে, থালা-বাসন বাজিয়ে প্রতিবাদ জানান তাঁরা। তবে, সেনার সমর্থনেও মিছিল বেরিয়েছে রাজপথে।

উল্লেখ্য, ১৯৬২ থেকে প্রায় পাঁচ দশক মায়ানমারে সেনা শাসন জারি ছিল। দীর্ঘ দেড় দশক বন্দিদশা কাটিয়ে ২০১৫ সালে বিপুল ভোটে জয়ী হয়ে দেশের স্টেট কাউন্সেলর নির্বাচিত হন সু চি। প্রেসিডেন্ট হন হিতেন ক্যা।

নাসা-শীর্ষে ভব্যা লাল

মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা-র শীর্ষ পদে এলেন এক ভারতীয় বংশোদ্ভূত মার্কিন মহিলা। তাঁর নাম ভব্যা লাল। ২ ফেব্রুয়ারি ভব্যাকে এই সংস্থার 'অ্যাক্টিং চিফ অব স্টাফ' নিয়োগ করেছে হোয়াইট হাউস।

মার্কিন প্রেসিডেন্ট পদে জো বাইডেনের মেয়াদ শুরু হওয়ার পর থেকেই বেশ কিছু ভারতীয় বংশোদ্ভূত প্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্বে এসেছেন। সেই তালিকায় উজ্জ্বল সংযোজন ভব্যা লাল। বাইডেন নির্বাচনে জেতার পর ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া পর্যালোচনার সঙ্গে যুক্ত ছিলেন তিনি।

ভব্যা নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক এবং স্নাতকোত্তর। স্নাতকোত্তর করেছেন ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে। এ পর্যন্ত তাঁর পঞ্চাশটিরও বেশি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। এছাড়া তিনি পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে পি এইচ ডি করেছেন জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয় থেকে। নাসা জানিয়েছে, ইঞ্জিনিয়ারিং ও মহাকাশ প্রযুক্তির ক্ষেত্রে বিস্তর অভিজ্ঞতা রয়েছে ভব্যার। ২০০৫ থেকে ২০২০ পর্যন্ত ইনস্টিটিউট অব ডিফেন্স অ্যানালিসিস (আই ডি এ) এবং সায়েন্স অ্যান্ড টেকনোলজি পলিসি ইনস্টিটিউট (এস টি পি আই)-এর সদস্য ছিলেন তিনি। হোয়াইট হাউসের বিজ্ঞান ও প্রযুক্তি নীতি সংক্রান্ত দপ্তর, ন্যাশনাল স্পেস কাউন্সিল এবং নাসা-সহ বিভিন্ন মহাকাশ গবেষণাকারী সংস্থার কাজে নেতৃত্ব দিয়েছেন। সম্প্রতি পৃথিবীর কাছাকাছি কক্ষপথে বা গভীর মহাকাশে যেসব বাণিজ্যিক উদ্যোগ নিয়ে কাজ চলছে, সেই সব ক্ষেত্রে ভব্যা তাঁর দক্ষতাকে কাজে লাগিয়েছেন।

বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে জ্ঞান ও সেই সঙ্গে প্রশাসনিক ক্ষেত্রে প্রভূত অভিজ্ঞতা তাঁকে পৌঁছে দিল নাসার শীর্ষে।

ব্লগার অভিজিৎ খুনে পাঁচ জনের মৃত্যুদণ্ড

বন্যা ও অভিজিৎ রায়

ছ'বছর আগে ঢাকায় বইমেলা থেকে ফেরার পথে মৌলবাদীদের হাতে আক্রান্ত হয়ে প্রাণ গিয়েছিল বাংলাদেশি বংশোদ্ভূত মুক্তমনা আমেরিকান ব্লগার অভিজিৎ রায়ের। ১৬ ফেব্রুয়ারি সেই হত্যাকাণ্ডে অভিযুক্ত পাঁচ জনকে প্রাণদণ্ড এবং আরও এক অভিযুক্তকে যাবজ্জীবন কারাদণ্ড দিল ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ আপিল আদালত।

সাজাপ্রাপ্তেরা সকলেই আনসার আল ইসলাম জঙ্গিগোষ্ঠীর সদস্য।

রায় দিতে গিয়ে বিচারক মজিবুর রহমান বলেন, স্বাধীন ভাবে লেখালেখি ও মত প্রকাশের জন্যই খুন হতে হয়েছিল অভিজিৎকে। হত্যার উদ্দেশ্যই ছিল এমন বার্তা দেওয়া,

যাতে ভবিষ্যতে এ ভাবে আর কেউ লেখার সাহস না পান।

উল্লেখ্য, ২০১৫ সালের ২৬ ফেব্রুয়ারি রাত ন'টা নাগাদ ঢাকায় 'অমর একুশে' বইমেলা থেকে ফেরার পথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি এস সি এলাকায় সস্ত্রীক অভিজিতের উপরে হামলা চালানো হয়। মৌলবাদী দুষ্কৃতীরা অভিজিৎ ও তাঁর স্ত্রী বন্যা আহমেদকে (রাফিদা) বড় ছুরি দিয়ে কুপিয়ে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাঁদের দু'জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে, সে রাতেই মারা যান অভিজিৎ।

ছেলের মৃত্যুর পর অভিজিতের বাবা, অবসরপ্রাপ্ত অধ্যাপক অজয় রায় শাহবাগ থানায় অভিযোগ দায়ের করেছিলেন। এদিন মৃত্যুদণ্ড পাওয়া পাঁচ আসামির মধ্যে রয়েছে আনসার আল ইসলামের সামরিক শাখার প্রধান ও বরখাস্ত হওয়া মেজর সৈয়দ জিয়াউল হক। দুই অভিযুক্ত পলাতক। এই মামলায় সরকারের হয়ে মোট ২৮ জন সাক্ষ্য দিয়েছেন। জানা গেছে, গত কয়েক বছরে বাংলাদেশে এক ডজনেরও বেশি মুক্তমনা ব্লগারের হত্যার পিছনে এই জঙ্গি গোষ্ঠীর হাত রয়েছে। অভিযুক্তদের আইনজীবী জানিয়েছেন, এই রায়ের বিরুদ্ধে তাঁরা উচ্চ আদালতে আপিল করবেন।

মুক্তমনা ওয়েবসাইটে এদিন এক বিবৃতিতে অভিজিৎ-জায়া বন্যা প্রশ্ন তুলেছেন, 'অভিজিতের বইয়ের প্রকাশক দীপনকে খুনের রায়েও সদ্য জানা গিয়েছে, ধৃতেরা অনেকেই কবুল করে যে, ২০১৫ সালে বাংলাদেশে ব্লগার, প্রকাশক, সমকামীদের খুনে বিপুল টাকা ঢালা হত। কারা সেই টাকার উৎস? জঙ্গিবাদের শিকড়ে না গিয়ে কয়েক জন ছুটকো জঙ্গিকে ধরে কী লাভ?' হামলায় জড়িত বলে সন্দেহভাজন মুকুল রানা শরিফ কী ভাবে বাংলাদেশি পুলিশের জিম্মায় মারা গেল, তা নিয়েও প্রশ্ন তুলেছেন বন্যা।

ইমপিচমেন্ট থেকে রেহাই পেলেন ট্রাম্প

দ্বিতীয় বার ইমপিচমেন্টের মুখোমুখি হয়েও সংখ্যাগরিষ্ঠতার অভাবে ১৪ ফেব্রুয়ারি রেহাই পেয়ে গেলেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মার্কিন সংসদে হামলার জন্য সমর্থকদের উসকানি দেওয়ার অভিযোগে তাঁর বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তাব আনা হয়।

আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের শপথ গ্রহণের আগে, গত ৬ জানুয়ারি নজিরবিহীন ভাবে ক্যাপিটল হিলে হামলা চালিয়েছিল ট্রাম্প-সমর্থকরা। সরকারি ভাবে তখনও ট্রাম্পই ছিলেন দেশের প্রেসিডেন্ট। সমর্থকদের উদ্দেশে তিনি উসকানিমূলক বক্তৃতা দিয়েছিলেন বলে অভিযোগ।তার পরই সংসদে হামলা চালানো হয়। গোটা ঘটনায় ট্রাম্পের ভূমিকা প্রশ্নচিহ্নের মুখে পড়ায় তাঁর বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তাব আনা হয়। বাইডেনের শপথ গ্রহণের আগেই সেই প্রক্রিয়া শুরু করার উপর জোর দিয়েছিলেন ডেমোক্র্যাট নেতারা। যদিও শেষপর্যন্ত প্রাক্তন প্রেসিডেন্ট হিসেবেই ইমপিচমেন্টের মুখোমুখি হন ট্রাম্প।

ট্রাম্পকে ইমপিচ করার জন্য ১০০ সদস্যের সেনেটের দুই-তৃতীয়াংশের সমর্থন প্রয়োজন ছিল। সেই হিসেব মতো ৬৭ জন সেনেটরের সমর্থন লাগত। ৫৭ জন সেনেটর ট্রাম্পকে দোষী বলে মেনে নেন। মাত্র ১০ ভোটের জোরে ইমপিচমেন্ট থেকে রক্ষা মেলে ট্রাম্পের।

যেসব সেনেটর ট্রাম্পের ইমপিচমেন্টের পক্ষে মত দিয়েছেন, তাঁদের মধ্যে প্রাক্তন প্রেসিডেন্টের নিজের দল রিপাবলিকান পার্টির সাত সদস্যও রয়েছেন। এঁরা হলেন লিসা মুরকাওস্কি, সুসান কলিন্স, বেন স্যাসে, বিল ক্যাসিডি, রিচার্ড বার, প্যাট টুমি এবং মিট রমনি। এঁদের প্রত্যেকেরই বক্তব্য, দেশের আগে শুধুমাত্র নিজের স্বার্থসিদ্ধির কথা ভেবেছিলেন ট্রাম্প। প্রাক্তন প্রেসিডেন্টের বিরুদ্ধে যাওয়ায় দলের অন্দরে সমালোচিতও হতে হয় তাঁদের।

তবে ইমপিচমেন্টের ফল তাঁর পক্ষে যাওয়ায় ২০২৪ সালের ভোটে ফের প্রেসিডেন্টের দৌড়ে লড়তে পারবেন ট্রাম্প। দ্বিতীয় দফায় হেরে গেলেও রাজনীতি থেকে তিনি যে সন্ন্যাস নিচ্ছেন না, সেই বার্তা ইতিমধ্যেই দিয়ে রেখেছেন তিনি।

জা তী য়

তিন মাস পেরিয়েও অনড় কৃষি আন্দোলন

কেন্দ্রের তিন কৃষি আইন প্রত্যাহারের দাবিতে দিল্লি সীমানায় এবং পঞ্জাব, উত্তরপ্রদেশ, হরিয়ানার মতো রাজ্যে কৃষক আন্দোলন তিন মাস পূর্ণ করল ২৬ ফেব্রুয়ারি। এই দিনটিকে 'যুবা কিষান দিবস' হিসেবে পালন করল সংযুক্ত কিষান মোর্চা।

কৃষক সম্প্রদায়ের যুবশক্তি এ দিনের ধর্না-প্রতিবাদের নেতৃত্ব দিলেন। দক্ষিণের চার রাজ্যের কৃষকদের একটি বড় দল এদিনই দিল্লি-সীমান্তে সিঙ্ঘুতে এসে পৌঁছয়। দিনভর বিভিন্ন ধর্নামঞ্চে আবেগদীপ্ত বক্তৃতা দেন কৃষক নেতারা। তাঁদের মতে, মোদী সরকারের তিন কৃষি আইন দেশের চাষিদের কাছে মৃত্যু পরোয়ানার সমান। কৃষি আইন প্রত্যাহারের দাবিতে তিন মাস ধরে চলা এই এই আন্দোলনে শহিদের সংখ্যাও ক্রমেই বাড়ছে। এদিনই সিঙ্ঘুতে নভজ্যোৎ সিংহ নামে ১৮ বছরের এক যুবকের মৃত্যু হয়। কৃষক নেতারা বারবার তাঁদের বক্তৃতায় উল্লেখ করেন, এত

শহিদের রক্ত ব্যর্থ হতে দেওয়া হবে না।

এর আগে ৬ ফেব্রুয়ারি কৃষকদের ডাকা চাক্কা জ্যাম কর্মসূচিকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। দিল্লির তিন সীমানা— সিঙ্ঘু, টিকরি ও গাজিপুরে কৃষকদের মোকাবিলা করতে সাঁজোয়া বাহিনী, কংক্রিটের বাঙ্কার, ব্যারিকেড, কাঁটাতার, রাস্তায় গজাল ও পেরেক পুঁতে রাখা ইত্যাদি নানাবিধ কৌশল নেয় কেন্দ্রীয় সরকার। যদিও কৃষক সংগঠনগুলির তরফে জানানো হয়, ট্র্যাক্টর মিছিল করে দিল্লিতে ঢোকার কোনও পরিকল্পনাই তাঁদের নেই। তবুও প্রজাতন্ত্র দিবসের অপ্রীতিকর ঘটনার পরে ঝুঁকি নেয়নি কেন্দ্র। গাজিপুর-মেরঠ হাইওয়ে, দিল্লি-হরিয়ানা সীমান্তে হাইওয়ের উপর অস্থায়ী ইট, সিমেন্টের দেওয়াল তুলে দেওয়া হয়।

অন্যদিকে, আন্তর্জাতিক স্তরে বিভিন্ন ক্ষেত্রের ব্যক্তিত্বরা ভারতের কৃষক আন্দোলনের পাশে দাঁড়ানোয় শুরু হয় বিতর্ক।

পপ-তারকা রিহানাই প্রথম কৃষক আন্দোলনের প্রেক্ষিতে দিল্লিতে ইন্টারনেট পরিষেবা বন্ধের একটি খবরের লিঙ্ক শেয়ার করে লেখেন, 'আমরা কেন এই বিষয় নিয়ে কথা বলছি না?' এর পরই কৃষকদের পাশে থাকার বার্তা দিয়ে টুইট করেন সুইডেনের পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গ, লেবানিজ-মার্কিন মিডিয়া-ব্যক্তিত্ব মিয়া খলিফা, ভারতীয় বংশোদ্ভূত মার্কিন পপ-তারকা জে শিন, ডক্টর জিউস-সহ অনেক আন্তর্জাতিক ব্যক্তিত্ব। বিষয়টিকে প্রচারের আলোয় আনার কথা বলেন আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের বোনঝি মীনা হ্যারিস। ব্রিটেনের লেবার পার্টির সাংসদ ক্লডিয়া ওয়েব লেখেন, এ বিষয়ে ব্রিটেন সরকারের বিবৃতি দাবি করে আবেদনপত্রে স্বাক্ষরকারীর সংখ্যা এক লাখ ছাড়িয়েছে। বিষয়টি তাঁরা এ বার পার্লামেন্টে তুলবেন।

আন্তর্জাতিক মহলে এই আলোড়নের মধ্যেই টুইট করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, 'কোনও প্রচারেই ভারতের ঐক্য নষ্ট হওয়ার নয়।' এর পরই প্রায় মন্ত্রীর সুরেই আন্তর্জাতিক জনমতকে 'ভারত-বিরোধী' আখ্যা দিয়ে সোশাল মিডিয়ায় প্রতিবাদ জানান লতা মঙ্গেশকর, সচিন তেন্ডুলকর, বিরাট কোহলিরা। জাতীয় ঐক্যের প্রসঙ্গ তুলে লাগাতার টুইট করতে থাকেন অনিল কুম্বলে, সাইনা নেহওয়াল, অক্ষয় কুমার, অজয় দেবগন, কৈলাস খের, সুনীল শেট্টি, কর্ণ জোহররা।

৬ ফেব্রুয়ারি তিন ঘণ্টার চাক্কা জ্যাম কর্মসূচির পরে ভারতীয় কৃষক ইউনিয়নের নেতা রাকেশ টিকায়েত বলেন, 'আমাদের দাবি যত দিন না মানা হচ্ছে আমরা ফিরব না। আমরা সরকারকে ২ অক্টোবর পর্যন্ত সময় দিয়েছি এই আইন প্রত্যাহারের জন্য।'

ভর্তুকি উঠে গেল কেরোসিনে

২ ফেব্রুয়ারি কেরোসিনের উপর থেকে ভর্তুকি পুরোপুরি তুলে নিল কেন্দ্রীয় সরকার। এর ফলে দেশের বহু মানুষ সমস্যায় পড়বেন। এতদিন দেশের গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে রেশন দোকানে কেরোসিন বিক্রি করা হত। ২০২১-২২ অর্থবর্ষে এই খাতে ভর্তুকি হিসেবে এক টাকাও বরাদ্দ করেনি কেন্দ্র।

২০১০ সালে পেট্রল, ২০১৪-তে ডিজেলের দামের উপর থেকে সরকারি নিয়ন্ত্রণ তুলে নিয়েছিল সরকার। বিনিয়ন্ত্রিত ব্যবস্থায় আন্তর্জাতিক বাজারে তেলের দাম ওঠা-নামার উপরে এখন এ দেশে পেট্রল-ডিজেলের দাম নির্ধারিত হয়। কিন্তু কেরোসিনের ক্ষেত্রে সরকার এতদিন ভর্তুকি বজায়

রেখেছিল। আগামী মে মাস থেকে তাও উঠে যাচ্ছে। এখন কেবল রান্নার গ্যাসের উপর ভর্তুকি বজায় থাকল। অবশ্য তাও গত অর্থবর্ষের তুলনায় অর্ধেক করে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ২০১৬ সাল থেকে প্রতি পক্ষকালে কেরোসিনের দাম লিটার পিছু ২৫ পয়সা করে ধারাবাহিক ভাবে বাড়িয়ে গিয়েছে তেল সংস্থাগুলি। চার বছরে মুম্বইয়ে কেরোসিনের দাম বেড়ে হয়েছে লিটার পিছু ২৩.৮ টাকা। এ রাজ্যে এখন প্রতি লিটারঁ কেরোসিনের দাম ৩৬.১২ টাকা। এখন থেকে কেরোসিনের দামও আন্তর্জাতিক বাজারে তেলের দামের ওঠা-নামার উপরে নির্ভর করবে বলে জানানো হয়েছে।

চামোলিতে হড়পা বানে মৃত ৬১

আট বছর আগে কেদারনাথ উপত্যকায় ভয়াবহ হড়পা বানের স্মৃতি উসকে দিল ৭ ফেব্রুয়ারি সকালের বদ্রীনাথ বিপর্যয়। এ বারেও দেবভূমিতে মেঘপুঞ্জ ভাঙা অতিবর্ষণ, হিমবাহের একাংশ ভেঙে নেমে আসা হড়পা বান, তার অভিঘাতে নদী সংলগ্ন বাড়িঘর-দোকানপাট-স্কুলঘর, সড়ক-সেতু মুছে যাওয়ার দৃশ্য দেখা গেল। ধ্বংস হয়ে গিয়েছে ঋষিগঙ্গা নদীতে জলবিদ্যুৎ প্রকল্প।

প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, বদ্রীনাথ যাওয়ার পথে বেসক্যাম্প হিসেবে পরিচিত জোশীমঠের উত্তরে নন্দাদেবী হিমবাহের একাংশ ভেঙে গিয়েই এই বিপত্তি ঘটেছে। গত দু'সপ্তাহে বেশ কয়েক বার চামোলি জেলায় মৃদু ভূকম্প অনুভূত হয়। এরপর ৭ ফেব্রুয়ারি ভোররাতে মেঘপুঞ্জ ভেঙে হঠাৎ শুরু হয় প্রলয়ঙ্কর বৃষ্টি, আবহবিদরা যাকে বলেন 'ক্লাউডবার্স্ট'। মনে করা হচ্ছে, ভূমিকম্পে রুদ্ধ হয়েছিল হিমবাহ গলা জলের স্বাভাবিক প্রবাহ। প্রবল বর্ষণে জমা বিপুল জলরাশি ফুলে উঠে আচমকা সেই বাধার প্রাচীর ফাটিয়ে নেমে আসে ঋষিগঙ্গা-ধৌলিগঙ্গা ধরে অলকানন্দার দিকে। ঠিক এমনটাই ঘটেছিল ২০১৩-র ১৬ জুন, কেদারনাথ মন্দিরের পিছনে অবস্থিত চোরাবারি তালে। বিপুল সেই জলভাণ্ডার ফুলে ফেঁপে মন্দাকিনীর কূল ছাপিয়ে নেমে এসে মুছে দিয়েছিল বিস্তীর্ণ জনপদকে। প্রাণ হারিয়েছিলেন অন্তত ৫,৭০০ জন।

এ দফায় যদিও ক্ষয়ক্ষতি তত বিপুল নয়। তবে, ঋষিগঙ্গা নদীকে বেঁধে জাতীয় থার্মাল পাওয়ার কর্পোরেশনের যে-জলবিদ্যুৎ প্রকল্পের আলো প্রত্যন্ত গড়বালের তপোবন-রেনি এলাকায় ঘরে ঘরে পৌঁছত, সেটি সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছে। বিদ্যুৎ কেন্দ্রটিতে সকালের শিফটে কর্মরত ১৫০ জন শ্রমিকের সকলেই বানের জলে ভেসে যান। মৃত্যু হয় কমপক্ষে ৬১ জনের। এছাড়াও জলের অভিঘাতে খড়কুটোর মতো উড়ে যায় কংক্রিটে নির্মিত ৫টি সড়ক-সেতু।

উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিংহ রাওয়াত জানান, 'বিচ্ছিন্ন হয়ে পড়া সমস্ত প্রত্যন্ত অঞ্চলে বিকেলের মধ্যেই কপ্টারে উদ্ধারকারী দল পৌঁছে গিয়েছে। আই টি বি পি-র জওয়ানেরা উদ্ধার কাজ শুরু করে দিয়েছেন। রাতের দিকে নেমেছে এন ডি আর এফ।' রাওয়ত নিজেও তপোবনে গিয়েছিলেন। জোশীমঠে একটি ৩০ শয্যার হাসপাতাল এবং শ্রীনগর, হৃষীকেশ ও দেরাদুনের বেশ কিছু হাসপাতালকেও বিপর্যয় মোকাবিলার জন্য প্রস্তুত রাখা হয়।

এক নজরে উত্তরাখণ্ডে বিপর্যয়

● **১৯৯১:** উত্তরকাশীতে ভূমিকম্প। রিখটার স্কেলে তীব্রতা

ছিল ৬.৮। মারা যান ৭৬৮ জন। ধ্বংস হয় কয়েক হাজার বাড়িঘর।

● **১৯৯৮:** মালপায় ধস। নিশ্চিহ্ন পিথোরাগড় জেলার মালপা গ্রাম। মৃত ২২৫।

● **১৯৯৯:** চামোলিতে ভূকম্প। মৃত শতাধিক। ক্ষতিগ্রস্ত রুদ্রপ্রয়াগ জেলাও।

● **২০১৩:** উত্তর ভারতে প্রাকৃতিক বিপর্যয়। মেঘভাঙা বৃষ্টিতে বন্যা, ভূমিকম্প উত্তরাখণ্ডে। মৃত ৫,৭০০ জনেরও বেশি। রাস্তাঘাট, সেতু ধ্বংস হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন। চারধাম যাত্রার জন্য আসা ৩ লক্ষ পুণ্যার্থী আটকে পড়েন।

লাদাখ নিয়ে সংসদে বক্তব্য পেশ রাজনাথ সিংহের

অবশেষে লাদাখের ভারত-চিন সীমান্তে বরফ গলার ইঙ্গিত পাওয়া গেল। পূর্ব লাদাখের প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর গত প্রায় এক বছর ধরে চোখে-চোখ রেখে দাঁড়িয়ে ছিল দু'দেশের সেনা। প্রতিরক্ষা মন্ত্রীর বক্তব্যে জানা গেল সেনা প্রত্যাহারের বিষয়ে ভারত ও চিনের মধ্যে সমঝোতা হয়েছে।

সেনা ও কূটনৈতিক পর্যায়ে গত এক বছর ধরে বৈঠক চলার পর মূলত তিনটি বিষয়কে সামনে রেখে দু'পক্ষ চুক্তিতে রাজি হয়েছে। প্রথমত, উভয় পক্ষকেই প্রকৃত নিয়ন্ত্রণরেখা মেনে চলতে হবে। দ্বিতীয়ত, কোনও পক্ষই স্থিতাবস্থা ভাঙার চেষ্টা করবে না। তৃতীয়ত, উভয় পক্ষকেই চুক্তির শর্ত মানতে হবে।

১১ ফেব্রুয়ারি ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ সংসদে জানান, চিনের সঙ্গে ভারতের যে-সমঝোতা হয়েছে, তার জেরে প্যাংগং লেক এলাকা থেকে ধাপে ধাপে সেনা প্রত্যাহার করে নেবে দু'দেশ। রাজনাথের দাবি, এই চুক্তির ফলে ভারতের এক ইঞ্চি জমি হারাতে হয়নি। মন্ত্রী বলেন, প্যাংগং লেকের উত্তর দিক থেকে ফিঙ্গার আটের পূর্ব দিকে চিনা সেনা পিছিয়ে যাবে, অন্য দিকে ভারত এখন থেকে ফিঙ্গার তিনের ধ্যান সিংহ থাপা পোস্টে স্থায়ী ভাবে ঘাঁটি গাড়বে। একই সূত্র মেনে সেনা প্রত্যাহার করা হবে প্যাংগং লেকের দক্ষিণ থেকেও।

পুরো চুক্তিটি ব্যাখ্যা করে রাজনাথ সিংহ আরও বলেন, চুক্তি অনুযায়ী উভয় পক্ষই ফিঙ্গার তিন থেকে ফিঙ্গার আট পর্যন্ত এলাকা 'বাফার জোন' হিসেবে মেনে নিয়েছে। ওই এলাকায় দু'পক্ষই টহলদারি চালাবে না। একই সঙ্গে প্যাংগং লেকের উত্তর ও দক্ষিণ প্রান্তে দু'দেশ যে-সেনা পরিকাঠামো গড়ে তুলেছে তাও সরিয়ে ফেলা হবে।

যদিও চিনের কাছে জমি না হারানো প্রসঙ্গে প্রতিরক্ষা মন্ত্রীর বক্তব্য তুষ্ট করতে পারেনি বিশেষজ্ঞদের একাংশকে। রাজনাথ সিংহের বক্তব্য বিশ্লেষণ করে তাঁদের পালটা যুক্তি, প্রতিরক্ষামন্ত্রীর বক্তব্য অনুযায়ী ফিঙ্গার তিন থেকে আট পর্যন্ত, আগে যেখানে ভারতীয় সেনা টহল দিতে পারত, তা 'বাফার জোন'-এ পরিণত করা হয়েছে। ফলে কেবল প্যাংগং লেকের উত্তরেই আট কিলোমিটার এলাকা হারাতে চলেছে ভারত।

উল্লেখ্য, গত বছর উভয় পক্ষের সংঘর্ষের আগে পর্যন্ত ফিঙ্গার আট পর্যন্ত এলাকায় টহলদারি চালাত ভারতীয় সেনা। ফিঙ্গার আটকেই ভারত-চিনের প্রকৃত নিয়ন্ত্রণরেখা হিসেবে গণ্য করা হত। কিন্তু রাজনাথ সিংহের বক্তব্য থেকে স্পষ্ট, বর্তমানে ফিঙ্গার তিনে ভারতের গতিবিধি সীমাবদ্ধ হতে চলেছে।

এ নিয়ে সোচ্চার হয়েছে বিরোধীরা।

ধাপে ধাপে সেনা প্রত্যাহার কত দিন ধরে চলবে তা নিয়ে নীরব উভয় দেশই। এদিন প্রতিরক্ষামন্ত্রীর বিবৃতির পরে ভারতীয় সেনার প্রকাশ করা একটি ভিডিওতে দেখা গিয়েছে ভারতীয় ও চিনা সেনা সীমান্ত এলাকা থেকে ট্যাঙ্ক সরিয়ে নিচ্ছে।

টুলকিট-কাণ্ডে দিশা রবির গ্রেপ্তারি ঘিরে সরগরম দেশ

কৃষক আন্দোলনের সমর্থনে গ্রেটা থুনবার্গের শেয়ার করা 'টুলকিট' সমাজ মাধ্যমে ছড়িয়ে দেওয়ায় ১৩ ফেব্রুয়ারি বেঙ্গালুরুর পরিবেশকর্মী দিশা রবিকে জামিন অযোগ্য বিভিন্ন ধারায় গ্রেপ্তার করল দিল্লি পুলিশ। তাঁর পাঁচ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেয় আদালত।

কৃষক আন্দোলনের সমর্থনে টুইট করে একটি 'টুলকিট' ব্যবহার করেছিলেন সুইডেনের পরিবেশকর্মী গ্রেটা

থুনবার্গ। বস্তুত এই 'টুলকিট' একটি নির্দেশিকার মতো, যেখানে কৃষক আন্দোলনে যোগ দেওয়ার উপায় থেকে শুরু করে সেই সংক্রান্ত আরও নানা খুঁটিনাটি তথ্য দেওয়া হয়েছে। কৃষক আন্দোলনে অংশ নিতে ইচ্ছুকরা এর মাধ্যমে আন্দোলনে যোগ দেওয়ার যাবতীয় উপায় জানতে পারবেন।

অভিযোগ, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয় নিয়ে কাজ করা সংস্থা 'ফ্রাইডেস ফর ফিউচার'-এর সঙ্গে যুক্ত ২১ বছরের দিশা ওই 'টুলকিট'টি এডিট করে সমাজ মাধ্যমে প্রচার করেছিলেন।

উল্লেখ্য, প্রজাতন্ত্র দিবসের দিন কৃষকদের ট্র্যাক্টর মিছিলের দরুন রাজধানীর রাজপথে উত্তেজনা তৈরি হওয়ার পর কৃষক আন্দোলন নিয়ে থুনবার্গের টুলকিট-সহ টুইট সারা বিশ্বের নজর কাড়ে। গত ৪ ফেব্রুয়ারি ওই টুইটের জন্য গ্রেটার বিরুদ্ধে মামলা করে দিল্লি পুলিশ। দিল্লি পুলিশের স্পেশ্যাল কমিশনার পরভিন রঞ্জন বলেন, ২৬ জানুয়ারি ট্র্যাক্টর মিছিলকে কেন্দ্র করে রাজধানীতে উত্তেজক পরিস্থিতির কারণ খতিয়ে দেখলে বোঝা যাবে, পুরো ঘটনাটিই পরিকল্পনামাফিক ঘটানো হয়েছে। সরকারের বিরুদ্ধে অসন্তুষ্টি ছড়িয়ে দেওয়ার জন্য বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সামাজিক, ধর্মীয় বিভেদ তৈরির পরিকল্পনাকে সফল করতে এই টুলকিট ব্যবহার করা হয়েছে।।

প্রাথমিকভাবে দিল্লি পুলিশ বলেছিল, ওই 'টুলকিট'টি 'পোয়েটিক জাস্টিস ফাউন্ডেশন' নামে একটি খলিস্তানপন্থী দলের তৈরি করা। যদিও এই দাবির সমর্থনে কোনও প্রমাণ দাখিল করেনি দিল্লি পুলিশ। তাদের যুক্তি, ভারতের সেই টুলকিট সম্পাদনা ও শেয়ার করে দিশা এবং অন্য দুই অভিযুক্ত নিকিতা জ্যাকব ও শান্তনু মুলুক আসলে খলিস্তানিদের মদত দিয়েছেন। ফলে, রাষ্ট্রদ্রোহ, অপরাধমূলক ষড়যন্ত্রের ছক কষা ও বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিদ্বেষ ছড়ানোর দায়ে মামলা করা হয় দিশার বিরুদ্ধে।

আদালতে দিশা জানান, কৃষক আন্দোলনের তথ্য নিয়ে তৈরি গ্রেটা-র টুলকিটটিতে তিনি সামান্য তথ্য সংযোজন করে শেয়ার করেছেন মাত্র। কারণ, তিনি মনে করেন ন্যায্য দাবিতে আন্দোলন করছেন কৃষকেরা।

দিশা রবির গ্রেপ্তারিকে ঘিরে নিন্দা ও প্রতিবাদের ঝড় ওঠে সর্বত্র।

শেষ পর্যন্ত ২৩ ফেব্রুয়ারি সেশনস কোর্টে জামিন পান রবি। বিচারক ধর্মেন্দ্র রাণা বলেন, গণতান্ত্রিক দেশে নাগরিকরা সরকারের বিবেক। রাষ্ট্রীয় নীতির সঙ্গে একমত নন, কেবল এই সামান্য কারণে তাঁদের গারদে রাখা যায় না।

মধ্যপ্রদেশে খালে বাস পড়ে মৃত ৪৭

খালে বাস পড়ে মধ্যপ্রদেশের সীধী জেলায় মৃত্যু হল ৪৭ জনের। ১৬ ফেব্রুয়ারি সকাল সাড়ে আটটা নাগাদ নিয়ন্ত্রণ হারিয়ে পাটনা গ্রামের কাছে বানগঙ্গা বাঁধের একটি খালে পড়ে যায় যাত্রিবাহী বাসটি।

বাসটি সীধী থেকে সাতনা যাচ্ছিল। স্থানীয় বাসিন্দারা জানান, ৩০ ফুট গভীর খালে পড়ে সেটি সম্পূর্ণ ডুবে যায়। পুলিশ জানিয়েছে, বাসটিতে মোট ৫৪ জন যাত্রী ছিলেন। ২০ জন মহিলা ও এক জন শিশু-সহ মোট ৪৭ জনের দেহ উদ্ধার করা হয়েছে। জীবন্ত অবস্থায় উদ্ধার করা গেছে ৭ জন আরোহীকে।

জলের গভীরে এমন ভাবে তলিয়ে গিয়েছিল বাসটি যে, সেটিকে খুঁজে পেতেই প্রায় দু'ঘণ্টা সময় লেগে যায় ডুবুরিদের। পরে দু'টি ক্রেন এনে তোলা হয় বাসটিকে। বানগঙ্গা বাঁধ থেকে জল ছাড়া বন্ধ করে দেওয়া হলে উদ্ধারকাজে গতি আসে। এদিন সকাল থেকে প্রায় পাঁচ ঘণ্টা ধরে উদ্ধারকাজ চালায় রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী।

ঘটনার বিষয়ে জানা মাত্র টুইট করে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির প্রতি সমবেদনা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শোক প্রকাশ করেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিংহ চৌহান। মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছেন নরেন্দ্র মোদী। গুরুতর আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়া হবে। মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন শিবরাজ সিংহ চৌহান।

পুদুচেরিতে পতন কংগ্রেস সরকারের

২২ ফেব্রুয়ারি পুদুচেরিতে কংগ্রেস সরকারের পতন হল। কংগ্রেস এবং শরিক ডি এম কে মিলিয়ে শাসক জোটের ৬ মন্ত্রী ও বিধায়ক দল ছাড়ায় পুদুচেরির জোট সরকার সংখ্যালঘু হয়ে পড়ে। এর ফলে দক্ষিণ ভারতের কোনও রাজ্যেই কংগ্রেসের সরকার রইল না।

মন্ত্রী-বিধায়কদের দলত্যাগের জেরে এদিন বিধানসভায় আস্থাভোটে অবতীর্ণ হত হয় মুখ্যমন্ত্রী ভি নারায়ণস্বামীর

জোট সরকারকে। সেখানেই সরকারের পতন অনিবার্য হয়ে ওঠে।

উল্লেখ্য, ৩৩ আসন বিশিষ্ট পুদুচেরি বিধানসভায় কংগ্রেস ১৫টি আসনে জিতে ক্ষমতায় এসেছিল। সঙ্গে ছিল ডি এম কে-র ৩ জন বিধায়ক ও এক নির্দলের সমর্থন। প্রথমে কংগ্রেসের এক বিধায়ককে দলবিরোধী কাজকর্মের জন্য বরখাস্ত করা হয়। পরে কংগ্রেস-ডি এম কে মিলিয়ে আরও ৬* জন পদত্যাগ করেন। ফলে শাসক জোটের বিধায়ক সংখ্যা ১২-তে নেমে আসে।

দলত্যাগীদের মধ্যে দু'জন ইতিমধ্যেই বি জে পি-তে যোগ দিয়েছেন। বাকিদেরও সেই পথে হাঁটার সম্ভাবনা। বিধানসভার তিন মনোনীত বিধায়কও বি জে পি-তে যোগ দিয়েছেন।

দেশে মাত্র তিন রাজ্যে কংগ্রেসের সরকার রইল— রাজস্থান, পঞ্জাব ও ছত্তিসগঢ়ে। মহারাষ্ট্র ও ঝাড়খণ্ডে কংগ্রেস জোট সরকারের শরিক হলেও বিধায়ক সংখ্যার বিচারে তাদের শক্তি তুলনায় কম।

ইসরো-র 'পোলার স্যাটেলাইট'-এর সফল উৎক্ষেপণ

১৯টি স্যাটেলাইট নিয়ে ২৮ ফেব্রুয়ারি মহাকাশে রওনা হল ইসরোর 'পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল-সি৫১'।

এদিন সকাল ১০টা ২৪ মিনিটে শ্রীহরিকোটার সতীশ ধবন স্পেস সেন্টার থেকে সফল ভাবে উৎক্ষেপণ করা হয় পি এস এল ভি-সি৫১ নামের রকেটটি। যে ১৯টি স্যাটেলাইট নিয়ে পি এস এল ভি-সি৫১ রওনা হল, তার অন্যতম ছিল ব্রাজিলের অ্যামাজনিয়া-১। এই প্রথম ব্রাজিলের কোনও স্যাটেলাইট মহাকাশে নিয়ে গেল ইসরো। 'আমাজনিয়া-১' একটি 'অপটিক্যাল আর্থ অবজারভেশন' উপগ্রহ। আমাজনের জঙ্গলে কমতে থাকা সবুজের উপর নজর রাখতে সাহায্য করবে এই কৃত্রিম উপগ্রহটি। এটির ওজন ৬৩৭ কেজি।এদিন স্যাটেলাইট উৎক্ষেপণের সময় সতীশ ধবন মহাকাশ কেন্দ্রে উপস্থিত ছিল ব্রাজিলের বিজ্ঞানীদের একটি প্রতিনিধি দল। ছিলেন ইসরো-র প্রধান কে শিবন।

ইসরো-র তরফে জানানো হয়েছে, পি এস এল ভি-সি৫১-র মাধ্যমে আর যেসব কৃত্রিম উপগ্রহ মহাকাশে পাঠানো হল, সেগুলির মধ্যে উল্লেখযোগ্য 'ইউনিটিস্যাট', যেটি যৌথ ভাবে তৈরি করেছে 'ইন্ডিয়ান অ্যাকাডেমিক ইনস্টিটিউটস' এবং 'স্পেস কিডজ ইন্ডিয়া'। এই স্যাটেলাইটটি মহাকাশের বিকিরণ পর্যবেক্ষণ ছাড়াও অন্য কাজ করবে।

সংবাদসংস্থা পি টি আই জানিয়েছে, 'ইউনিটিস্যাট'-এ নরেন্দ্র মোদীর একটি ছবি খোদাই করা হয়েছে। এছাড়াও রকেটের নীচের প্যানেলে খোদাই করা আছে ইসরো-প্রধান শিবন এবং ইসরোর সচিব আর উমামহেশ্বরণের নাম।

অ র্থ নী তি

কেন্দ্রীয় বাজেট পেশ করলেন নির্মলা সীতারামন

কোভিড-বছরে দেশের অর্থনীতির পাশাপাশি রাজকোষেরও বেহাল দশা হয়েছে, একথা স্বীকার করে নিল কেন্দ্রীয় সরকার। কিন্তু অতিমারি আর লকডাউনের জোড়া ফলায় মন্দাগ্রস্ত অর্থনীতিকে চাঙ্গা করতে উপযুক্ত কোনও দাওয়াই-ই বাজেটে পেশ করতে পারলেন না নির্মলা সীতারামন। ১ ফেব্রুয়ারি বাজেটে 'রেকর্ড' খরচের কথা ঘোষণা হল। কিন্তু বাস্তবে সরকারি খরচ বিশেষ বাড়ল না।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছিলেন, এ বছর 'অভূতপূর্ব' বাজেট পেশ করবেন তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছিলেন, কোভিড ও লকডাউনের পরে অর্থনীতিকে চাঙ্গা করার প্রক্রিয়া শুরু হয়েছিল 'আত্মনির্ভর প্যাকেজে'। তাকে 'মিনি বাজেট' তকমা দিয়ে তাঁর দাবি ছিল, সেই ধারা বজায় রেখেই বাজেট পেশ করা হবে। ১ ফেব্রুয়ারি সংসদে বাজেট পেশের পরে অর্থনীতি আদৌ ঘুরে দাঁড়াবে কি না, তাই নিয়েই অর্থনীতিবিদরা সন্দেহ প্রকাশ করলেন।

এক ঝলকে বাজেটের মূল অভিমুখ এরকম—

● বাজারের চাহিদা বাড়াতে অর্থনীতিবিদদের পরামর্শমেনে গরিব-নিম্নবিত্তদের হাতে টাকা তুলে দেওয়ার রাস্তায় অর্থমন্ত্রী হাঁটেননি। মধ্যবিত্ত, চাকুরিজীবীকেও আয়করে সুরাহা করে দেননি।

● অর্থমন্ত্রী ভরসা রেখেছেন পরিকাঠামোয়। তাঁর আশা, পরিকাঠামোয় খরচ বাড়ানোয় কাজের সুযোগ তৈরি হবে। লকডাউনে রুজিরুটি হারানো মানুষ কাজ ফিরে পাবেন। এর ফলে বাজারে চাহিদা তৈরি হবে। অর্থনীতিও ধীরে ধীরে মুখ তুলবে।

● রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ও সংস্থার বেসরকারিকরণের ঘোষণা করা হয়েছে বাজেটে।বিমা ক্ষেত্রে ৭৪ শতাংশ পর্যন্ত বিদেশি লগ্নির দরজা খুলে দেওয়া হয়েছে। কৃষি ক্ষেত্র ও শ্রম আইনের সংস্কার করা হয়েছে। আশা করা হয়েছে, এর সব ক্ষেত্রেই শিল্পপতিরা বিপুল লগ্নি করবেন এবং আগামী বছর রাজস্ব আয় যথেষ্ট বাড়বে। অর্থমন্ত্রী মনে করছেন, এ বছরের মাত্রাছাড়া রাজকোষ ঘাটতি (জি ডি পি-র ৯.৫ শতাংশ, লক্ষ্যমাত্রা ছিল ৩.৫ শতাংশ) আগামী অর্থবর্ষে অনেকটাই কমিয়ে আনতে পারবেন (৬.৮ শতাংশ)।

বাস্তবে দেখা যাচ্ছে—

● কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন, পরিকাঠামোয় তিনি বিপুল

খরচ করবেন, যার পরিমাণ ৫.৫৪ লক্ষ কোটি টাকা। কিন্তু দেখা যাচ্ছে, চলতি বছরের তুলনায় পরিকাঠামোয় খরচ বাড়ছে মাত্র ১.১৫ লক্ষ কোটি টাকা।

● সরকারের ব্যয়সংকোচ থেকে রাজকোষ ঘাটতি পূরণ হলেও, সাধারণ মানুষের উপর তার নেতিবাচক প্রভাব বিষয়ে অর্থনীতিবিদরা চিন্তিত। তাঁদের চিন্তার কারণ, বাজেটে রাজস্ব খাতে প্রায় ৮২ হাজার কোটি টাকা খরচ কমানো হয়েছে। কেন্দ্রীয় প্রকল্প-সহ অন্যান্য ক্ষেত্রে বরাদ্দ কমেছে প্রায় ৩.৭৫ লক্ষ কোটি টাকা। রান্নার গ্যাস, সার, খাদ্যে ভর্তুকি কমেছে। লকডাউনের পর বিনামূল্যে বাড়তি চাল-গম বিলিতে যে-খরচ হয়েছিল, বিলি বন্ধ হওয়ায় খরচ এমনিতেই কমে গিয়েছে। লকডাউনে গ্রামে ফেরা মানুষের ভরসা একশো দিনের কাজ, পি এম কিষান প্রকল্পেও বরাদ্দ ছাঁটাই করা হয়েছে।

শিক্ষা

গত বছরের তুলনায় প্রায় ৬.১৩ শতাংশ বাজেট বরাদ্দ কমানো হল শিক্ষাখাতে। গত বছর বরাদ্দ করা হয়েছিল ৯৯ হাজার ৩১২ কোটি টাকা। এ বারে ৮৫ হাজার ৮৯ কোটি টাকা। বাজেটে অর্থমন্ত্রী জাতীয় শিক্ষানীতি কার্যকর করতে দেশের ১৫ হাজার স্কুলের পরিকাঠামো উন্নত করার কথা জানান। ঘোষণা করা হয়েছে, আদিবাসী এলাকায় ৭৫০টি একলব্য আবাসিক স্কুল তৈরি করা হবে। প্রতিটি একলব্য আবাসিক স্কুল তৈরির জন্য খরচ ২০ কোটি থেকে বাড়িয়ে ৩৮ কোটি টাকা করা হবে। পাহাড়ি এলাকায় স্কুল তৈরির জন্য বরাদ্দ হয়েছে ৪৮ কোটি টাকা।

প্রতিরক্ষা

গত ন'মাস ধরে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় চিনের সঙ্গে যুদ্ধ-পরিস্থিতির প্রেক্ষিতে আশা করা গিয়েছিল প্রতিরক্ষা খাতে ব্যয়বরাদ্দ যথেষ্ট বাড়ানো হবে। বাস্তবে দেখা গেল, গত বছরের তুলনায় তা বেড়েছে সামান্যই। প্রতিরক্ষা খাতে এ বছরের বরাদ্দ ৪.৭৮ লক্ষ কোটি টাকা। গত বাজেটে এই খাতে বরাদ্দ ছিল ৪.৭১ লক্ষ কোটি টাকা। এই বরাদ্দের মধ্যে উল্লেখযোগ্য অস্ত্র ও সরঞ্জাম কেনার জন্য ১.৩৫ লক্ষ কোটি টাকা (গত বাজেটে ধরা হয়েছিল ১.১৩ লক্ষ কোটি টাকা)। গত বছর প্রতিরক্ষাকর্মীদের পেনসন খাতে বরাদ্দ হয়েছিল ১.৩৩ লক্ষ কোটি টাকা। এ বারে তা কমিয়ে করা হয়েছে ১.১৫ লক্ষ কোটি টাকা।

ব্যাঙ্ক ও বিমা সংস্থা

বাজেটে অর্থমন্ত্রী জানিয়েছেন, আই ডি বি আই ব্যাঙ্ক ছাড়াও দু'টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক এবং একটি সাধারণ বিমা সংস্থার বেসরকারিকরণ করা হবে। বাজারে এল আই সি-র শেয়ার ছাড়তে প্রয়োজনীয় আইনি সংশোধনী আনা হবে চলতি অধিবেশনে। বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী স্পষ্ট জানান, এর জন্য রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারের অংশীদারি বিক্রি, বেসরকারিকরণ এবং সম্পদ ভাড়া দিতে বা বিক্রি করতে পিছপা হবে না কেন্দ্রীয় সরকার।

কর

অপরিবর্তিত রইল করের হার। কর ছাড়ের সুবিধার চৌহদ্দি বাড়ল না বাড়তি সঞ্চয়েও। উলটে কৃষি পরিকাঠামো উন্নয়ন সেস চাপল পেট্রল, ডিজেল, সোনা, রুপোয়। যদিও তাতে দাম বাড়বে না বলেই সরকারের দাবি।

প্রাপ্তি বলতে, ৭৫ বছর এবং তার বেশি বয়সের পেনশন ও সুদ নির্ভর নাগরিকদের আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা থেকে মুক্তি দেওয়া হল আর আমজনতার রোজগারে চাপানো হল না কোভিড সেস।

বাজেটে ঘোষণা করা হয়েছে, শেয়ার বাজারের সঙ্গে যুক্ত জীবন বিমা প্রকল্প ইউলিপের মেয়াদ পূর্ণ হলে তবেই তার পুরো টাকায় কর ছাড় পাওয়া যাবে, যদি বিমাকারীর বার্ষিক প্রিমিয়ামের অঙ্ক ২.৫ লক্ষ টাকার বেশি না হয়। বিমাকারী মারা গেলে শুধু এই শর্ত বলবৎ হবে না।

স্বাস্থ্য

সরকারের দাবি, এবার বাজেটে স্বাস্থ্য খাতে ১৩৭ শতাংশ বৃদ্ধি করা হয়েছে, যা একটি যুগান্তকারী সিদ্ধান্ত। অর্থমন্ত্রী জানিয়েছেন, এই বরাদ্দের পরিমাণ ২,২৩,৮৪৬ কোটি টাকা। ২০২০-২১ অর্থবর্ষে এই খাতে ৯৪,৪৫২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল।

তবে এই পরিসংখ্যান নিয়েও বিতর্ক রয়েছে। বস্তুত, গণ-টিকাকরণ, রাজ্যগুলিকে স্বাস্থ্য খাতে অনুদান, পানীয় জল ও নিকাশি, পুষ্টি অভিযানের বরাদ্দের টাকাও স্বাস্থ্য খাতে ধরা হয়েছে। এ ছাড়া 'প্রধানমন্ত্রী আত্মনির্ভর স্বাস্থ্যভারত যোজনা' নামে একটি নতুন প্রকল্পেরও ঘোষণা করেন অর্থমন্ত্রী। বিশেষজ্ঞদের অভিমত, চলতি বছরে যেখানে স্বাস্থ্য খাতে ৮২,৪৪৫ কোটি টাকা খরচ হতে চলেছে, সেখানে আগামী অর্থবর্ষে প্রকৃত অর্থে স্বাস্থ্যখাতে বরাদ্দ করা হয়েছে ৭৪,৬০২ কোটি টাকা। অর্থাৎ প্রায় আট হাজার কোটি টাকা কম।

পরিস্রুত জল বণ্টন

বাজেটে দেশের ৪,৩৭৮টি পুরসভার ২.৮৬ কোটি ট্যাপ-সংযুক্ত 'হাউসহোল্ডে' (এক ঠিকানায় বসবাসকারী) পরিস্রুত পানীয় জল সরবরাহের কথা ঘোষণা করেন অর্থমন্ত্রী। এই ঘোষণাকে স্বাগত জানিয়েছেন পরিবেশকর্মীরা। বাজেটে 'ইউনিভার্সাল কভারেজ অব ওয়াটার সাপ্লাই'-এর উল্লেখ এবং সে কারণে 'জল জীবন মিশন' প্রকল্পের ঘোষণা পরিস্রুত পানীয় জলের গুরুত্বকেই ফের তুলে ধরেছে।

মূলধনী ব্যয়

দেশের পরিকাঠামো নির্মাণের জন্য আগামী অর্থবর্ষে বাজেটে মূলধনী খাতে ব্যয় বাড়িয়ে ৫.৫৪ লক্ষ কোটি টাকা করার প্রস্তাব দিয়েছেন নির্মলা সীতারামন। তিনি জানিয়েছেন, গত অর্থবর্ষের তুলনায় এই খাতে ব্যয় ৩৪.৫ শতাংশ বাড়াতে চায় কেন্দ্র। এদিন বাজেট বক্তৃতায় 'ন্যাশনাল ইনফ্রাস্ট্রাকচার পাইপলাইন'-এর লক্ষ্যপূরণের জন্য প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি ও সম্পদ থেকে আয়ের উপরে জোর দেন তিনি।

একশো দিনের কাজ ও পি এম কিষান

বাজেটে পি এম কিষান এবং একশো দিনের কাজ প্রকল্পে বরাদ্দ ছাঁটাই করা হয়েছে। তবে কৃষি পরিকাঠামো তৈরির জন্য ১ লক্ষ কোটি টাকার তহবিল গড়ার প্রস্তাব করা হয়েছে বাজেটে। সেই তহবিল গড়তে পেট্রলে লিটার পিছু আড়াই টাকা ও ডিজেলে লিটার পিছু ৪ টাকা সেস চাপানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত বছর পি এম কিষানে বরাদ্দ ছিল ৭৫ হাজার কোটি টাকা। এ বার বরাদ্দ কমিয়ে করা হয়েছে ৬৫ হাজার কোটি টাকা। একশো দিনের

কাজ প্রকল্পে গত বছর বরাদ্দ ছিল ১ লাখ ১৫ হাজার কোটি টাকা। এ বছর কমিয়ে করা হয়েছে ৭৩ হাজার কোটি টাকা।

পশ্চিমবঙ্গের কোন খাতে কত

- **ফুলপুর-হলদিয়া গ্যাস পাইপলাইন:** ২৫০ কোটি (আগে ছিল ৭২৮.০৩ কোটি)
- **ফরাক্কা ব্যারেজ:** ৫৩ কোটি (আগে ছিল ৩৮.৮৫ কোটি)
- **কলকাতা মেট্রো রেল কর্পোরেশন:** ৯০০ কোটি (আগে ছিল ৭০০* কোটি)
- **ভ্যারিয়েবল এনার্জি সাইক্লোট্রোন সেন্টার:** ১৩৯.১০ কোটি টাকা (আগে ছিল ১৩১.৩৬ কোটি)
- **অ্যানথ্রোপলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া:** ৪৭.৪১ কোটি (আগে ছিল ৩৪.৯৭ কোটি)
- **বোটানিক্যাল সার্ভে অব ইন্ডিয়া:** ৭৮ কোটি (আগে ছিল ৭১.১৩ কোটি)
- **জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া:** ৬৬৭.৭১ কোটি (আগে ছিল ৬২৮.৬০ কোটি)
- **জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া:** ৮২ কোটি (আগে ছিল ৬৯.৩২ কোটি)
- **হিন্দুস্তান কেবলস:** ১ লক্ষ কোটি (আগেও ছিল ১ লক্ষ কোটি)
- **ব্রিজ অ্যান্ড রুফ:** ২৫ কোটি (আগেও ছিল ২৫ কোটি)
- **ব্রেথওয়েট বার্ন জেশপ:** ১ কোটি (আগেও ছিল ১ কোটি)
- **এস আর এফ টি আই:** ৮৭.৯২ কোটি (আগে ছিল ৪৫.৩৫ কোটি)
- **কোল ইন্ডিয়া:** ১৪,৬৮৫ কোটি (আগে ছিল ১০ হাজার কোটি)
- **শ্যামাপ্রসাদ মুখার্জি পোর্ট:** ২১৩.৩২ কোটি (আগে ছিল ১৪৯.৮৪ কোটি)
- **গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স:** ১,০৩২ কোটি (আগে ছিল ৯৭৮ কোটি)

এক নজরে

দাম বাড়তে পারে: আমদানি করা তুলো, কাঁচা রেশম, চিংড়ি ও মাছের খাবার, ইথাইল অ্যালকোহল, পলিকার্বোনেট, কার্বন ব্ল্যাক, মদ, নির্দিষ্ট কিছু পালিশ করা দামি পাথর, মোবাইলের যন্ত্রাংশ, চার্জার, গাড়ির যন্ত্রাংশ, বিভিন্ন ধরনের চামড়া, টানেল বোরিং মেশিন ও তার যন্ত্রাংশ, সোলার ইনভেন্টর ও ল্যাম্প, লিথিয়াম আয়ন ব্যাটারি তৈরির কাঁচামাল, ফ্রিজ ও এয়ার কন্ডিশনারের কম্প্রেসর, এল ই ডি লাইটের যন্ত্রাংশ, স্ক্রু ও নাটবল্টু, কাবলি ছোলা, ইউরিয়া।

দাম কমতে পারে: আমদানি করা সোনা ও রুপো, প্ল্যাটিনাম, ন্যাপথা, নাইলন চিপ, নাইলন ফাইবার, ইস্পাতের বেশ কিছু পণ্য, প্রতিরক্ষায় ব্যবহৃত বিমানের যন্ত্রাংশ, সিনেমায় ব্যবহৃত পোশাক-সহ বিভিন্ন পণ্য।

৫০ হাজারে থিতু হয়ে নজির সূচকের

এর আগে ৫০,০০০ ছুঁয়েও নেমে এসেছিল সেনসেক্স। ৩ ফেব্রুয়ারি আর তা হল না। ইতিহাস গড়ে এই প্রথম দিনের শেষে সেনসেক্স দৌড় শেষ করল ৫০ হাজার পেরিয়ে। সেই সঙ্গে বন্ধ হল বাজেটের আগে সূচকের ক্রমাগত নেমে আসার প্রবণতা। বাজারে ফেরত এল ১০.৪৮ লক্ষ কোটি টাকা।

গত ২১ জানুয়ারি ৫০,০০০-এর গণ্ডিতে ঢুকেও নেমে এসেছিল সেনসেক্স। তার পরে বাজেটের আগে টানা ছ'টি লেনদেনের দিনে সূচকটি খুইয়েছিল ৩,৫০৬ পয়েন্ট। বিদেশি লগ্নিকারী সংস্থাগুলি তুলে নিয়েছিল ১২,০০০ কোটি টাকার পুঁজি। কিন্তু পর পর তিন দিনে সূচক ৪০০০ পয়েন্ট বৃদ্ধি পায়।

১ ফেব্রুয়ারি ২৩১৪.৮৪ পয়েন্ট উঠে ৪৮,৬০০.৬১ অঙ্কে থামে সেনসেক্স। নিফ্‌টি ৬৪৬.৬০ পয়েন্ট উঠে বন্ধ হয় ১৪,২৮১.২০ অঙ্কে। ২ ফেব্রুয়ারি ১১৯৭.১১ পয়েন্ট বাড়ে সেনসেক্স, থিতু হয় ৪৯,৭৯৭.৭২ অঙ্কে। নিফ্‌টি ৩৬৬.৬৫ পয়েন্ট বেড়ে থামে ১৪,৬৮৭.৮৫ অঙ্কে। এর পর ৩ ফেব্রুয়ারি ৪৫৮.০৩ পয়েন্ট এগিয়ে সেনসেক্স থামে ৫০,২৫৫.৭৫ অঙ্কে। এদিন একসময় ৫০,৫২৬.৩৯ অঙ্ক ছুঁয়ে ফেলেছিল সূচকটি। দিনের উচ্চতার নিরিখে যা আরও এক রেকর্ড। ১৫,০০০ অঙ্কের দোরগোড়ায় পৌঁছয় নিফ্‌টি-ও। ১৪২.১০ পয়েন্ট উঠে তার নতুন শিখর ১৪,৭৮৯.৯৫।

সদ্য পেশ করা বাজেটে বিলগ্নিকরণের দরজা হাট করে খুলে দেওয়াতেই বাজার মাথা তুলেছে বলে মত বিশেষজ্ঞদের। বাজেটে পরিকাঠামো খাতে বিপুল বরাদ্দ ঘোষণা করেছে কেন্দ্র। তাতে কর্মসংস্থানের পাশাপাশি নগদের জোগান বাড়তে পারে বাজারে। সেই সম্ভাবনা উৎসাহ জুগিয়েছে লগ্নিকারীদের। তাছাড়া, সংশ্লিষ্ট মহলের মতে, গত বারের বাজেটে বিমা শিল্পের ব্রোকার, ডিস্ট্রিবিউটর, উপদেষ্টার মতো মধ্যস্থতাকারীদের ক্ষেত্রে ১০০ শতাংশ বিদেশি লগ্নির রাস্তা খুলে দিয়েছিলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। এ বার আরও এক ধাপ এগিয়ে বিমা ক্ষেত্রে প্রত্যক্ষ বিদেশ লগ্নির (এফ ডি আই) ঊর্ধ্বসীমা ৪৯ শতাংশ থেকে বাড়িয়ে শর্তসাপেক্ষে ৭৪ শতাংশ করেছেন তিনি। সেই পদক্ষেপই শেয়ার বাজারে অক্সিজেন জুগিয়েছে।

সুদের হার অপরিবর্তিত রাখল আর বি আই

৫ ফেব্রুয়ারি ঋণনীতি ঘোষণায় সুদের হার অপরিবর্তিত রাখল দেশের শীর্ষ ব্যাঙ্ক। সেই সঙ্গে মূল্যবৃদ্ধির পূর্বাভাসও উল্লেখযোগ্য ভাবে কমিয়ে দিল।

রিজার্ভ ব্যাঙ্কের ইঙ্গিত, মূল্যবৃদ্ধির হার আগামী দিনে তেমন বাড়বে না। সেই কারণে চলতি অর্থবর্ষের জানুয়ারি-মার্চ ত্রৈমাসিকে মূল্যবৃদ্ধির পূর্বাভাস ৫.৮ শতাংশ থেকে কমিয়ে এদিন ৫.২ শতাংশ করেছে তারা। পাশাপাশি, খুচরো মূল্যবৃদ্ধির হার পরের অর্থবর্ষের প্রথমার্ধে (এপ্রিল-সেপ্টেম্বর) ৫ শতাংশ এবং অক্টোবর-ডিসেম্বর অর্থবর্ষে ৪.৩ শতাংশ হতে পারে বলে ধারণা শীর্ষ ব্যাঙ্কের।

তবু এদিন রেপো রেট (রিজার্ভ ব্যাঙ্ক যে-হারে স্বল্প মেয়াদে বাণিজ্যিক ব্যাঙ্ককে সুদ দেয়) কমায়নি শীর্ষ ব্যাঙ্ক। এই নিয়ে টানা চার বার রেপো রেট ৪ শতাংশে ধরে রাখা হল।

অতিমারির জেরে ধুঁকতে অর্থনীতির হাল ফেরাতে রাজকোষ ঘাটতিকে তোয়াক্কা না করে বাজেটে বড় মাত্রায় খরচের পথে হেঁটেছে কেন্দ্র। এর ফলে রাজকোষ ঘাটতি বাড়ার সম্ভাবনা থাকছে। সংশ্লিষ্ট মহলের দাবি, এতখানি

ঘাটতি বইতে হলে মূল্যবৃদ্ধির হার আগামী দিনে বাড়বে না, এমন কথা বলা যাচ্ছে না। ফলে এখনই কোনও ঝুঁকি নিতে চাইছে না শীর্ষ ব্যাঙ্কও। রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাসও অর্থনীতিকে চাঙ্গা করার যুক্তিতেই সুদ স্থির রেখে দেওয়ার কথা বলেছেন।

রিজার্ভ ব্যাঙ্কের আরও ঘোষণা

● আগামী মার্চ মাস থেকে শুরু করে দু'দফায় নগদ জমার অনুপাতকে (ব্যাঙ্কগুলিকে তাদের মোট আমানতের যে-অংশ সব সময় রিজার্ভ ব্যাঙ্কের কাছে জমা রাখতে হয়) ৪ শতাংশে ফেরানো হবে।

● ক্ষুদ্র-ছোট-মাঝারি সংস্থাকে ঋণে উৎসাহ দিতে প্রকল্প।

● প্রাইমারি (আর্বান) কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিকে মাঝারি মেয়াদে চাঙ্গা করার দিশা খুঁজতে কমিটি গঠন করা হবে।

● খুচরো লগ্নিকারীদের রিজার্ভ ব্যাঙ্কের থেকে সরকারি ঋণপত্র কেনার সুবিধা।

● ডিজিটাল পেমেন্ট পরিষেবা নিয়ে অভিযোগ শুনতে সর্বক্ষণের হেল্পলাইন।

● অভিযোগের মীমাংসার জন্য সমস্ত অম্বুডসম্যান প্রকল্পের সমন্বয় ও কেন্দ্রীয় ভাবে সেগুলি শোনার ব্যবস্থা।

শিল্প ও খুচরো মূল্যবৃদ্ধিতে স্বস্তি

১২ ফেব্রুয়ারি কেন্দ্রীয় সরকারের প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ডিসেম্বরে শিল্পোৎপাদন আগের বছরের একই সময়ের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়েছে। মূলত আনাজের দাম কমায় কমেছে খুচরো মূল্যবৃদ্ধির হার।

দু'মাস বৃদ্ধির পরে নভেম্বরে শিল্পোৎপাদন ফের ১.৯ শতাংশে নেমে গিয়েছিল। ধাক্কা খেয়েছিল কল-কারখানায় উৎপাদন, মূলধনী পণ্য, এমনকি ভোগ্যপণ্যের উৎপাদনও। ১২ ফেব্রুয়ারি প্রকাশিত রিপোর্ট অনুসারে, ২০২০-র ডিসেম্বরে শিল্পোৎপাদন ২০১৯-এর একই সময়ের তুলনায় ১ শতাংশ বেড়েছে।

অন্যদিকে, বিগত ১৬ মাসের মধ্যে সর্বনিম্ন স্থানে থেকে স্বস্তির কারণ হয়েছে জানুয়ারিতে খুচরো মূল্যবৃদ্ধিও। আগের বছরের জানুয়ারির চেয়ে তা কমে দাঁড়িয়েছে ৪.০৬ শতাংশে। আনাজ-সহ খাদ্যপণ্যের দাম কমাই এর কারণ। ডিসেম্বরে খুচরো বাজারে মূল্যবৃদ্ধির হার ছিল ৪.৫৯ শতাংশ।

রিপোর্টে আরও দেখা গিয়েছে, মূলত কল-কারখানায় উৎপাদন ১.৬ শতাংশ বেশি হওয়াতেই বৃদ্ধির পথে ফিরেছে শিল্প। নভেম্বরে তা ১.৭ শতাংশ কমায় দেশে আর্থিক কর্মকাণ্ডে গতি ফেরা নিয়ে সন্দেহ প্রকাশ করেছিলেন বিশেষজ্ঞেরা। ব্যবসায়িক কর্মকাণ্ড বাড়ার ইঙ্গিত দিয়ে ৫.১ শতাংশ বেড়েছে বিদ্যুতের উৎপাদন। ভোগ্যপণ্যও বৃদ্ধিতে ফিরেছে। তবে খননশিল্প সংকুচিতই।

তবে, সংশ্লিষ্ট মহলের একাংশের মতে, অর্থনীতির ঝিমুনির জন্য ২০১৯ সালের ডিসেম্বরে শিল্পবৃদ্ধির হার ছিল মাত্র ০.৪ শতাংশ। ফলে চাহিদা ও উৎপাদন এখন বাড়লেও, এই ডিসেম্বরের হিসেব আগের বছরের নীচু ভিতের উপরে দাঁড়িয়ে। গত মার্চে লকডাউনের ধাক্কায় শিল্প তলিয়ে গিয়েছিল।

প শ্চি ম ব ঙ্গ

স্কুল খুলল রাজ্যে

কোভিড-অতিমারি ও লকডাউনের জেরে দীর্ঘ প্রায় ১১ মাস বন্ধ থাকার পর স্কুল খুলল পশ্চিমবঙ্গে। তবে শুধু নবম থেকে দ্বাদশ শ্রেণির ক্লাস হবে। ২ ফেব্রুয়ারি রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এ কথা ঘোষণা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ১২ ফেব্রুয়ারি থেকে রাজ্যে সব ধরনের স্কুল খোলা হবে। তবে ক্লাস হবে শুধু চারটি শ্রেণির। এই সঙ্গে তিনি যোগ করেন, 'সমস্ত স্বাস্থ্যবিধি মেনে স্কুল শুরু হবে। যে-পরীক্ষার্থীরা এ বার উচ্চ মাধ্যমিক দেবেন, তাঁরাও প্র্যাক্টিক্যাল ক্লাস করতে স্কুলে আসতে পারবেন।' অন্য শ্রেণির ছাত্রছাত্রীরা কবে থেকে স্কুলে যেতে পারবে, তা ধাপে ধাপে জানানো হবে।

স্কুল খোঁলার ক্ষেত্রে একটি নির্দেশাবলিও প্রকাশ করেছে রাজ্য। তাতে বলা হয়েছে— (১) প্রতিটি ছাত্রছাত্রী, শিক্ষক, অশিক্ষক কর্মীকে মাস্ক পরে থাকতে হবে (২) সবাইকে দূরত্ব-বিধি মেনে চলতে হবে ও ক্লাসে বসতে হবে (৩) কোনও ক্লাসে বেশি সংখ্যক পড়ুয়া হলে দু'টি বা তার বেশি সংখ্যক ক্লাসে ভাগ করে দিতে হবে (৪) টিফিন ভাগ করে খাওয়া কঠোর ভাবে নিষিদ্ধ (৫) শিক্ষকদের তত্ত্বাবধানে প্রতিটি ক্লাসে আলাদা আলাদা করে প্রার্থনা হবে (৬) শুধু ক্লাস রুম নয়, ল্যাবরেটরি, কম্পিউটার রুম নিয়মিত স্যানিটাইজ করতে হবে। শৌচালয় পরিষ্কার আছে কি না দেখতে হবে (৬) স্কুলে ঢোকার আগে স্কুলের গেটে পড়ুয়াদের শরীরের তাপমাত্রা মাপার ব্যবস্থা থাকলে ভালো হয়। কোনও পড়ুয়ার দেহের তাপমাত্রা বেশি থাকলে সঙ্গে সঙ্গে তাকে বাড়ি পাঠিয়ে দিতে হবে (৭) একসঙ্গে হুটোপাটি করা যাবে না (৮) স্কুলে কোভিড সংক্রান্ত সতর্কতা লিখিত আকারে টাঙিয়ে রাখতে হবে।

জানা গিয়েছে, প্রথম স্কুল খোলার দিন কলকাতা শহরের বেশ কিছু স্কুলে উপস্থিতির হার ছিল সন্তোষজনক। জেলাগুলিতে তুলনায় কম উপস্থিতি চোখে পড়েছে। পূর্ব মেদিনীপুর ও বাঁকুড়ায় ৪৫-৪৬ শতাংশ, বীরভূমে ৩০-৩৫ শতাংশ, হুগলিতে প্রায় ৭৫ শতাংশ ছাত্রছাত্রী উপস্থিত ছিল।

স্কুলের একাংশ খুলে দেওয়া হলেও কলেজ-বিশ্ববিদ্যালয় যে এখনই খুলছে না, তা রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্যদের সঙ্গে বৈঠকের পর জানিয়েছেন রাজ্যের শিক্ষামন্ত্রী। তবে কোভিড বিধি মেনে গবেষকদের জন্য বিশ্ববিদ্যালয়ের গবেষণাগার খোলা হবে। এছাড়া চলতি সেমেস্টারগুলির পঠনপাঠন অনলাইনেই চলবে। মার্চ মাসে বিজোড় ('অড') সংখ্যার সেমেস্টারের পরীক্ষাও অনলাইন নেওয়া হবে।

প্রসঙ্গত, বাজার-হাট থেকে শুরু করে সিনেমা হল— প্রায় সবই খুলে গিয়েছে রাজ্যে। একমাত্র শিক্ষাপ্রতিষ্ঠানই বন্ধ ছিল এত দিন। রাজ্য সরকারের সিদ্ধান্ত জানার পর আই সি এস ই বোর্ডের সচিব জেরি অ্যারাথুনও ১২ ফেব্রুয়ারি থেকে আই সি এস ই বোর্ডের স্কুলগুলিতে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ক্লাস চালু করার কথা ঘোষণা করেন। ফলে নবম ও একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা স্কুলেই নেওয়া যাবে। দশম ও দ্বাদশ শ্রেণির প্রি-বোর্ড পরীক্ষাও স্কুলে নেওয়া যেতে পারে বলে জানিয়েছেন জেরি।

ভোট অন অ্যাকাউন্ট পেশ করলেন মুখ্যমন্ত্রী

ভোটের আগে শেষ বাজেটে প্রত্যাশিত ভাবেই উপুরহস্ত হলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৫ ফেব্রুয়ারি তিনি ঘোষণা করলেন ৪১টি প্রকল্প। যার মধ্যে বেশ কয়েকটি তিন থেকে পাঁচ বছরের। শাসক শিবিরের দাবি, ক্ষমতায় ফিরলে তৃণমূল সরকার সাধারণ মানুষের জন্য কী ভাবে কাজ করবে, এই অন্তর্বর্তী বাজেটে তার সুর বেঁধে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

অসুস্থ অর্থমন্ত্রী অমিত মিত্রের বদলে এদিন নিজেই বিধানসভায় রাজ্যের বাজেট পেশ করেন মুখ্যমন্ত্রী।

বাজেটে প্রস্তাবিত ৪১টি নতুন প্রকল্পের জন্য আগামী অর্থবর্ষে রাজ্য সরকারের খরচ হবে ১২,০৩০ কোটি টাকা। বিধানসভায় পেশ করা সরকারের আর্থিক বিবরণ অনুযায়ী, ২০২০-২১ সালে দেশের অর্থনীতি ৭.৭ শতাংশ সংকুচিত হলেও, অতিমারির বছরে সামান্য বৃদ্ধি ধরে রাখবে পশ্চিমবঙ্গ। বৃদ্ধির হার হবে ১.২ শতাংশ। মুখ্যমন্ত্রীর দাবি, গত ১০ বছরে রাজ্য সরকারি পদে ৪ লক্ষ কর্মী নিয়োগ করা হয়েছে। আগামী তিন বছরে প্রশাসন ও পুলিশ মিলিয়ে আরও ১.১ লক্ষ শূন্যপদ পূরণ করা হবে।

করোনা অতিমারির জেরে রাজকোষ ঘাটতি প্রায় অবশ্যম্ভাবী। যদিও এক গুচ্ছ উড়ালপুল, রাস্তা সমেত বিভিন্ন পরিকাঠামো প্রকল্পে টাকা ঢালার কথা বলেছেন মুখ্যমন্ত্রী। তাঁর দাবি, রাজ্যে ধারাবাহিক আর্থিক বৃদ্ধির কারণে ১০ বছরে ১.১২ কোটি কর্মসংস্থান হয়েছে এবং আগামী পাঁচ বছরে সরকারি, বেসরকারি ও স্বনিযুক্তি প্রকল্পে আরও দেড় কোটি কাজের সুযোগ তৈরি হবে। তবে নিয়োগের এই দাবির একটা বড় অংশ জুড়ে যে ১০০ দিনের কাজ রয়েছে, তা মানছেন অর্থ দপ্তরের কর্তারা।

সাধারণ মানুষকে সামান্য স্বস্তি দিতে জুনের পরেও বিনামূল্যে রেশন চালিয়ে যাওয়ার কথা বলা হয়েছে বাজেটে। দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের প্রতি বছর ট্যাব দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বয়স্ক ভাতা এবং বিধবা ভাতার আর্থিক অঙ্কেও বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

তবে অতিমারির বছরে বৃদ্ধির একই হার ধরে রাখতে গিয়ে রাজস্ব ঘাটতি রাজ্যের মোট অভ্যন্তরীণ উৎপাদনের শূন্য শতাংশে থাকবে বলে গোড়ায় ধরা হলেও, তা হতে পারে ২.৫৪ শতাংশ। রাজকোষ ঘাটতিও প্রাথমিক হিসেব (২.৩২ শতাংশ) ছাপিয়ে হতে পারে ৩.৮৬ শতাংশ। তবে

রাজ্যের দাবি, ২০২১-২২ সালে রাজকোষ ঘাটতি হবে ২.৯৪ শতাংশ, যা কেন্দ্রের বেঁধে দেওয়া লক্ষ্যমাত্রার মধ্যেই। বাজেট প্রস্তাবে ২০২১-২২ সালে ১.৯৪ লক্ষ কোটি টাকা রাজস্ব আদায়ের কথা বলা হয়েছে। যার মধ্যে ১.১৪ লক্ষ কোটি টাকা আসবে কেন্দ্রীয় কর এবং অনুদানের টাকা থেকে। বাকি ৮০ হাজার কোটি রাজ্যের নিজস্ব আয়। এর পরেও ঋণের সুদ-আসল শোধ করতে এবং ঘাটতি মেটাতে আগামী অর্থবর্ষে বাজার থেকে ধার করতে হবে সাড়ে ৬৩ হাজার কোটি টাকা। মোট পুঞ্জীভূত ঋণের বোঝা ৫.২৫ লক্ষ কোটি টাকার। তবে অর্থ দপ্তরের কর্তাদের বক্তব্য, মূলধনী ব্যয় এবং পরিকাঠামো ক্ষেত্রে যে-সম্পদ তৈরি হবে, তার 'রিটার্ন' হিসেবে দীর্ঘ মেয়াদে রাজ্যের অর্থনীতিও মজবুত হবে। সময় লাগলেও, শোধ হবে ঋণ।

এক নজরে নতুন কিছু প্রকল্প

● **নতুন দিশা**— তৈরি হবে ৮০০ স্কুল। বিভিন্ন ভাষায় জোর। মাদ্রাসাকে অনুদান, রাজবংশী ভাষার ২০০ স্কুলকে অনুমোদন। বরাদ্দ ৩৫০ কোটি টাকা।

● **মাতৃবন্দনা**— ১০ লক্ষ নয়া স্বনির্ভর গোষ্ঠী এবং ২৫,০০০ কোটি টাকা ঋণ। বরাদ্দ ১৫০ কোটি।

● **সামাজিক সুরক্ষা**— নির্মাণ ও পরিবহণ শিল্পের কর্মীদের জন্য (বিনা মূল্যে) বরাদ্দ ৪৫০ কোটি।

● **মা**— কমন কিচেনের (স্বল্প মূল্যে রান্না করা খাবার বিক্রি) জন্য বরাদ্দ ১০০ কোটি টাকা।

● **আই এ এস, আই পি এস প্রশিক্ষণ**— ১০০ পড়ুয়ার নিখরচায় থাকা-খাওয়া-পড়াশোনা, বৃত্তি। বরাদ্দ ১০ কোটি।

● **সরকারি শিক্ষানবিশ**— তিন বছর অন্তর ১০,০০০ জনকে সরকারি দপ্তরে প্রশিক্ষণ। অগ্রাধিকারের ভিত্তিতে চাকরির সুযোগ। বরাদ্দ ২০ কোটি টাকা।

● **পার্শ্বশিক্ষকদের জন্য**— প্রতি বছর ৩ শতাংশ হারে বর্ধিত পারিশ্রমিক ও অবসর-কালে ৩ লক্ষ টাকা বার্ধক্য সহায়তা। বরাদ্দ ১০০ কোটি টাকা।

● **পর্যটন**— ৫০,০০০ থেকে ১০ লক্ষ টাকা ঋণ। সুদের ৫০ শতাংশ প্রথম বছরে দেবে রাজ্য। বরাদ্দ ১০ কোটি টাকা।

● **পথ কর মকুব**— যাত্রী পরিবহণে সব গাড়িতে ১ জানুয়ারি-৩০ জুন পর্যন্ত মকুব এই কর।

● **জঙ্গল সুন্দরী কর্মনগরী**— পুরুলিয়ার রঘুনাথপুরে শিল্পনগরী। বরাদ্দ ১০০ কোটি টাকা।

● **আঞ্চলিক যোগাযোগ**— উড়ান বালুরঘাট, মালদহ, কোচবিহার বিমানবন্দর থেকে। বরাদ্দ ৫০ কোটি টাকা।

● **কলকাতার জন্য**— ১২টি উড়ালপুল, ২টি স্কাইওয়াক ও ৪টি রাস্তা তৈরি বা সংস্কার।

● **নেতাজি স্মৃতি**— সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মবর্ষ উপলক্ষে নিউটাউনে আজাদ হিন্দ স্মারক, প্রতি জেলায় শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি ও সামাজিক কাজের লক্ষ্যে জয় হিন্দ ভবন, কলকাতায় পুলিশের ব্যাটেলিয়নে নেতাজি ব্যাটেলিয়ন এবং নেতাজি রাজ্য যোজনা কমিশন গঠন। বরাদ্দ ২১৫ কোটি টাকা।

রাজ্যে ভোট ৮ দফায়

পশ্চিমবঙ্গে আট দফায় বিধানসভা ভোটের কথা ঘোষণা করল নির্বাচন কমিশন। এত বেশি দফায় ভোটগ্রহণ কার্যত নজিরবিহীন। গত বিধানসভা নির্বাচনের থেকেও এবার এক দফা বেশি। কমিশনের যুক্তি, কোভিড-সতর্কতা এবং এ রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা মাথায় রেখেই ভোট নেওয়া হবে এত বেশি দিন ধরে।

২৬ ফেব্রুয়ারি সাংবাদিক বৈঠকে পশ্চিমবঙ্গ-সহ পাঁচ রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ ঘোষণা করেন মুখ্য নির্বাচন কমিশনার সুনীল অরোরা।

মুখ্য নির্বাচনী কমিশনার হিসেবে এপ্রিল মাসে অবসর নেবেন অরোরা। তার আগে এদিন শেষ সাংবাদিক বৈঠকে

SUSHIL CHANDRA
ELECTION COMMISSIONER
SUNIL ARORA
CHIEF ELECTION COMMISSIONER
RAJIV KUMAR
ELECTION COMMISSIONER
ANIL SHARMA

তিনি জানান, অসমে ভোট হবে তিন দফায়। বাকি তিন রাজ্যের (কেরল, তামিলনাড়ু ও পুদুচেরি) সমস্ত আসনে ভোট একই দিনে, ৬ এপ্রিল। পশ্চিমবঙ্গে আট দফায় ভোট নেওয়া হবে। ভোট শুরু ২৭ মার্চ, শেষ দফা ২৯ এপ্রিল। পাঁচ রাজ্যের ভোটের ফল প্রকাশিত হবে ২ মে।

কমিশন সূত্রে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গে রাজনৈতিক হিংসার ইতিহাস রয়েছে। সুষ্ঠু ভাবে শান্তিপূর্ণ ভোট করানোর*লক্ষ্যেই আট দফায় ভোট করানোর সিদ্ধান্ত। একই কারণে পাঁচ রাজ্যের মধ্যে শুধু পশ্চিমবঙ্গে সার্বিক নজরদারির জন্য এক জন পর্যবেক্ষক ছাড়াও দু'জন পুলিশ পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

কমিশনের দাবি, এছাড়াও করোনা পরিস্থিতির কথা মাথায় রেখে ভোটের দিনসংখ্যা বাড়ানো হয়েছে।

নির্বাচন কমিশনের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, গত বিধানসভা নির্বাচনে রাজ্যে ৭৭,৪১৩টি ভোট কেন্দ্র ছিল, এ বার করোনার কারণে তা বাড়িয়ে ১,০১,৯১৬টি করা হচ্ছে। অন্তত ৩১ শতাংশ বেশি।

এক নজরে কবে কোথায় ভোট (বন্ধনীতে আসন সংখ্যা)

● প্রথম দফা ২৭ মার্চ

পুরুলিয়া (৯), বাঁকুড়া পার্ট-১ (৪), ঝাড়গ্রাম (৪), পশ্চিম মেদিনীপুর পার্ট-১ (৬), পূর্ব মেদিনীপুর পার্ট-১ (৭)

● দ্বিতীয় দফা ১ এপ্রিল

বাঁকুড়া পার্ট-২ (৮), পশ্চিম মেদিনীপুর পার্ট-২ (৯), পূর্ব মেদিনীপুর পার্ট-২ (৯), দক্ষিণ ২৪ পরগনা পার্ট-১ (৪)

● তৃতীয় দফা ৬ এপ্রিল

হাওড়া পার্ট-১ (৯), হুগলি পার্ট-১ (৮), দক্ষিণ ২৪ পরগনা পার্ট-২ (১৬)

● চতুর্থ দফা ১০ এপ্রিল

হাওড়া পার্ট-২ (৯), হুগলি-পার্ট-২ (১০), দক্ষিণ ২৪ পরগনা পার্ট-৩ (১১), আলিপুরদুয়ার (৫), কোচবিহার (৯)

● পঞ্চম দফা ১৭ এপ্রিল

উত্তর ২৪ পরগনা পার্ট-১ (১৬), নদিয়া পার্ট-১ (৮), পূর্ব বর্ধমান পার্ট-১ (৮), দার্জিলিং (৫), কালিম্পং (১), জলপাইগুড়ি (৭)

● ষষ্ঠ দফা ২২ এপ্রিল

উত্তর ২৪ পরগনা পার্ট-২ (১৭), নদিয়া পার্ট-২ (৯), পূর্ব বর্ধমান পার্ট-২ (৮), উত্তর দিনাজপুর (৯)

● সপ্তম দফা ২৬ এপ্রিল

মালদহ পার্ট-১ (৬), মুর্শিদাবাদ পার্ট ১ (১১), পশ্চিম বর্ধমান (৯), দক্ষিণ কলকাতা (৪), দক্ষিণ দিনাজপুর (৬)

● অষ্টম দফা ২৯ এপ্রিল

মালদহ পার্ট-২ (৬), মুর্শিদাবাদ পার্ট-২ (১১), বীরভূম (১১), উত্তর কলকাতা (৭)

খাগড়াগড় বিস্ফোরণ-কাণ্ডে ২৯ বছরের কারাদণ্ড

খাগড়াগড় বিস্ফোরণ কাণ্ডের অন্যতম প্রধান অভিযুক্ত কওসর ওরফে মহম্মদ জাহিদুল ওরফে বোমারু মিজানের সাজা ঘোষণা করা হল ১০ ফেব্রুয়ারি। এদিন তাকে ২৯ বছরের কারাবাসের সাজা দিল কলকাতার নগর দায়রা আদালত।

প্রায় সাত বছর আগে রাজ্য-রাজনীতিতে আলোড়ন ফেলেছিল খাগড়াগড় বিস্ফোরণ। ২০১৪ সালের ২ অক্টোবর বর্ধমানের খাগড়াগড়ের একটি বাড়িতে বিস্ফোরণ হয়। তাতে দু'জন মারা যান। জাতীয় তদন্ত সংস্থার (এন আই এ) তদন্তে জানা যায়, জামাতুল মুজাহিদিন বাংলাদেশ (জে এম বি) জঙ্গি সংগঠনের চাঁই কওসর খাগড়াগড়ে তৈরি বিস্ফোরক— আই ই ডি, মোটরবাইকে বাংলাদেশ সীমান্তে পৌঁছে দিত। সেই তদন্তেই বেরিয়ে আসে, এ রাজ্যেও জে এম বি সাংগঠনিক জাল বিস্তার করেছিল মূলত কওসরের মাধ্যমে। খাগড়াগড়ের ঘটনার পরই কওসর পালিয়ে যায়। এন আই এ তার মাথার দাম ঘোষণা করেছিল ১০ লক্ষ টাকা। এরপর ২০১৮ সালে বেঙ্গালুরু থেকে এন আই এ এবং আই বি-র যৌথ অভিযানে ধরা পড়ে কওসর।

এই মামলার তদন্তকারী সংস্থা এন আই এ-র আইনজীবী শ্যামল ঘোষ জানান, কওসরের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতা-সহ সাতটি ধারা প্রয়োগ করা হয়েছিল। বিভিন্ন ধারায় আলাদা আলাদা মেয়াদের সাজা হয়েছে। কিন্তু সবক'টি ধারার সাজা একসঙ্গে কার্যকর হবে না। অর্থাৎ প্রথম ধারায় নির্দেশিত কারাবাস শেষ হলে পরের ধারার সাজা শুরু হবে। সব মিলিয়ে তাকে জেলে কাটাতে হবে ২৯ বছর।

খে লা ধু লো

অস্ট্রেলিয়ান ওপেন জিতলেন ওসাকা, জকোভিচ

বছরের প্রথম গ্র্যান্ড স্লাম টেনিস টুর্নামেন্ট জিতলেন জাপানের নাওমি ওসাকা এবং সার্বিয়ার নোভাক জকোভিচ। ২০১৯-এর পর ফের এই ট্রফি জিতলেন ওসাকা। অন্যদিকে, জকোভিচ সর্বাধিক নবম বার এই ট্রফি জিতলেন।

২০ ফেব্রুয়ারি অস্ট্রেলীয় ওপেনের একপেশে ফাইনালে আমেরিকার জেনিফার ব্র্যাডিকে ৬-৪, ৬-৩ ফলাফলে স্ট্রেট সেটে হারিয়ে কেরিয়ারের চতুর্থ গ্র্যান্ড স্লাম জিতলেন বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ২ নম্বরে থাকা ওসাকা। সময় নিলেন ১ ঘণ্টা ১৭ মিনিট। এর আগে এক বার অস্ট্রেলিয়ান ওপেন (২০১৯) ও দু'বার ইউ এস ওপেন (২০১৮, ২০২০) জিতেছেন তিনি। এই জয়ের ফলে এমন এক দৃষ্টান্ত স্থাপন করলেন, যা ওপেন যুগে রজার ফেডেরার এবং মনিকা সেলেস ছাড়া আর কারও নেই— কেরিয়ায়ের প্রথম চারটি গ্র্যান্ড স্লাম ফাইনালে উঠে চারটিতেই চ্যাম্পিয়ন। ওসাকার জন্ম জাপানে হলেও তিনি থাকেন মার্কিন যুক্তরাষ্ট্রে।

অন্যদিকে, ২১ ফেব্রুয়ারি রাশিয়ার দানিল মেদভেদেভকে ৭-৫,৬-২, ৬-২ ফলাফলে হারিয়ে কেরিয়ারের ন'নম্বর অস্ট্রেলীয় ওপেন ট্রফি হাতে তুললেন নোভাক জকোভিচ। এই নিয়ে টানা তৃতীয় বার অস্ট্রেলিয়ান ওপেন জিতলেন জকোভিচ। এই জয় জকোভিচকে একই সঙ্গে রজার ফেডেরার ও রাফায়েল নাদালের সর্বাধিক ২০টি গ্র্যান্ড স্লাম জয়ের রেকর্ড স্পর্শ করার আরও কাছাকাছি নিয়ে গেল।*জকোভিচের মোট গ্র্যান্ড স্লামের সংখ্যা দাঁড়াল ১৮টি। এর আগে ২০০৮, '১১, '১২, '১৩, '১৫, '১৯ ও '২০ সালে ট্রফি জিতেছেন নোভাক। আবার একই গ্র্যান্ড স্লাম সর্বাধিক বার জয়ের দিক থেকে রাফায়েল নাদালের (১৩) পরে দু'নম্বরে উঠে এলেন তিনি (৯)।

এক নজরে অন্যান্য খেতাব

- **পুরুষ ডাবলস:** ক্রোয়েশিয়ার ইভান ডডিগ ও স্লোভাকিয়ার ফিলিপ পোল্যাসেক ৬-৩, ৬-৪ ফলাফলে হারালেন আমেরিকার রাজীব রাম ও ইংল্যান্ডের জো স্যালিসবারি জুটিকে।
- **মহিলা ডাবলস:** বেলজিয়ামের এলাইস মার্টেনস ও বেলারুশের আরিয়ানা সাবালেঙ্কা ৬-২, ৬-৩ ফলাফলে হারালেন চেক রিপাবলিকের বারবোরা ক্রিজচিকোভা ও ক্যাটেরিনা সিনিকোভা জুটিকে।
- **মিক্সড ডাবলস:** চেক রিপাবলিকের বারবোরা ক্রিজচিকোভা ও আমেরিকার রাজীব রাম ৬-১, ৬-৪ ফলাফলে হারালেন অস্ট্রেলিয়ার সামান্থা স্টোসুর ও ম্যাথিউ এবডেন জুটিকে।

প্রয়াত আখতার আলি

দুরারোগ্য অসুখে ভুগছিলেন গত কয়েক মাস ধরেই। ৭ ফেব্রুয়ারি মাঝরাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন ভারতীয় ডেভিস কাপ দলের প্রাক্তন খেলোয়াড় ও কোচ আখতার আলি। বয়স হয়েছিল ৮২ বছর।

সম্প্রতি হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। সেখান থেকে ছুটি পেয়ে এদিনই বাড়ি ফেরেন। সারা দিন সুস্থই ছিলেন। কিন্তু রাতে জীবনাবসান হয় ভারতের অন্যতম শ্রদ্ধেয় এই ক্রীড়াব্যক্তিত্বের। তাঁর মৃত্যুর খবরে শোকের ছায়া নেমে আসে টেনিস-মহলে। বিজয় অমৃতরাজ তাঁর প্রতিক্রিয়ায় জানান, 'ছোটবেলায় এবং ভারতীয় ডেভিস কাপ দলে কোচ হিসেবে আমার জীবনে দারুণ প্রভাব ফেলেছিলেন আখতার আলি। ভারতীয় টেনিস তাঁর অবদান ভুলবে না।' মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় টুইট করেন, 'ভারতের বিভিন্ন টেনিস খেলোয়াড়কে প্রশিক্ষণ দিয়েছেন প্রকৃত টেনিস কিংবদন্তি আখতার স্যার। প্রয়াত ক্রীড়াবিদের পরিবারের প্রতি সমবেদনা রইল।'

১৯৫৫ সালের জাতীয় জুনিয়র চ্যাম্পিয়ন আখতার আলি জুনিয়র উইম্বলডনের সেমিফাইনালেও পৌঁছেছিলেন। উইম্বলডন ও ফরাসি ওপেনেও খেলেছেন। ১৯৫৮ থেকে ১৯৬৪ পর্যন্ত ভারতীয় দলের প্রতিনিধিত্ব করেছেন তিনি। ডেভিস কাপে তাঁর জিত-হারের ফলাফল ৯-২। ১৯৬৬ থেকে ১৯৯৩ পর্যন্ত জাতীয় দলের কোচ ছিলেন আখতার আলি। তাঁর কোচিংয়ে ১৯৬৬ ও ১৯৭৪ সালে ভারতীয় দল ডেভিস কাপের ফাইনালে ওঠে। তাঁর পুত্র জিশান আলিও বর্তমানে ভারতীয় দলের কোচ। জিশান ছাড়াও রমেশ কৃষ্ণণ, বিজয় অমৃতরাজ, লিয়েন্ডার পেজ-সহ দেশের একাধিক টেনিস তারকাকে প্রশিক্ষণ দিয়েছেন আখতার। এক সময় পরামর্শদাতা ছিলেন সানিয়া মির্জারও। সাউথ ক্লাব, কলকাতা জিমখানা, বেঙ্গল টেনিস অ্যাকাডেমির খুদে খেলোয়াড়দের তুলে আনতে তাঁর অবদান স্মরণীয়। ২০০০ সালে তাঁকে অর্জুন পুরস্কার প্রদান করা হয়।

বি জ্ঞা ন

মঙ্গলে পা দিল রোভার

আশা-আশঙ্কার দোলাচল কাটিয়ে ১৯ ফেব্রুয়ারি ভারতীয় সময় রাত ২টো ২৫-এ লালগ্রহে পা ফেলল নাসার রোভার পার্সিভিয়ারেন্স। ১১ মিনিট আগেই অবশ্য মঙ্গলের মাটিতে নেমে পড়েছিল সে। মঙ্গল থেকে পৃথিবীতে রেডিয়ো সিগন্যাল আসতেই লেগে যায় ওই সময়।

নাসার 'মার্স ২০২০' অভিযান শুরু হয়েছিল ২০১৩ সালে। সেই প্রকল্পেই ৩০ জুলাই মার্কিন যুক্তরাষ্ট্রে করোনা ও লকডাউন জনিত নানা বাধাবিপত্তি পেরিয়ে অ্যাটলাস ফাইভে চেপে মঙ্গলে পাড়ি দেয় মহাকাশযান। সঙ্গে নিয়ে যায় পার্সিভিয়ারেন্স রোভার এবং ইনজেনুইটি হেলিকপ্টার ও ড্রোনকে।

জানা গিয়েছে, এদিন মঙ্গলের জিজিরো ক্রেটারে নেমেছে পার্সিভিয়ারেন্স রোভার। লালগ্রহের মাটিতে কখনও প্রাণের অস্তিত্ব ছিল কি না, তা খুঁজে দেখবে রোভার। মাটি খুঁড়ে মঙ্গলগর্ভে অণুজীবদের সন্ধান চালাবে। সেই সঙ্গে জানবে, মঙ্গলের হালহকিকত। যাতে ভবিষ্যতে মানুষ মঙ্গলে গিয়ে সমস্যায় না-পড়ে।

এছাড়া, অন্তত ৩০টি পাথর ও মাটির নমুনা সংগ্রহ করে ২০৩০ সাল নাগাদ পৃথিবীতে পাঠাবে সে। একটি এস ইউ ভি গাড়ির আকারের রোভারে আছে ৭ ফুট লম্বা রোবটিক হাত, ১৯টি ক্যামেরা, ২টি মাইক্রোফোন। রোভারের ডেক থেকে উড়বে রোবট হেলিকপ্টার ইনজেনুইটি। রোভারের গন্তব্যস্থলগুলি খতিয়ে দেখবে সে। মাটির ৩ থেকে ১০ মিটার উচ্চতার মধ্যে উড়বে ইনজেনুইটি। প্রতিটি উড়ান ৩ মিনিটের বেশি হবে না। মূলত পার্সিভিয়ারেন্সকে পথ খুঁজতে সাহায্য করবে এই হেলিকপ্টার। বিজ্ঞানীদের অনুমান, যে-জিজিরো ক্রেটারে নেমেছে রোভার, সেখানে সাড়ে তিনশো থেকে চারশো কোটি বছর আগে একটি হ্রদ ছিল। সেই কারণেই এখানে প্রাণের সন্ধান চালানো হচ্ছে।

আন্তর্জাতিক সমীক্ষায় বিস্ফোরক দাবি

নির্বাচনী* স্বৈরাচারের পথে ভারত

কৌশিক বন্দ্যোপাধ্যায়

ভারত কি তার গণতন্ত্রের তকমাটিই হারাতে চলেছে? আন্তর্জাতিক স্তরে কিন্তু প্রশ্নটি খুব উদ্বেগের সঙ্গে উঠে আসছে, সাম্প্রতিক কালে একাধিক আন্তর্জাতিক সমীক্ষক দলের একাধিক একই ধরনের প্রতিবেদন প্রকাশ পাওয়ার পর। সেসব প্রতিবেদনের সারমর্ম একটাই, পৃথিবীর বৃহত্তম গণতন্ত্র ক্রমশ স্বৈরতন্ত্রের পথ নিয়েছে। একই সঙ্গে অবশ্য এটাও সত্যি, পৃথিবীর বেশ কিছু সুমহান উদারনৈতিক গণতান্ত্রিক দেশেও প্রবণতাটা প্রায় একই রকম, সেখানেও স্বৈরাচারের পদধ্বনি শোনা যাচ্ছে। এমনকী গত বছরের সঙ্গে তুলনায় রাষ্ট্র পরিচালনার ধাঁচে ব্যাপক ফারাক ঘটে গিয়েছে, এমন উদাহরণও সমীক্ষায় উঠে আসছে।

বিষয়টি উদ্বেগজনক সন্দেহ নেই। গণতন্ত্রে একজন নাগরিক যে-মৌলিক স্বাধীনতা ভোগ করেন, স্বৈরাচার তাকেই খণ্ডন করে। গণতান্ত্রিক সরকার যেখানে আব্রাহাম লিঙ্কনের সেই প্রবাদ হয়ে যাওয়া উক্তি অনুসারে 'জনগণের সরকার, জনগণ কর্তৃক গঠিত সরকার, জনগণের জন্য সরকার', সেখানে স্বৈরাচার সব সময়ই ক্ষুদ্র স্বার্থে পরিচালিত। সেখানে জনগণের ভূমিকা নামমাত্র, শাসকের সিদ্ধান্তই শেষ কথা। পৃথিবীর বহু দেশ স্বৈরাচারী শাসন দেখেছে। স্বৈরাচারী শাসকদের পতনও দেখেছে। লিবিয়া কিংবা ইরাকের স্বৈরাচারী শাসকদের উৎখাত হওয়ার যে-ছবি গণমাধ্যম মারফত গোটা বিশ্বে ছড়িয়ে পড়েছিল তাও জনমনে ধূসর হয়ে যায়নি এখনও। তবে ভারতের ক্ষেত্রে বিষয়টা সামান্য আলাদা, এমনটাই বলছে সুইডেনের একটি সমীক্ষক সংস্থা ভি-ডেম ইনস্টিটিউট।

পৃথিবীর বিভিন্ন দেশের গণতান্ত্রিক পরিবেশ নিয়ে বিপুল তথ্য সংবলিত তুলনামূলক ক্রমতালিকা প্রকাশ করে আসছে এই সংস্থা। তাদের ওয়ার্ল্ড ওয়াইড ডেমোক্রেসি রিপোর্ট বিজ্ঞানসম্মত এবং সে জন্যই অত্যন্ত গ্রহণযোগ্য বলে গোটা বিশ্বে স্বীকৃতি পেয়েছে। ২০২০ সালের প্রতিবেদনে সংশয় প্রকাশ করা হয়েছিল ভারত তার গণতান্ত্রিক পরিচিতিটাই হারাতে পারে। সম্প্রতি প্রকাশিত ২০২১-এর প্রতিবেদনে সরাসরিই বলা হয়েছে, ভারতে আর 'নির্বাচনী গণতন্ত্র' (ইলেক্টোরাল ডেমোক্রেসি) নেই, যা আছে তা হল, 'নির্বাচনী স্বৈরতন্ত্র' (ইলেক্টোরাল অটোক্রেসি)।

এ প্রসঙ্গে মনে পড়তে পারে, ক'দিন আগেই পৃথিবীর বিভিন্ন দেশে গণতান্ত্রিক পরিবেশের উত্থানপতনের নজরদার সংস্থা, মার্কিন যুক্তরাষ্ট্রের 'ফ্রিডম হাউস' ভারতকে 'মুক্ত' থেকে 'আধা মুক্ত' দেশে নামিয়ে দিয়েছে। ভারতে নাগরিক স্বাধীনতা খর্বের কথা গোটা বিশ্বের কাছে তুলে ধরেছে। আর এবার পৃথিবীর ১৮০টি দেশ থেকে তথ্য সংগ্রহ করে, গণতন্ত্রের পরিস্থিতি বিশ্লেষণ করে, দেশগুলির যে-ক্রমতালিকা প্রকাশ করেছে ভি-ডেম ইনস্টিটিউট, সেই তালিকায় ভারতের জায়গা হয়েছে ৯৭ নম্বরে। ২০২০-তে এই তালিকাতেই ভারত ছিল মাঝামাঝি, অর্থাৎ ৯০-এ। এখন ঢুকে পড়ল অপ-গণতন্ত্রের নিরিখে নীচের দিকের ৯০টি দেশের মধ্যে।

> কোভিড নিয়ে কেন্দ্রীয় সরকারের কাজ ও নীতির বিষয়ে খবর করে পুলিশি হয়রানি ও হুমকির মুখে পড়তে হয়েছে সাংবাদিকদের। বি জে পি-সরকার রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর থেকে দেশের ৭ হাজার মানুষকে রাষ্ট্রদ্রোহের দায়ে অভিযুক্ত করেছে, যাদের অধিকাংশই সরকারের বিরুদ্ধতা করেছিলেন মাত্র।

ভি-ডেম ইনস্টিটিউট তাদের প্রতিবেদনে ভারতের গণতন্ত্র সম্পর্কে একটি গোটা অধ্যায় বরাদ্দ করেছে। অধ্যায়ের শিরোনাম—'ডেমোক্রেসি ব্রোকেন ডাউন: ইন্ডিয়া', ভারতের ভেঙে পড়া গণতন্ত্র। সেখানে তারা সরাসরি আঙুল তুলেছে এ দেশে গত কয়েক বছরে ভারতীয় জনতা পার্টির শাসনের বিরুদ্ধে। সূচকের মাধ্যমে দেখানো হয়েছে গত কয়েক বছরের শাসনকালে ক্রমান্বয়ে সংবাদমাধ্যম, শিক্ষা-গবেষণা এবং নাগরিক সমাজের স্বাধীনতাকে খর্ব করা হয়েছে।

দেশের নাগরিক সমাজ থেকে প্রায়শই এ ধরনের অভিযোগ উঠে আসে। সংবাদমাধ্যমকে সরাসরি প্রভাবিত করার সরকারি অপচেষ্টা এ দেশ দেখেছে অতীতে ইন্দিরা গান্ধীর প্রধানমন্ত্রিত্বে জরুরি অবস্থা চলার সময়। কিন্তু তা ছিল সরকারের সঙ্গে শিরদাঁড়া সোজা রাখা সংবাদমাধ্যমের ঘোষিত লড়াই। সরকারি চাপের মুখে প্রতিবাদ হয়েছে। কোনও কোনও সংবাদপত্র তাদের সম্পাদকীয় স্তম্ভ কালো রঙে ভরাট করে প্রতিবাদে মুখর হয়েছে, এই নজিরও আছে। কিন্তু এখন দিনকাল অন্য রকম। দেশের বড় অংশের সংবাদমাধ্যমই এখন সরকার পোষিত শিল্পপতিদের মালিকানাধীন। ফলে

সংবাদমাধ্যমের উপর সরকারের নিয়ন্ত্রণ পরোক্ষে অনেক বেশি। ফেসবুক, হোয়াটস অ্যাপ, টুইটারের মতো গণমাধ্যমে নজরদারির কথা তুলে কার্যত বিরোধী স্বরকে দমনের প্রচেষ্টা জারি রয়েছে। এর সঙ্গে দেশে হিন্দুত্ববাদীদের পালে যে হাওয়া লেগেছে, তার প্রতি সরকারি উদাসীনতার নামে কার্যত পোষণের নীতি ভয়ংকর আকার নিয়েছে। যার মর্মান্তিক পরিণতি গৌরী লঙ্কেশ বা কলবুর্গির ক্ষেত্রে দেখা গিয়েছে। সব মিলিয়ে নাগরিক সমাজকে কোণঠাসা করে বিরোধী স্বরকে দমন করার প্রবণতাই বারবার প্রকাশ পাচ্ছে, এটা কেবল সমীক্ষকদের নয়, এ দেশের বহু সাধারণ মানুষেরও উৎকণ্ঠার বিষয়। শাহীনবাগের সি এ এ বিরোধী আন্দোলন থেকে শুরু করে অতি সম্প্রতি কৃষক আন্দোলন পর্যন্ত— কেন্দ্রীয় সরকারের অনমনীয় আচরণ ও নির্বিকার মনোভাব আসলে গণতন্ত্রের উপরই সবচেয়ে বড় আঘাত। সরকারই আসলে নাগরিকদের ভালোমন্দ সবচেয়ে বেশি বোঝে, নাগরিকরা অবুঝ কিংবা বিরোধীদের প্রভাবে পথভ্রান্ত— এই ধারণাতেই রয়েছে স্বৈরাচারের বীজ। ভি-ডেম ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদনে সে কথাই উঠে এসেছে পরিসংখ্যানের মোড়কে।

কয়েকটি বিষয়কে সূচক ধরে এগিয়েছে তাদের বিশ্লেষণ। যেমন, কেন্দ্রীয় সরকারের নতুন তথ্যপ্রযুক্তি আইন (ইনফর্মেশন টেকনোলজি— ইন্টারমিডিয়ারি গাইডলাইনস অ্যান্ড ডিজিটাল মিডিয়া এথিকস কোড— রুলস, ২০২১), যা তাদের মতে গণমাধ্যমের স্বাধীনতার ধারণাকে আরও সংকুচিত করবে। কোভিড নিয়ে কেন্দ্রীয় সরকারের কাজ ও নীতির বিষয়ে খবর করে পুলিশি হয়রানি ও হুমকির মুখে পড়তে হয়েছে সাংবাদিকদের, সে ঘটনাও যুক্ত হয়েছে তাদের বিশ্লেষণে। সর্বোপরি বি জে পি-সরকার রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর থেকে দেশের ৭ হাজার মানুষকে রাষ্ট্রদ্রোহের দায়ে অভিযুক্ত করেছে, যাদের অধিকাংশই সরকারের বিরুদ্ধতা করেছিলেন মাত্র। বিতর্কিত নাগরিকত্ব আইন, ফরেন কন্ট্রিবিউশন (রেগুলেশন) অ্যাক্টে সংশোধনের মাধ্যমে আর্থিক উৎস বন্ধ করে স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে নিষ্ক্রিয় করে দেওয়ার মতো বিষয়গুলিকেও বিশ্লেষণের আওতায় আনা হয়েছে।

এই সমীক্ষায় গণমাধ্যমের স্বাধীনতার নিরিখে ভারতকে দেওয়া হয়েছে চারের মধ্যে মাত্র ১.৫। সমীক্ষার রিপোর্টে স্পষ্ট উল্লেখ করা হয়েছে, ভারতে গণমাধ্যমের উপর সরকারি নিয়ন্ত্রণ একটা নিত্যনৈমিত্তিক বিষয়ে পরিণত হয়েছে। শুধুমাত্র সংবেদনশীল বা বিশেষ কোনও গোষ্ঠীর ভাবাবেগে আঘাত করতে পারে, এমন খবরকে নিয়ন্ত্রণ করাই নয়, এই নিয়ন্ত্রণ সব ক্ষেত্রে, সর্বব্যাপী। এদিক থেকে ভারতের সবথেকে বেশি মিল পাকিস্তানের সঙ্গে। অন্য দুই প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ ও নেপাল এ ক্ষেত্রে ভারতের থেকে উদার। এখানে মনে পড়ার কথা, গত বছর রিপোর্টার্স উইদআউট বর্ডার নামে একটি আন্তর্জাতিক সমীক্ষক সংস্থাও গণমাধ্যমের স্বাধীনতা হারানো দেশের তালিকায় ভারতকে চিন, রাশিয়া, ইরান ও সৌদি আরবের সঙ্গে একই পংক্তিতে রেখেছিল। ওই একই সংস্থা সংবাদমাধ্যমের স্বাধীনতা-সংক্রান্ত ১৮০টি দেশের ক্রমতালিকায় ভারতকে রেখেছিল ১৪২ নম্বরে। কাশ্মীরে দীর্ঘ কাল ইন্টারনেট পরিষেবা না থাকার সমালোচনা করে তারা বলেছিল, তথ্যহীনতার অস্ত্র হাতে তুলে নেওয়া হয়েছে।

সাম্প্রতিক সমীক্ষায় মোটের উপর উদারনৈতিক গণতন্ত্র হিসেবে ভারতের অবস্থানটাই অনেকখানি নেমে গিয়েছে বলে দাবি করা হয়েছে। পরিসংখ্যান দিয়ে বলা হয়েছে, ভারতে ২০২০-র শেষে উদার গণতন্ত্রের সূচক থেমে গিয়েছে ০.৩৪ পয়েন্টে। ২০১৩-য় এই সূচক ছিল ০.৫৭ পয়েন্টে। বর্তমান কেন্দ্রীয় সরকার ক্ষমতায় আসার পরপরই এই ধারাবাহিক অবনমন ঘটেছে। পরিসংখ্যান পেশ করে ভি-ডেম ইনস্টিটিউটের গবেষকরা এই উপসংহারেই পৌঁছেছেন যে, পৃথিবীর সর্ববৃহৎ গণতন্ত্র আজ সব উদারতা খুইয়ে নির্বাচনী স্বৈরতন্ত্রের প্রতিভূ।

খুব স্বাভাবিক ভাবেই এই সমীক্ষার প্রতিবেদন প্রকাশ্যে আসার পর, সমালোচনায় মুখর হয়েছেন বিরোধী দলের নেতারা— রাহুল গান্ধী থেকে পি চিদম্বরম। উদার গণতন্ত্রের কথা তুলে গবেষকরা যদিও দেশের বিরোধী দলগুলিকেও বিঁধতে ছাড়েনি। জানিয়েছে, বি জে পি ১৯৯৯ থেকে উদারনীতির বিপরীতে হেঁটেছে ঠিকই, কিন্তু মনোভাব এবং রাজনৈতিক আচরণের দিক থেকে বিরোধী দলগুলিও তাদের থেকে বিশেষ পিছিয়ে নেই।

পিছিয়ে নেই পৃথিবীর অন্য দেশগুলিও। বস্তুত, ভি-ডেম তাদের ২০২১-এর প্রতিবেদনটির শিরোনামই রেখেছে, 'অটোক্রেটাইজেশন টার্নস ভাইরাল', স্বৈরাচার সংক্রামক হয়ে গিয়েছে। ভারতকে স্বৈরাচারের নতুন দূত প্রতিপন্ন করার পাশাপাশি পরিসংখ্যান দিয়ে তাদের আরও প্রতিপাদ্য, পৃথিবীর বিভিন্ন দেশেই নির্বাচিত রাষ্ট্রশক্তির মধ্যে স্বৈরাচারী মানসিকতা ছড়িয়ে পড়ছে। একটা ছোট অথচ উদ্বেগজনক তথ্য তুলে ধরেছে তারা, সেটি হল, পৃথিবীর মোট জনসংখ্যার ৬৮ শতাংশই স্বৈরাচারী শাসনে বাস করেন।

তাঁদের বক্তব্য, পৃথিবীর ২৫টি দেশে নানা ধাঁচে স্বৈরাচারই চলছে। এদের মধ্যে জি-২০ ভুক্ত দেশও আছে, যেমন ব্রাজিল, ভারত, তুরস্ক এবং মার্কিন যুক্তরাষ্ট্র। সামাজিক প্রেক্ষিত আলাদা হলেও সরকারের শাসন পরিচালনার পদ্ধতিতে মিল খুঁজে পেয়েছেন সমীক্ষকরা। সংবাদমাধ্যম এবং নাগরিক সমাজ সবক'টি দেশের শাসকেরই রোষের কারণ। সেইসঙ্গে প্রত্যেকেই বিরোধীদের অবজ্ঞার চোখে দেখা, ভুল তথ্য ছড়ানো, সমাজে নানাবিধ মেরুকরণ ঘটানোর দায়ে দুষ্ট।

তবে, ভারতীয় গণতন্ত্র বিষয়ে ভি-ডেমের সাম্প্রতিক মূল্যায়ন হতাশাজনক, কারণ পৃথিবীর বৃহত্তম এই গণতন্ত্র গোটা পৃথিবীর কাছে আদর্শস্বরূপ। গণতন্ত্র এ দেশে এক ঐতিহ্যের মতো। দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু, স্বাধীন দেশের প্রথম সাধারণ নির্বাচন থেকেই সার্বিক ভোটাধিকারকে অগ্রাধিকার দিয়েছিলেন। অর্থাৎ এ দেশের প্রত্যেক প্রাপ্তবয়স্ক নারীপুরুষ ভোট দিয়ে দেশের সেবক ও নেতাদের নির্বাচিত করতে পারবে। তৎকালে তাঁর এই সিদ্ধান্তের সমালোচনা হলেও তাঁর মত বদলায়নি। মনে রাখতে হবে ইংল্যান্ডের মতো প্রগতিশীল দেশেও দীর্ঘকাল সকলের ভোট দেওয়ার অধিকার স্বীকৃত ছিল না। অনেক দেশে ক্রীতদাস বলে চিহ্নিত ব্যক্তিরা নির্বাচনী প্রক্রিয়ায় অংশই নিতে পারতেন না। কিন্তু এ দেশের সংবিধানের প্রণেতারা, রাষ্ট্র নির্মাণকারীরা নাগরিক অধিকারকেই সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন। উদারনৈতিক গণতন্ত্র, নাগরিকদের মৌলিক অধিকারের সেই পথ থেকে সরে আসা হবে আত্মঘাতের সামিল।

কে কী বললেন

*

আপনাদের মতো ভারতীয় বংশোদ্ভূতরাই এখন আমেরিকা চালাচ্ছেন। আপনি (স্বাতী মোহন), আমার ভাইস প্রেসিডেন্ট (কমলা হ্যারিস), আমার বক্তৃতা লেখক বিনয় (রেড্ডি)। আপনাদের সকলকে ধন্যবাদ। আপনারা সত্যিই অসাধারণ।

জো বাইডেন, *মার্কিন প্রেসিডেন্ট*

ভারতীয় বংশোদ্ভূত স্বাতী মোহনের সঙ্গে কথা বলতে গিয়ে

কৃষকদের পাশেই আছি। কোনও বিদ্বেষ, হুমকি বা মানবাধিকার লঙ্ঘন আমার মত বদলাতে পারবে না।

গ্রেটা থুনবার্গ

আন্তর্জাতিক পরিবেশ-কর্মী

ভারতের তারকা ব্যক্তিত্বদের সমালোচনামূলক টুইটের জবাবে

কৃষি সংস্কারের কোনও আইনই কৃষকদের স্বার্থে করা হয়নি। যে দেশে কৃষক ও সেনাবাহিনী সন্তুষ্ট থাকে না, সে দেশ এগোতে পারে না। রক্ষা পায় না সেই দেশ। ফলে কৃষক ও সেনাকে খুশি রাখতেই হবে।

সত্যপাল মালিক, *মেঘালয়ের রাজ্যপাল*

দেশে বিক্ষোভকারী কৃষকদের পাশে থাকার বার্তা দিয়ে

বাংলার মানুষকে যদি আমরা বিনা পয়সায় খাদ্য দিতে পারি, চিকিৎসা দিতে পারি, শিক্ষা দিতে পারি, তা হলে তোমাকেও বিনা পয়সায় রান্নার গ্যাস দিতে হবে।

মমতা বন্দ্যোপাধ্যায়

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

শিলিগুড়ির জনসভায় গ্যাস সিলিন্ডারের লাগাতার মূল্যবৃদ্ধিকে আক্রমণ করে রাজনৈতিক বক্তৃতায়

কোভিশিল্ডের জন্য অপেক্ষমাণ প্রিয় দেশগুলি এবং সেখানকার সরকার, আমি বিনীতভাবে অনুরোধ করতে চাই, একটু ধৈর্য ধরুন। সিরাম ইন্ডিয়াকে নির্দেশ দেওয়া হয়েছে ভারতের বিপুল চাহিদাকে অগ্রাধিকার দিতে এবং তার সঙ্গেই বাকি পৃথিবীর প্রয়োজন অনুযায়ী সরবরাহের একটি ভারসাম্য রাখতে।

আদর পুনাওয়ালা, *সিইও, সিরাম*

'কোভিশিল্ড'-এর জন্য বিশ্বকে ধৈর্য ধরার আর্জি জানিয়ে

এই বৃহত্তম ক্ষতিপূরণের (২ কোটি ৭০ লক্ষ ডলার) ফলে সর্বত্র জোরালো বার্তা যাবে যে কৃষ্ণাঙ্গদের জীবনের সত্যিই মূল্য আছে (ব্ল্যাক লাইভস ডু ম্যাটার) অশ্বেতাঙ্গদের বিরুদ্ধে পুলিশি নির্যাতন যে শেষ হওয়া অবশ্য প্রয়োজন, সেই কথাটিও গুরুত্ব পাবে।

বেন ক্রাম্প, *জর্জ ফ্লয়েডের পরিবারের আইনজীবী*

মিনিয়াপোলিস সিটি কাউন্সিল সে দেশে পুলিশের হাতে নিহত কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের পরিবারকে রেকর্ড পরিমাণ অর্থ ২ কোটি ৭০ লক্ষ ডলার (১৯৬ কোটি টাকা) ক্ষতিপূরণ দিয়ে মামলার নিষ্পত্তি করার পর

আমরা আন্তর্জাতিক নিয়ম মেনে চলার বিষয়ে অঙ্গীকারবদ্ধ। ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় এবং বহির্বিশ্বে শান্তি-সুস্থিতি বজায় রাখার ক্ষেত্রেও কৌশলগত পারস্পরিক নির্ভরশীলতা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে আমরা সহমত হয়েছি।

নরেন্দ্র মোদী, *ভারতের প্রধানমন্ত্রী*

আমেরিকায় সদ্য ক্ষমতায় আসা মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেনের সঙ্গে প্রথমবার ফোনে কথা বলার পর

কংগ্রেস ক্ষমতায় এলে (অসমে) কোনওভাবেই সিএএ কার্যকর করবে না। অসমের প্রয়োজন নিজের মুখ্যমন্ত্রী যিনি অসমের মানুষের কথা শুনবেন। দিল্লি বা নাগপুরের কথায় চলবেন না।

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

অসমে বিধানসভা ভোটের প্রচারে গিয়ে

এটা শুধুমাত্র সরকারের উন্নয়নমূলক কাজ আর নীতির প্রতি মানুষের সমর্থন নয়, জনগণ-বিরোধী কাজকর্মে যুক্ত দল যেমন আকালি, আপ আর বিজেপি-কে প্রত্যাখ্যান করেছে সাধারণ মানুষ।

অমরিন্দর সিং, *পাঞ্জাবের মুখ্যমন্ত্রী*

পাঞ্জাবে বিজেপি-কে ধরাশায়ী করে পুরভোটে কংগ্রেসের বিরাট জয়ের পর

আমি যে দলে ছিলাম, সেখানে রাজনৈতিক নেতৃত্বের অবসান ঘটেছে। দলের রাশ এখন কর্পোরেট গোষ্ঠীর হাতে। যারা রাজনীতির অ-আ-ক-খ জানে না তারা দল পরিচালনা করবে কীভাবে?

দীনেশ ত্রিবেদী, *তৃণমূলের রাজ্যসভা সাংসদ*

রাজ্যসভার অধিবেশন চলাকালীনই সাংসদ পদ এবং দলের সদস্যপদ ছেড়ে দেওয়ার ঘোষণা করে

অর্থনীতির হালচাল

শিক্ষিত বেকারের সমস্যা আগ্নেয়গিরির শিখরে পিকনিক*

দেবব্রত দত্ত

বেকারত্ব বা কর্মহীনতা ভারতে এক চরম আকার ধারণ করেছে, যার থেকে দেশে এক সংকটময় পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কাজের জন্য এই হাহাকার বিগত পঞ্চাশ বছরে দেখা যায়নি। এই অভূতপূর্ব সংকটকালেও দেশে শেয়ার বাজারের ঊর্ধ্বগতি দেশের কতিপয় বিলিয়ন (একশো কোটি) টাকার কর্পোরেট মালিকদের সম্পদ এমন বাড়াচ্ছে যে, একজন ভারতীয় কর্পোরেট মালিকের সম্পদবৃদ্ধি পৃথিবীর সব ধনীদের সম্পদবৃদ্ধিকে ছাপিয়ে গেছে। এ যেন অর্থনীতিবিদ অশোক রুদ্রের ভাষায় 'আগ্নেয়গিরির শিখরে পিকনিক'।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কালে যে-উন্নয়নের অর্থনীতির উদ্ভব হয়, সেখানে সঠিক ভাবেই অকৃষিক্ষেত্রে কর্মসংস্থান বৃদ্ধি উন্নয়নের মূল চাবিকাঠি হিসেবে চিহ্নিত হয়। একটি অনুন্নত অর্থনীতিতে মানুষ কৃষি-আয় দ্বারাই জীবন নির্বাহ করে। ফলে কৃষির উপর জনসংখ্যার বিপুল চাপ থাকে। এই জনসংখ্যার একটি অংশের অকৃষিক্ষেত্রে কর্মসংস্থানের ব্যবস্থা করতে না পারলে উন্নয়ন সম্ভব নয়।

ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু উপরের এই ভাবনার পরিপ্রেক্ষিতে খুব সঙ্গতভাবেই রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের বিকাশের উপর জোর দেন, কারণ ব্যক্তিগত ক্ষেত্র মুনাফার স্বার্থে কর্মসংস্থান বৃদ্ধি করার বদলে সঙ্কুচিত করতে চায়। এখানে বলা যায় যে, অর্থনীতি শাস্ত্র মনে করে উৎপাদন ব্যয় হ্রাস মানেই অর্থনীতির দক্ষতা বৃদ্ধি। সুতরাং, বেসরকারি ক্ষেত্র যদি শ্রমিককে আট ঘণ্টার জায়গায় বারো ঘণ্টা খাটায়, তাহলে উৎপাদন ব্যয় হ্রাস পাবে এবং অর্থনীতির দক্ষতা বৃদ্ধি পাবে। কিন্তু এই অর্থনৈতিক দক্ষতা বৃদ্ধিকে কি আমরা সমাজের উন্নয়ন-বৃদ্ধি বলতে পারি? অর্থনৈতিক দক্ষতা বৃদ্ধি এবং সমাজের উন্নয়ন-বৃদ্ধির মধ্যে সমন্বয় আনার জন্য বিংশ শতাব্দীতে প্রায় সব দেশেই নানা ধরনের শ্রমিক সুরক্ষা আইন প্রণয়ন করা হয়েছিল। এই সমন্বয়ের কাজটি রাষ্ট্রায়ত্ত ক্ষেত্র বেসরকারি ক্ষেত্রের তুলনায় অনেক ভালো ভাবে করতে পারে। সুতরাং সেই সময়কার মতাদর্শ অনুযায়ী ভারতেও রাষ্ট্রায়ত্ত ক্ষেত্র প্রসারে ব্যাপক উদ্যোগ নেওয়া হয়, যার একটি লক্ষ্য ছিল কর্মসংস্থান বৃদ্ধি।

ষাটের এবং সত্তরের দশকে বাণিজ্যিক ব্যাঙ্ক সমেত রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের ব্যাপক প্রসারের ফলে এবং আশি-নব্বইয়ের দশকে রাষ্ট্রায়ত্ত ক্ষেত্র এবং বেসরকারি ক্ষেত্রের যৌথ বিকাশের ফলে কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের শতকরা অংশ কমতে শুরু করে। অকৃষিক্ষেত্রে যদিও এই বৃদ্ধির অনেকটাই অসংগঠিত ক্ষেত্রে হয়, তা হলেও এই পরিবর্তনের ফলে অর্থনৈতিক উন্নয়নের হার বাড়তে থাকে এবং ২০০৩ থেকে ২০০৮ পর্যন্ত উন্নয়নের হার অনেকটাই উপরে পৌঁছয়। ফলত, বেকারিও অনেকটা কমে।

রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের কর্মসংস্থানের অনেকগুলি অর্থনৈতিক এবং সামাজিক তাৎপর্য ছিল। যুগ যুগ ধরে ভারতীয় সমাজে যে-জন্মভিত্তিক জাতিপ্রথা প্রচলিত ছিল, তার ফলে সামাজিক এবং অর্থনৈতিক ক্ষমতার এক ক্ষতিকর এবং অন্যায় অসম বণ্টন প্রতিষ্ঠিত হয়েছিল। এই অসম বণ্টনের কিছুটা প্রতিকারের উদ্দেশ্যে সংবিধানে সরকারি চাকরির ক্ষেত্রে সংরক্ষণ ব্যবস্থা চালু করা হয়। রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রেও এই সংরক্ষণ ব্যবস্থা প্রসারিত হয়। সংরক্ষণ ব্যবস্থার কিছু ত্রুটি থাকলেও সামাজিক এবং অর্থনৈতিক সচলতা আনার ক্ষেত্রে এই ব্যবস্থা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে।

আর-একটি বড় বিষয়, সরকারি এবং রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে সর্বভারতীয় এবং রাজ্য স্তরের পরীক্ষার মাধ্যমে উচ্চ পদের জন্য মেধার ভিত্তিতে স্বচ্ছ নিয়োগ ব্যবস্থা বলবৎ করা হয়। সেই জন্য প্রচুর উজ্জ্বল যুবক-যুবতী এই সব চাকরির জন্য প্রাণপাত প্রয়াস করে। এর ফলে সামগ্রিক ভাবে শিক্ষার মানের উপর একটি সদর্থক প্রভাব পড়ে এবং মেধাবী ছাত্রছাত্রীরা সরকারি এবং রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে নিযুক্ত হওয়ার ফলে সরকারি প্রশাসনের মান বাড়ে।

অর্থনীতিতে কোন সীমিত সুযোগ কে পাবে, তা বিভিন্ন নিয়মের মাধ্যমে স্থির করা যায়। এর মধ্যে একটি নিয়ম হচ্ছে অর্থের মাধ্যমে বণ্টন, অর্থাৎ যে দাম বেশি দেবে, সে এই সুযোগ পাবে। আর একটি বণ্টন হতে পারে সমাজে প্রভাবের ভিত্তিতে, যে-ক্ষেত্রে প্রভাবশালীরা সীমিত সুযোগকে করায়ত্ত করবে। কিন্তু চাকরির মতো একটি অত্যন্ত সীমিত সুযোগের বণ্টন এই দুইয়ের কোনওটির মাধ্যমেই হওয়া উচিত নয়। মেধাও সীমিত সুযোগ বণ্টনের একটি মাধ্যম। ভালো চাকরি বা প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানের আসন কেবলমাত্র মেধার ভিত্তিতেই বণ্টিত হওয়া উচিত। সেক্ষেত্রে প্রত্যন্ত অঞ্চলে থাকা নিম্ন আয়ের মেধাবী ছাত্রও আই এফ এস বা আই এ এসের মতো পদে বা আই আই টি-র মতো নামী শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচিত হতে পারে।

দুর্ভাগ্যজনক ভাবে, বেসরকারিকরণের প্রবণতার বাড়বাড়ন্তের সঙ্গে চাকরির ক্ষেত্রে টাকা এবং প্রভাবের ভূমিকা বাড়ছে। সরকারি নিয়োগ প্রায় বন্ধ। বেসরকারি ক্ষেত্রে নিয়োগ ভারত জুড়ে মেধাভিত্তিক পরীক্ষার মাধ্যমে হয় না। বেসরকারি সংস্থা চাকরি দেওয়ার জন্য আসে এমন সব শিক্ষাপ্রতিষ্ঠানের বেশির ভাগেই পড়াশোনা করতে বিশাল অঙ্কের টাকা খরচ করতে হয়। এ ছাড়া বেসরকারি সংস্থায় বেশির ভাগ নিয়োগে থাকে প্রভাবের ভূমিকা। সর্বোপরি, যেহেতু বেসরকারি সংস্থায় সংরক্ষণ

নেই, তাই দলিত এবং আদিবাসীরা বেসরকারিকরণের ফলে বঞ্চিত হচ্ছে।

ইদানীং, কেন্দ্রীয় সরকার সরাসরি নিয়োগের একটি ব্যবস্থা শুরু করেছে, যেখানে প্রশাসনিক ক্ষেত্রের মধ্যম ও উচ্চ বর্গের পদের জন্য সরকার সরাসরি নিয়োগ করবে। এখন প্রশ্ন, এই নিয়োগের ভিত্তি কী হবে? এখানে মেধার ভূমিকা কী ভাবে নির্ধারিত হবে? ত্রিপুরা সরকার সম্প্রতি একটি নির্দেশ জারি করেছে যে, বেসরকারি এজেন্সি কমিশনের ভিত্তিতে সরকারের হয়ে তৃতীয় ও চতুর্থ শ্রেণির পদে নিয়োগ করবে। এখানেও প্রশ্ন, এই নিয়োগের ভিত্তি কী হবে? এই বেসরকারি এজেন্সি যাদের নিয়োগ করবে তারা যে সরকারের কাজের জন্য উপযুক্ত হবে, তার নিশ্চয়তা কোথায়? এও মনে রাখা দরকার যে, এই নিয়োগ ব্যবস্থায় দুর্নীতির যথেষ্ট সম্ভাবনা আছে, যদিও এই পদগুলিতে বেতন হবে সরকারি বেতনের অনেক কম।

গত কয়েক বছরে সরকারি ক্ষেত্রে নিয়োগ প্রায় বন্ধ করে দেওয়া হয়েছে। একটি হিসাবে দেখা যাচ্ছে যে, সরকারি শূন্যপদের সংখ্যা ২০ লক্ষের অধিক। এর মধ্যে শিক্ষা, সুরক্ষা এবং রেলে শূন্যপদের সংখ্যা অত্যধিক। সরকার বর্তমান কর্মচারীদের অসম হারে সাধ্যের অতিরিক্ত বেতন বাড়িয়েছে। এই অস্বাভাবিক বেতনবৃদ্ধির ক্ষেত্রেও বেসরকারিকরণের প্রভাব পড়েছে। অনেক বেসরকারি প্রতিষ্ঠান তাদের উচ্চ পদে কর্মরত ব্যক্তিদের অস্বাভাবিক বেতন দেয়। এই সব কর্মচারী আবার অনেকেই কর্পোরেট সংস্থাগুলির কার্যত মালিক। অস্বাভাবিক বেতনের মাধ্যমে অনেক সময় সংস্থাগুলির টাকা পাচার করা হয় এবং তার ফলে সংস্থা লালবাতি জ্বাললে ব্যাঙ্কের ঋণ অনাদায়ী হয়, মালিকদের কোনও লোকসান হয় না। এই বেসরকারি সংস্থার কর্মচারীদের বেতনকে দেখিয়ে সরকারি কর্মচারীরা নিজেদের বেতন বাড়িয়ে নিয়েছে, কিন্তু এর ফলে নতুন নিয়োগ সাংঘাতিক ভাবে কমে গেছে। কর্মী সংকোচন করে খরচ কমানোর চেষ্টা হচ্ছে। ফলে, এক দিকে সরকারি কাজের মান কমছে, অন্য দিকে বেকার ছেলেমেয়েদের সমস্যা বাড়ছে। সরকারি বেতন এবং সাধারণ বেসরকারি চাকরির মধ্যে বেতন বৈষম্য এমন হয়েছে যে চতুর্থ শ্রেণির পদেও পি এইচ ডি, ইঞ্জিনিয়াররা আবেদন করছে।

মেহরোত্রা ও পারিদার সমীক্ষা অনুযায়ী, শিক্ষিত বেকারের সংখ্যা ২০১১-১২ সালের ৬%-এর জায়গায় ২০১৭-১৮ সালে ১৮% হয়েছে। স্নাতক ও স্নাতকোত্তর স্তরে এই হার ২০১৭-১৮ সালে ৩৫%। বর্তমানে এই হার সম্ভবত আরও বেড়েছে। বোঝাই যাচ্ছে যে, শিক্ষিত বেকারদের সমস্যা আমাদের দেশে এক বিপর্যয়কর পরিস্থিতির সৃষ্টি করেছে। সুতরাং, এই বিষয়টিকে সরকারি স্তরে অনেক বেশি গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। চাকরির কোনও বিজ্ঞাপন দেওয়া হলে সময়ে নিয়োগের পরীক্ষা করতে হবে এবং মেধার ভূমিকাকে প্রতিষ্ঠিত করতে হবে। শুধু নির্বাচনের সময় লক্ষ লক্ষ চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে ভোট পাওয়ার চেষ্টা করলে সেটি বেকারদের সঙ্গে প্রতারণা করা হবে।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

বাংলা ব্যাকরণ

প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য।**

শব্দগঠনে ধাতুর ব্যবহার

● কল্লন + ময়ট্ = কল্লনময় (শব্দময়)।
কল্লোল + ইতচ্ = কল্লোলিত (ঢেউসমৃদ্ধ)।
দুষ্কল্ল + ইতচ্ = দুষ্কল্লিত (ক্ষতিকর শব্দে আচ্ছাদিত/পূর্ণ)।
অপকল্ল + ইতচ্ = অপকল্লিত (ক্ষতিকর শব্দে আচ্ছাদিত/পূর্ণ)।
প্রকল্ল + ইতচ্ = প্রকল্লিত (প্রকৃষ্টরূপে শব্দে আচ্ছাদিত/পূর্ণ) ইত্যাদি।
প্রকল্ল + ষ্ণায়ন = প্রকল্লায়ন (প্রকল্লে অর্থাৎ শব্দময়তায় যুক্ত করা)।
সুকল্ল + ষ্ণায়ন = সুকল্লায়ন (সুন্দর শব্দময়তায় যুক্ত করা)।
প্রকল্ল + ষ্ণ = প্রাকল্ল (উচ্চশব্দ থেকে জাত)।
প্রকল্ল + ইতচ্ = প্রকল্লিত (উচ্চ শব্দ থেকে জাত)।
● কল্লনময় + তা = কল্লনময়তা (শব্দময়তা)
কল্লনময় + ত্ব = কল্লনময়ত্ব (শব্দময়তা)
কল্লোল + ইন্ (ইনি) + ঈ (স্ত্রী) = কল্লোলিনী (নদী/কল্লোল আছে যাতে) ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য: লক্ষ্য করে দেখুন '√কল্ল্' ধাতুর সাহায্যে গঠিত প্রায় সব শব্দই অচলিত কিন্তু ব্যাকরণগতভাবে শুদ্ধ। সুতরাং, এগুলির ব্যবহার করা যেতে পারে।

▶ √অল্: এর অর্থ— নিবারণ করা, গুঞ্জন করা।
ধাতুর রূপ: অলতি, অলতঃ, অলন্তি/অলতে, অলেতে, অলন্তে ইত্যাদি।

● √অল্ +ক্ত/ত = অলিত (নিবারিত)।
√অল্ +অনট্ = অলন (নিবারণ/গুঞ্জন)।
√অল্ +তব্য = অলিতব্য
√অল্ +অনীয় = অলনীয়
√অল্ +যৎ = অল্য
√অল্ +তব্য = অলিতব্য
√অল্ +ণ্যৎ = আল্য
(নিবারণের যোগ্য/ যা নিবারণ করা উচিত)
√অল্ +অচ্ = অল
√অল্ +ঘঞ্ = আল
(বিষ)
√অল্ +ক্কুন্ (অক) = অলক (যা মুখ ভূষিত করে)।
√অল্ +শানচ্ = অলমান (গুজনরত)
√অল্ +ইন্(ই) = অলি (ভ্রমর)
√অল্ +ইন্দ (কিদচ্) = অলিন্দ (বারান্দা)।
√অল্ +ঈক (কীকন্) = অলীক (মিথ্যা)।
√অল্ +প = অল্প।
● প্র-√অল্ +ক্ত/ত = প্রালিত (প্রকৃষ্টরূপে নিবারিত) /প্রকৃষ্টরূপে গুঞ্জিত)
প্র-√অল্ +অনট্ = প্রালন (প্রকৃষ্টরূপে নিবারণ)
অপ-√অল্ +ক্ত/ত = অপালিত (নিকৃষ্ট উপায়ে নিবারিত)
অপ-√অল্ +অনট্= অপালন (নিকৃষ্ট উপায়ে নিবারণ)
উদ্-√অল্ +ক্ত/ত = উদলিত (উৎকৃষ্টরূপে নিবারিত)
উদ্-√অল্ +অনট্ = উদলন (উৎকৃষ্টরূপে নিবারণ)
দুঃ-√অল্ +ক্ত/ত = দুরলিত (নিকৃষ্ট উপায়ে নিবারিত)
দুঃ-√অল্ +অনট্ = দুরলন (নিকৃষ্ট উপায়ে নিবারণ)
প্র-√অল্ +তব্য = প্রালিতব্য (প্রকৃষ্টরূপে নিবারণের যোগ্য)
প্র-√অল্ +অনীয় = প্রালনীয় (প্রকৃষ্টরূপে নিবারণের যোগ্য)
প্র-√অল্ +যৎ = প্রাল্য (প্রকৃষ্টরূপে নিবারণের যোগ্য)
প্র-√অল্ +ণ্যৎ = প্রাল্য (প্রকৃষ্টরূপে নিবারণের যোগ্য) ইত্যাদি।
● অলনীয় +তা (তল্ + আ) = অলনীয়তা (নিবারণ যোগ্যতা)।
অলনীয় +ত্ব = অলনীয়ত্ব (নিবারণ যোগ্যতা)।
অল্য +তা = অল্যতা (নিবারণ যোগ্যতা)।
অল্য +ত্ব = অল্যত্ব (নিবারণ যোগ্যতা)।
অলক +বতুপ্ (বৎ) = অলকবৎ > অলকবান্ (অলকযুক্ত)।
অল +ময়ট্ (ময়) = অলময় (বিষময়)।
আল +ময়ট্ (ময়) = আলময় (বিষময়)।
অলক +ময়ট্ (ময়)= অলকময় (অলকে পূর্ণ)।
অলক +ইতচ্ (ইত) = অলকিত (অলকে সজ্জিত)।
প্রাল্য +তা = প্রাল্যতা (প্রকৃষ্টরূপে নিবারণযোগ্যতা)।
প্রালনীয় +তা = প্রালনীয়তা (প্রকৃষ্টরূপে নিবারণযোগ্যতা)।
অল্প +তা = অল্পতা।
অল্প +কন্ = অল্পক (ঈষৎ)।
● বিশেষ +√অল্ + ঘঞ্ = বিশেষাল (বিশেষ বিষ)।
বৃক্ষ +√অল্ +ঘঞ্ = বৃক্ষাল (বৃক্ষের বিষ)।
পত্র +√অল্ + ঘঞ্ = পত্রাল (পাতার বিষ/চিঠির বিষ)
ফল +√অল্ +ঘঞ্ = ফলাল (ফলের বিষ)।
কুকথা +√অল্ +ঘঞ্ = কুকথাল (কুকথারূপ বিষ)।
মহৎ +√অল্ +ঘঞ্ = মহদাল (মহাবিষ) ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য: এখানে গঠিত প্রায় ৩৮টি শব্দের মধ্যে 'অলক' বা 'অলকিত' বা 'অলকবৎ' প্রভৃতি কয়েকটি শব্দ ছাড়া বাকি সবগুলিই অচলিত শব্দ কিন্তু ব্যাকরণগতভাবে শুদ্ধ। সুতরাং কেউ ইচ্ছা করলে এর থেকে কোন শব্দের ব্যবহার নিজপ্রয়োজনানুযায়ী করতেই পারেন। পত্রাল, বৃক্ষাল, কথাল প্রভৃতি শব্দগুলি সহজে ব্যবহারযোগ্য।

▶√অশ্: এর অর্থ (ভোজন করা/ব্যাপ্ত হওয়া):
ধাতুররূপ: অশ্নাতি, অশ্নীতঃ অশ্নন্তি/অশ্নুতে, অশ্নাতে, অশ্নন্তে ইত্যাদি।

● √অশ্ +ক্ত/ত = অশিত (ভক্ষিত)।
√অশ্ +অনচ্ = অশন (ক্ষুধা/ভক্ষণ)।
√অশ্ +তব্য = অশিতব্য
√অশ্ +অনীয় = অশনীয়
√অশ্ +যৎ = অশ্য
(ভক্ষণের উপযুক্ত)

√অশ্ + ণ্যৎ = আশ্য
√অশ্ + অচ্ = অশ
√অশ্ + ঘঞ্ = আশ — ভক্ষণ
√অশ্ + অনি = অশনি (যা ব্যাপ্ত করে/বজ্র)
√অশ্ + মনিন্ = অশ্মন্ > অশ্ম/অশ্মা (প্রস্তর/যা সংহত হয়)
√অশ্ + রক্ (র) = অশ্র (যা নেত্র ব্যাপ্ত করে/অশ্রু)
√অশ্ + রু = অশ্রু (যা নেত্র ব্যাপ্ত করে/চোখের জল)
√অশ্ + ক্বন্ (ব) = অশ্ব (যা পথ ব্যাপ্ত করে; ঘোড়া)
√অশ্ + কনিন্ (অন্) = অষ্টন্ > অষ্ট
√অশ্ + ক্তিন্ (তি) = অষ্টি (বীজ, আঠি)
√অশ্ + ণিনি (ইন্) = আশিন্ > আশী (ভক্ষক)।
√অশ্ + উণ্ (উ) = আশু (শীঘ্র)।
● প্র-√অশ্ + ক্ত/ত = প্রাশিত (প্রকৃষ্টরূপে ভক্ষিত)।
প্র-√অশ্ + অনট্ = প্রাশন (প্রকৃষ্টরূপে ভক্ষণ)।
প্র-√অশ্ + অচ্ = প্রাশ (প্রকৃষ্টরূপে ভক্ষণ)
প্র-√অশ্ + ঘঞ্ = প্রাশ (প্রকৃষ্টরূপে ভক্ষণ)
প্র-√অশ্ + তব্য = প্রাশিতব্য
প্র-√অশ্ + অনীয় = প্রাশনীয় — (প্রকৃষ্টরূপে ভক্ষণের উপযুক্ত)
প্র-√অশ্ + যৎ = প্রাশ্য
প্র-√অশ্ + ণ্যৎ = প্রাশ্য
আ-√অশ্ + ক্ত/ত = আশিত (সম্যক্ ভক্ষিত)
আ-√অশ্ + অনট্ = আশন (সম্যক্ ভক্ষণ)
আ-√অশ্ + তব্য = আশিতব্য
আ-√অশ্ + অনীয় = আশনীয়
আ-√অশ্ + যৎ = আশ্য — (সম্যগ্‌রূপে ভক্ষণের উপযুক্ত)
আ-√অশ্ + ণ্যৎ = আশ্য
দুঃ-√অশ্ + ক্ত/ত = দুরশিত (কষ্টকরভাবে ভক্ষিত)
নিঃ-√অশ্ + ক্ত/ত = নিরশিত (ভক্ষণহীন/খাওয়া হয়নি)।
নিঃ-√অশ্ + অনট্ = নিরশন (উপবাস)
বি-√অশ্ + ক্ত/ত = ব্যশিত (বিশেষরূপে ভক্ষিত)
বি-√অশ্ + অনট্ = ব্যশন (বিশেষরূপে ভক্ষণ)
ইত্যাদি।
● অশনীয় + তা = অশনীয়তা
অশনীয় + ত্ব = অশনীয়ত্ব — (ভক্ষণযোগ্যতা)
অশ্য + তা = অশ্যতা
অশ্য + ত্ব = অশ্যত্ব
আশ্য + তা = আশ্যতা
আশ্য + ত্ব = আশ্যত্ব
প্রাশনীয় + তা = প্রাশনীয়তা (প্রকৃষ্টরূপ ভক্ষণযোগ্যতা)
প্রাশনীয় + ত্ব = প্রাশনীয়ত্ব (প্রকৃষ্টরূপ ভক্ষণযোগ্যতা)
ব্যশিত + তা = ব্যশিততা (বিশেষরূপ ভক্ষণযোগ্যতা)
ব্যশিত + ত্ব = ব্যশিতত্ব (বিশেষরূপ ভক্ষণযোগ্যতা)
অশ্ব + আ (স্ত্রী) = অশ্বা (ঘোটকী)
অশ্ব + ঈয় = অশ্বীয় (অশ্বসম্বন্ধীয়/অশ্বসমূহ)
অশ্ব/অশ্বা + ইন্ (ইনি) = অশ্বিন্ > অশ্বী মিথুন রাশি
অশ্বিন্ + ঈ (স্ত্রী) = অশ্বিনী (দেববৈদ্য)
ইত্যাদি।
● অষ্টন্ + কন্ = অষ্টক
অষ্টমূর্তি (শিব/ক্ষিতি, জল, রুদ্র, উগ্রবায়ু, ভীমাকাশ, পশুপতিযজমান, ঈশানসূর্য, মহাদেব সোমমূর্তি।)
অষ্টমঙ্গলা অষ্টাঙ্গ সাষ্টাঙ্গ
অষ্টরম্ভা অষ্টাদশ
অষ্ট-লৌহ অষ্টোত্তর
অষ্টধাতু ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য: এখানেও লক্ষ্য করুন- অসংখ্য অপ্রচলিত কিন্তু ব্যাকরণগত শব্দ গঠিত হয়েছে।

▶√অস্-এর অর্থ 'থাকা'/'গ্রহণ করা'/'দীপ্ত পাওয়া': অস্তি, স্তঃ, সন্তি/অসতি, অসতঃ, অসন্তি/অসতে, অসেতে, অসন্তে ইত্যাদি-এর অর্থ 'নিক্ষেপ করা' ও হয়। সেখানে ধাতুর রূপ: অস্যতি, অস্যতঃ, অস্যন্তি ইত্যাদি।

● √অস্ + ক্ত/ত = ভূত (যা হয়েছে): লক্ষণীয় -√ভূ + ক্ত/ত = ভূত [অস্ ধাতুর ক্ষেত্রে 'ক্ত' প্রত্যয়ে 'অস্' স্থানে 'ভূ' আদেশ হয়।]
√অস্ + ক্ত/ত = অস্ত (ত্যক্ত, নাশ, ক্ষয়, দীন)
√অস্ + অনট্ = অসন (ক্ষেপণ)।
√অস্ + রন্ (র) = অস্র (কেশ, কোণ, চোখের জল, রক্ত)।
√অস্ + রি = অস্রি (ক্রোধ)
√অস্ + রু = অস্রু (চোখের জল)।
√অস্ + তব্য = অসিতব্য
√অস্ + অনীয় = অসনীয় — হওয়ার উপযুক্ত/যোগ্য অথবা নাশের উপযুক্ত যোগ্য
√অস্ + যৎ = অস্য
√অস্ + ণ্যৎ = আস্য
√অস্ + ষ্ট্রন্ = অস্ত্র (যা নিক্ষেপ করা হয়)।
√অস্ + শতিপ্ (তি) = অস্তি (বর্তমান/বিদ্যমানতা) [এটি বিশেষ্য পদ]।
√অস্ + ঘঞ্ = আস (ক্ষেপণ/নাশ)।
√অস্ + ক্তিন্/তি = ভূতি।
√অস্ + মদিক্ (মদ্) = অস্মদ্।
● প্র-√অস্ + ক্ত/ত = প্রভূত
পরা-√অস্ + ক্ত/ত = পরাভূত
সম্-√অস্ + ক্ত/ত = সম্ভূত
অনু-√অস্ + ক্ত/ত = অনুভূত
বি-√অস্ + অনট্ = ব্যসন (নাশ/ক্ষয়)
বি-√অস্ + ঘঞ্ = ব্যাস (বিস্তৃতি)
অভি-√অস্ + ক্ত/ত = অভিভূত
অভি-√অস্ + ঘঞ্ = অভ্যাস
অভি-√অস্ + ক্ত/ত = অভ্যস্ত (অনুশীলিত)
বি-√অস্ + ক্তিন্/তি = বিভূতি
অনু-√অস্ + ক্তিন্/তি = অনুভূতি
— এই শব্দগুলি 'ভূ' ধাতুর সাহায্যেও নির্মিত হবে। এখানে 'অস্'-এর স্থানে 'ভূ' আদেশ মেনে শব্দগুলি গঠিত হয়েছে।

● বিভূতি + বতুপ্ (বৎ) = বিভূতিবৎ > বিভূতিবান্।
অস্মদ্ + ঈয় = অস্মদীয়/মদীয়।
অনুভূতি + ময়ট্ (ময়) = অনুভূতিময়।
অস্রু + ময়ট্ = অস্রুময়।
অভ্যস্ত + তল্ + আ (তা) = অভ্যস্ততা।
● বিশেষ + অনু + অস্ + তি = বিশেষানুভূতি
বিশেষ + অনু + √অস্ + অপ্ = বিশেষানুভব
সদা + অভি + √অস্ + ক্ত/ত = সদাভ্যস্ত
বদ্ + অভি + √অস্ + ঘঞ্ = বদভ্যাস
বদ্ + অভি + √অস্ + ক্ত/ত = বদভ্যস্ত

জেনারেল ইংলিশ

অধিকাংশ প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাধারণ ইংরেজি থেকে প্রশ্ন আসে। চাকরির পরীক্ষায় যে-ধরনের ইংরেজির প্রশ্ন আসে, এখানে তেমনই কিছু নমুনা প্রশ্ন সাজিয়ে দেওয়া হল। নিয়মিত চর্চা করলে ক্রমশ ইংরেজিতে দক্ষ হয়ে উঠবেন। প্রস্তুত করছেন **কমলেশ কুমার**।

Choose the appropriate preposition:

1. My brother is very weak ____ English.
(a) at (b) of (c) in (d) to
2. He is searching ____ the hidden treasure.
(a) in (b) at (c) to (d) for
3. Our headmaster is very proficient ____ Sanskrit.
(a) in (b) up (c) through (d) upto
4. He must take revenge ____ him.
(a) on (b) with (c) to (d) before
5. The pilot is responsible ____ the plane crash.
(a) to (b) in (c) of (d) for
6. Don't afraid ____ the ghost.
(a) of (b) off (c) in (d) to
7. Add two ____ four.
(a) to (b) too (c) for (d) in
8. The hunter aims ____ the bird.
(a) to (b) at (c) in (d) off
9. We all agreed ____ a point.
(a) on (b) to (c) with (d) at
10. I have no ambition ____ fame.
(a) of (b) to (c) on (d) for
11. He is now ashamed ____ his misdeeds.
(a) off (b) on (c) through (d) of
12. Beware ____ dog.
(a) of (b) off (c) in (d) about
13. The students burst ____ laughter.
(a) into (b) at (c) to (d) out
14. All the staff complained to the higher authority ____ the manager.
(a) on (b) to (c) against (d) for
15. The man is totally blind ____ his grandson's fault.
(a) at (b) in (c) to (d) of
16. The boy played ____ his flute in rapt attention.
(a) in (b) to (c) on (d) at
17. Our syllabus is similar ____ the other board.
(a) by (b) at (c) in (d) to
18. Please wait here ____ the bus.
(a) for (b) in (c) by (d) against
19. They were trespassing ____ others' land.
(a) at (b) of (c) on (d) for
20. By his grit and courage, the man triumphed ____ obstacles.
(a) over (b) on (c) for (d) with
21. He is so tall that he towers ____ everyone else.
(a) over (b) above (c) on (d) with
22. They could not help being impatient ____ the event.
(a) of (b) at (c) for (d) on
23. Emergency was imposed ____ the country on 26th June, 1975.
(a) on (b) upon (c) with (d) into
24. The boy is ill ____ fever.
(a) in (c) of (c) off (d) with
25. The oldman depends ____ his sons.
(a) upon (b) on (c) with (d) to
26. Our school is very close ____ the post office.
(a) of (b) off (c) with (d) to
27. The man died ____ cancer recently.
(a) by (b) with (c) from (d) of
28. Bimalbabu deals ____ rice.
(a) with (b) of (c) through (d) in
29. Our chief guest has presided ____ the meeting.
(a) over (b) in (c) to (d) with
30. John was absent ____ the meeting.
(a) in (b) to (c) from (d) with
31. They have much faith ____ god.
(a) in (b) on (c) to (d) into
32. I am confident _____ success.
(a) in (b) to (c) by (d) of
33. He is popular _____ everybody.
(a) to (b) with (c) beside (d) into
34. He is lame _____ his right leg.
(a) in (b) of (c) to (d) by
35. The book belongs _____ me.
(a) in (b) of (c) off (d) to
36. He was charged _____ theft.
(a) with (b) of (c) in (d) to
37. He despairs _____ success.
(a) with (b) of (c) in (d) to

38. The boy is devoid _____ common sense.
(a) in (b) to (c) of (d) by
39. The beggar died _____ negligence.
(a) of (b) in (c) through (d) by
40. The girl excels ______ dancing.
(a) at (b)*to (c) in (d) off

Select the alternative which is the best substitute for the phrase:

41. One of the large landmasses of the earth:
(a) Continent (b) Windfall (c) Euphemism (d) Nonentity
42. Send unwanted person out of the country, exile:
(a) Immigrant (b) Delirium (c) Deport (d) Oceanology
43. A child brought up by person who are not his parents:
(a) Sonorous (b) Ostracize (c) Foster child (d) Eavesdrooper
44. Thinking oneself superior to others:
(a) Truant (b) Culpable (c) Paranoia (d) Supercilious
45. One who does not care for art, literature etc.:
(a) Philistine (b) Naive (c) Plaintive (d) Bond
46. Bitter and violent attack in words:
(a) Diatribe (b) Savages (c) Barbarism (d) Bourgeois
47. Secret or illegal religious meeting:
(a) Conventicle (b) Numismatics (c) Unmailable (d) Feasible
48. A number of people proceeding together in an orderly way:
(a) Procession (b) Allegory (c) Incredible (d) Recluse
49. Use of force or threat to make someone angry:
(a) Coercion (b) Red-tapism (c) Pilferage (d) Apostle
50. List of goods with their price:
(a) Invoice (b) Colloquialism (c) Braggart (d) Monogamy
51. Injury to the nose, fingers or toes caused by extreme cold:
(a) Acronym (b) Cortege (c) Numb (d) Frostbite
52. A writing that cannot be read:
(a) Illegible (b) Palatable (c) Proponent (d) Dissimulate
53. Incapable of being practiced:
(a) Bankrupt (b) Impracticable (c) Emeritus (d) Euphonious
54. A book of instructions:
(a) Manual (b) Forgery (c) Euphonious (d) Creditable
55. Having presence or effect everywhere:
(a) Effeminate (b) Pervasive (c) Linguist (d) Creditable

Find out which part of the sentence has an errror and select the appropriate option. If a sentence is free from error, select 'No error':

56. The sheafs (a)/ of the wheat plants were too heavy (b)/ for the weak farmer to carry them on his head(c). / No error (d)
57. If Mahatma Gandhi (a)/ was alive, he would feel sorry for the poor and downtrodden who (b)/ still struggle everyday to make both ends meet (c). / No error (d)
58. Even those which (a)/ have no previous (b)/ work experience have (c)/ applied for this job. (d)
59. Hardly had he come out of the bus (a)/ then the bomb exploded (b)/ and shattered the bus into pieces (c)./ No error (d)
60. Either you (a)/ or he (b)/ are happy (c)./ No error (d)
61. Mr. Sinha, my friend, philosopher and guide not only stopped coming (a)/ here but also going to any place (b)/ which is related to his wife's life (c). / No error (d)
62. Rama must not to (a)/ have treated his maid (b)/ like that (c)./ No error (d)
63. Some people say that (a)/ her husband is in the jail (b)/ and so she lives alone. (c)/ No error (d)
64. I cannot say (a)/ if he has paid (b)/ the fee or not (c)./ No error (d)
65. A computer virus works exactly (a)/ like the biological variety (b)/ which invade the human body. (c)/ No error(d)
66. Of the billions of stars in the galaxy (a)/ how much are (b)/ suitable for life ? (c)/ No error (d)
67. She was in the courtyard (a)/ when the burglars (b)/ entered into her house (c)/ No error (d).
68. All the doubts are cleared (a)/ between (b)/ you and I (c). / No error (d)
69. Patience as well as perseverance (a) / are necessary (b) / for success (c). / No error (d)
70. The sum and substance (a)/ of his poem (b) are as follows (c). / No error (d)

ANSWERS

1(c), 2(d), 3(a), 4(a), 5(d), 6(a), 7(a), 8(b), 9(b), 10(d), 11(d), 12(a), 13(d), 14(c), 15(c), 16(c), 17(d), 18(a), 19(c), 20(a), 21(a), 22(b), 23(a), 24(b), 25(b), 26(d), 27(d), 28(d), 29(a), 30(c), 31(a), 32(d), 33(a), 34(b), 35(d), 36(b), 37(b), 38(c), 39(c), 40(b), 41(a), 42(c), 43(c), 44(d), 45(a), 46(a), 47(a), 48(a), 49(a), 50(a), 51(d), 52(a), 53(b), 54(a), 55(b), 56(a), 57(b), 58(a), 59(b), 60(c), 61(a), 62(a), 63(b), 64(b), 65(c), 66(b), 67(c), 68(c), 69(b), 70(c).

বিশেষ অর্থনৈতিক অঞ্চল

দেশের শিল্পসংস্থাগুলিকে যেসব আইন ও শর্ত কঠোর ভাবে মেনে চলতে হয়, বিশেষ অর্থনৈতিক অঞ্চলের শিল্পগুলির জন্য তাতে ছাড় রয়েছে অনেক। বদলে বিদেশি মুদ্রা অর্জন-সহ বেশ কিছু শর্ত আরোপ করা হয় সেগুলির উপর। দেশের সার্বিক আর্থিক প্রগতিতে সেজ-এর নির্দিষ্ট কিছু অবদান রয়েছে। আলোচনা করছেন **সৃষ্টিধর বেরা**।

বিশেষ অর্থনৈতিক অঞ্চল বা সেজ বলতে দেশের মধ্যে বিশেষভাবে চিহ্নিত এক বা একাধিক এলাকাকে বোঝায় যেখানে অবস্থিত শিল্প বা বাণিজ্যিক উদ্যোগগুলির পরিচালন-সংক্রান্ত নিয়মনীতি দেশের অন্য এলাকার থেকে আলাদা।

সেজ-এর বৈশিষ্ট্যসমূহ

● সেজগুলিকে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের সুযোগ, রপ্তানি বৃদ্ধির উদ্দেশ্যে বিশেষ কর-ছাড়, সহজ কর-কাঠামো, শ্রম আইনে ছাড় প্রভৃতি নানান সুযোগ-সুবিধা দেওয়া হয়। তবে সেজ এলাকার মধ্যে যে-যে প্রতিষ্ঠান গড়ে তোলা হয়, সেগুলির বিদেশি মুদ্রা অর্জন করার বাধ্যবাধকতা থাকে। বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলি কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের উদ্যোগে, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে অথবা সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে গড়ে তোলা যেতে পারে।

রপ্তানি বাণিজ্য বৃদ্ধির উদ্দেশ্যে এবং প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের পরিমাণ বাড়ানোর জন্য ভারতে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের উদ্দেশ্য

● রপ্তানি বাণিজ্য বৃদ্ধি করা এবং বহির্বাণিজ্যের হিসেবনিকেশে উদ্বৃত্ত সৃষ্টি। ● প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ বৃদ্ধি করা। ● অর্থনৈতিক উন্নয়নের গতি বৃদ্ধি করা এবং এই উন্নয়নের ইঞ্জিন হিসেবে সেজকে ব্যবহার করা। ● পরিষেবা ও পরিকাঠামোর গুণমান আন্তর্জাতিক স্তরে উন্নীত করা। ● কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা। ● অভ্যন্তরীণ উৎপাদনের পরিমাণ বাড়ানো।

ভারতে সেজ গঠনের জন্য প্রদত্ত সুযোগসমূহ

২০০৬ সালের সেজ-সংক্রান্ত নিয়মনীতি অনুসারে প্রদত্ত সুযোগ-সুবিধাগুলি হল:

● বোর্ড অব অ্যাপ্রুভাল-এর অনুমোদন-সাপেক্ষে অন্তঃশুল্ক ও বহিঃশুল্কে ছাড়। ● রপ্তানি বাবদ আয়ের উপর প্রথম ১০ বছর ১০০% আয়কর ছাড় এবং পরবর্তী ৫ বছর ৫০% আয়কর ছাড়। ● কেন্দ্রীয় বিক্রয়কর মকুব। ● পরিষেবা কর মকুব। ● ডিভিডেন্ড প্রদানের উপর কর ছাড়। ● সেজ গঠন, সেজের উন্নতি সাধন, সেজ রক্ষণাবেক্ষণ ইত্যাদি ব্যাপারে অভ্যন্তরীণ বা আন্তর্জাতিক বাজার থেকে কোনও জিনিস কেনা বা সংগ্রহ করার দরকার হলে প্রয়োজনীয় প্রশাসনিক সাহায্য প্রদান। ● অনুমোদিত ব্যাঙ্কিং প্রণালী বা পদ্ধতির মাধ্যমে ৫০ কোটি মার্কিন ডলার পর্যন্ত বহির্বাণিজ্যিক ঋণ গ্রহণের সুযোগ দেওয়া। ● সেজ-সংক্রান্ত বিষয়ের দ্রুত নিষ্পত্তির জন্য কেন্দ্র এবং রাজ্য স্তরে 'এক জানালা অনুমোদন'-এর বন্দোবস্ত ইত্যাদি।

সেজ গঠনের জন্য জমি অধিগ্রহণ

বিশেষ অর্থনৈতিক অঞ্চল বা সেজ গঠন হল জমির এক বিশেষ ধরনের ব্যবহার। বন্দরের কাছে, প্রশাসনিক কেন্দ্রের সন্নিকটে, উন্নত পরিবহণ, পরিষেবা ও পরিকাঠামোর সুযোগ-সমৃদ্ধ অঞ্চলে সেজ গঠন করা হয়। এক-একটি সেজ গড়ে তোলার জন্য প্রায় ৫ থেকে ১০ বর্গকিলোমিটার জমি লাগে। উন্নত এবং দক্ষ ব্যবস্থাপনায় সেজ থেকে প্রচুর আর্থিক লাভ পাওয়া গেলেও, প্রাথমিক পর্যায়ে সেজ-এর জন্য স্থান নির্বাচন করা এবং নির্বাচিত স্থানে প্রয়োজনমতো জমি পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের সমস্যা দেখা যায়। বিশেষত ● জনসংখ্যার ঘনত্ব যেখানে বেশি ● কৃষি যেখানে লাভজনক ● দো-ফসলি বা বহুফসলি জমির যেখানে প্রাধান্য ● জমি যেখানে ব্যক্তিগত বা ব্যবসায়িক সম্পদ হিসেবে বিশেষ ভাবে প্রার্থিত ● প্রশাসনিক দূরদর্শিতা ও দক্ষতার যেখানে অভাব ● রাজনৈতিক ক্ষুদ্র স্বার্থ যেখানে জনস্বার্থের প্রতিকূল ● ক্রয় বা অধিগ্রহণ বাবদ দেয় জমির মূল্য যেখানে খুবই নগণ্য, সেখানে সেজ গঠনের জন্য জমি পাওয়া সহজ নয়।

ভারতে জমির ব্যবহার ও জমি অধিগ্রহণের বিষয়টি রাজ্য তালিকার অন্তর্ভুক্ত। ১৮৯৪ সালের কেন্দ্রীয় জমি অধিগ্রহণ আইন (১৯৭১ সালে সংশোধিত) এবং ক্ষতিপূরণ ও পুনর্বাসন বিষয়ে রাজ্য সরকারি স্তরে গৃহীত সিদ্ধান্ত অনুসারে জমি অধিগ্রহণের বিষয়গুলি নিষ্পত্তি করা হয়।

সেজ-এর জন্য অধিগৃহীত জমি যাতে অপব্যবহার করা না হয়, সেই উদ্দেশ্যে ভারতে যে-সমস্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেগুলি হল—

● সেজের অন্তর্ভুক্ত কোনও জমি কোনও ব্যক্তি বা ডেভেলপার বা কো-ডেভেলপারকে বিক্রি করা বা লিজ দেওয়া যাবে না।

● সেজ-এর অভ্যন্তরীণ পরিষেবা ও পরিকাঠামো উন্নয়নের ভার যে-ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দেওয়া হয়, তাকে ডেভেলপার বলে। ডেভেলপার ঠিকমতো কাজ করতে না পারলে কেন্দ্রীয় সরকার সেজটির কর্তৃত্ব নিজের হাতে নিতে পারে এবং সেজটির জন্য প্রশাসক নিয়োগ করতে পারে।

● সেজের ভিতরে জমির ব্যবহারের নির্দিষ্ট ধরন বদল করা যাবে না।

ভারতে বিশেষ অর্থনৈতিক অঞ্চলের বৈশিষ্ট্য

● বিশেষ অর্থনৈতিক অঞ্চল বা সেজ, দেশের মধ্যে বাণিজিক কার্যকলাপ এবং কর ও শুল্কের ক্ষেত্রে একটি নিয়ন্ত্রণমুক্ত এলাকা।

● সেজ এলাকার মধ্যে আমদানির জন্য কোনও লাইসেন্স লাগে না।

● সেজ-এর মধ্যে শিল্পোৎপাদন এবং পরিষেবামূলক কাজকর্মের ক্ষেত্রে কোনও বাধা নেই।

● সেজ-এর অন্তর্গত কোম্পানিগুলিকে বাধ্যতামূলক ভাবে প্রতিষ্ঠার তিন বছরের মধ্যে রপ্তানির মাধ্যমে বিদেশি মুদ্রা আয় করার ক্ষমতা অর্জন করতে হয়।

● সেজ-এ উৎপাদিত বা প্রস্তুত করা কোনও সামগ্রী দেশের মধ্যে বিক্রি করতে হলে কেন্দ্রীয় ও রাজ্যস্তরে গৃহীত কর-কাঠামো মেনে চলতে হয়। দেশের অন্যান্য শিল্পসংস্থাকে যাতে কোনও অসম প্রতিযোগিতার মুখে পড়তে না হয়, সেজন্য এই ব্যবস্থা।

● সেজ-এর মধ্যে যে-কোনও কাজের জন্য সাব-কন্ট্র্যাক্টিং-এর সুযোগ আছে।

● আমদানি করা বা রপ্তানির জন্য নির্দিষ্ট সামগ্রী আবগারি দপ্তরের রুটিন পরীক্ষার অন্তর্ভুক্ত নয়।

● দেশের অন্যত্র অনুসৃত শ্রমআইন সেজ এলাকার মধ্যে কার্যকর হবে না।

ভারতে নবগঠিত বিশেষ অর্থনৈতিক অঞ্চল

এশিয়ার দেশগুলির মধ্যে ভারতই প্রথম রপ্তানি বাণিজ্যে উন্নতির উদ্দেশ্যে এক্সপোর্ট প্রসেসিং জোন-এর গুরুত্ব উপলব্ধি করে।

তামিলনাড়ু: ● নোকিয়া সেজ ● মাহিন্দ্র সিটি সেজ ● ফ্লেক্সট্রনিক্স সেজ ● ই টি থ ইনফ্রাস্ট্রাকচার আই টি সেজ

অন্ধ্রপ্রদেশ ● আদিদাস অ্যাপাশে সেজ ● উইপ্রো সেজ ● হায়দ্রাবাদ জেমস লিঃ সেজ

কর্নাটক: ● বায়ো-কন লিঃ সেজ ● ইলেক্ট্রনিক সিটি আই টি সেজ ● উইপ্রো সেজ

গুজরাত: ● রিল্যায়েন্স জামনগর সেজ ● মুন্দ্রা পোর্ট সেজ

মহারাষ্ট্র: শ্রীরাম বায়ো-ফার্মা পার্ক সেজ

ভারতে বিশেষ অর্থনৈতিক অঞ্চলের মাধ্যমে রপ্তানি

ভারতে বর্তমানে ১১টি সেজ থেকে রপ্তানি করা হয়। বিগত বছরগুলিতে সেজের মাধ্যমে রপ্তানি লক্ষ্যণীয় ভাবে বেড়েছে।

আর্থিক বর্ষ	রপ্তানি মূল্য (কোটি টাকা)	পূর্ববর্তী বছরের সাপেক্ষে বৃদ্ধির হার (%)
২০০৪-০৫	১৮৩১৪	৩২
২০০৫-০৬	২২৮৪০	২৪.৭
২০০৬-০৭	৩৪৬১৫	৫২
২০০৭-০৮	৬৬৬৩৮	৯২
২০০৮-০৯	৯৯৬৮৯	৫০

১৮৫৭-র মহাবিদ্রোহের প্রভাবে ব্রিটিশ শাসনতন্ত্রে পরিবর্তন

মহাবিদ্রোহের পর এ দেশে কোম্পানির শাসনের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠে যায় এবং ব্রিটিশ পার্লামেন্ট আইন পাশ করে ভারতের শাসনভার রানির হাতে তুলে দেয়। এরপর স্থানীয় স্বায়ত্তশাসনকে গুরুত্ব দেওয়া হলেও, এ দেশের সম্পদ লুঠ করে নিয়ে যাওয়ার ঔপনিবেশিক মানসিকতা বদলায় না। আলোচনা করছেন **মিতা গুহ**।

১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহ ব্যর্থ হলেও ভারতবর্ষে জাতীয়তাবোধ বিকাশে এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। এই বিদ্রোহের ফলে ইংল্যান্ডের শাসনকর্তারা ভারতীয় শাসনব্যবস্থায় পরিবর্তনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। ১৮৫৮ খ্রিস্টাব্দের ২ অগস্ট ব্রিটিশ পার্লামেন্ট 'ভারত শাসন আইন' পাশ করে। ব্রিটিশ পার্লামেন্টের এই আইন মোতাবেক ভারতের শাসনক্ষমতা ইস্ট ইন্ডিয়া কোম্পানি নামক বাণিজ্যিক সংস্থার হাত থেকে ইংল্যান্ডের রানির হাতে চলে যায়। ভারত শাসনের দায়িত্ব অর্পিত হয় ভারত-সচিবের উপর। ভারত-সচিবকে পরামর্শ দানের জন্য পনেরো জন সদস্য নিয়ে 'ইন্ডিয়া কাউন্সিল' নামে একটি পরিষদ গঠিত হয়। রানির প্রতিনিধি হিসেবে ভারতীয় শাসনব্যবস্থা পরিচালনা করার জন্য গভর্নর জেনারেলের নতুন নাম হয় ভাইসরয়।

ভারত-সচিবের কাউন্সিলে একজনও ভারতীয় প্রতিনিধি ছিলেন না। অন্য দিকে ভারত সরকারের উপর ব্রিটিশ শিল্পপতি, ব্যবসায়ী ও ব্যাঙ্ক মালিকদের প্রভাব বাড়ছিল। এর ফলে ব্রিটিশ শাসন আরও প্রতিক্রিয়াশীল হয়ে ওঠে।

আইন-প্রণয়নের যাবতীয় ক্ষমতা কাউন্সিলের হাতে থাকায় মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সিতে অসুবিধার সম্মুখীন হতে হয়। ১৮৬১ খ্রিস্টাব্দে এক নতুন আইন পাশ হয়, যার নাম 'ভারতীয় কাউন্সিল আইন'। এই আইন অনুসারে আইন-পরিষদ তৈরি হয়। মাদ্রাজ ও বোম্বাইয়ের প্রাদেশিক সরকার আইন প্রণয়নের ক্ষমতা ফিরে পায়। কাউন্সিলের বেসরকারি সদস্য হিসেবে কিছু উচ্চপদস্থ ভারতীয়কে নেওয়া হয়। তবে এঁদের মধ্যে ভারতীয় রাজনৈতিক চিন্তাধারার অভাব ছিল।

১৮৫৮ খ্রিস্টাব্দের পরেও প্রকৃত অর্থে সাধারণ ভারতীয়দের শাসনব্যবস্থায় কোনও প্রভাব ছিল না। ১৮৬১ খ্রিস্টাব্দের শাসনতান্ত্রিক পরিবর্তনের মধ্যে ছিল পর্যায়ক্রমে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থার প্রবর্তন। ব্রিটিশ ভারতের বিভিন্ন শহরে উনিশ শতকের প্রথমার্ধে পৌর প্রতিষ্ঠান স্থাপিত হয়েছিল। পৌরসভার সদস্যরা সরকার কর্তৃক মনোনীত হতেন। ১৮৭০ খ্রিস্টাব্দে লর্ড মেয়োর শাসনকালে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থার বিস্তার ও উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ব্যবস্থা গৃহীত হয়। পুলিশ, কারা, শিক্ষা, স্বাস্থ্য, পূর্ত প্রভৃতি কয়েকটি ক্ষেত্রে ব্যয় নির্বাহের জন্য প্রদেশগুলিকে অর্থ বরাদ্দ করা হয়।

১৮৭৭ খ্রিস্টাব্দে লর্ড লিটন ভূমিরাজস্ব, আবগারি, সাধারণ প্রশাসন, আইন ও বিচারবিভাগ-সংক্রান্ত ব্যয়ের দায়িত্বও প্রদেশগুলির হাতে ছাড়েন। ১৮৮২ খ্রিস্টাব্দে লর্ড রিপন জনসাধারণের থেকে সংগৃহীত রাজস্বকে কেন্দ্রীয়, প্রাদেশিক ও যৌথ— এই তিন তালিকাভুক্ত করেন। তবে, ব্রিটিশ পার্লামেন্টের বিরোধিতায় সব সংস্কারমূলক ব্যবস্থা কার্যকর হয়নি। এই বিতর্ক ভারতের রাজনৈতিক আন্দোলনে প্রভাব বিস্তার করেছিল।

১৮৫৭-র মহাবিদ্রোহের প্রেক্ষিতে ব্রিটিশ সরকার উপলব্ধি করেছিল, ভারতবর্ষে শাসনব্যবস্থা কায়েম রাখতে গেলে দেশীয় রাজন্যবর্গের আনুগত্য প্রয়োজন। মহারানির ঘোষণাপত্রে (নভেম্বর, ১৮৫৮) প্রতিশ্রুতি দেওয়া হয় যে, তাঁদের রাজ্য অধিগ্রহণ করা হবে না এবং তাঁদের সঙ্গে সন্ধির শর্তগুলিকে যথাযোগ্য মর্যাদা দেওয়া হবে।

(a) 6 (b) 12 (c) 21 (d) 32

66. Ramesh ranks 13th in a class of 33 students. There are 5 students below Suresh rankwise. How many students are there between Ramesh and Suresh?

(a) 12 (b) 14 (c) 15 (d) 16

67. Suresh's sister is the wife of Ram. Ram is Rani's brother. Ram's father is Madhur. Sheetal is Ram's grandmother. Rema is Sheetal's daughter-in-law. Rohit is Roni's brother's son. Who is Rohit to Suresh?

(a) Brother-in-law (b) Son (c) Brother (d) Nephew

68. If DANCE is coded as GXQZH then how will RIGHT be coded?

(a) UFJEW (b) SGKFX (c) UFJWE (d) UFWJE

69. If LOSE is coded as 1357 and GAIN is coded as 2468, What do the figures 84615 as 2468, what do the figures 84615 stand for?

(a) NAILS (b) SNAIL (c) LANES (d) SLAIN

70. From the given alternative words, select the word which cannot be formed using the letters of the given word:

'COMPREHENSION'

(a) COMPRISE (b) PERSION (c) ONION (d) PREACH

71. From the given alternative words. Select the word which can be formed using the letters of the given word.

'MULTIPLICATION'

(a) MUTUAL (b) LIMITATION (c) APPLICATION (d) NOTION

Direction (72 to 74): *In each of the following questions, select the missing number from the given responses.*

72.

(a) 40 (b) 48 (c) 50 (d) 36

73. Which diagram correctly represents the relationship between politicians, poets and women?

(a) (b) (c) (d)

74. Some equations are solved on the basis of a certain system. Find the correct answer for the unsolved equation on that basis.

If $324 \times 289 = 35$, $441 \times 484 = 43$

$625 \times 400 = 45$

Find the value of 256×729

(a) 33 (b) 35 (c) 43 (d) 34

Direction: *If a mirror is placed on the line MN, then which of the answer figures is the correct image of the given question figure?*

75. Question Figure

N
M

Answer Figures

(a) (b) (c) (d)

Quantitative aptitude

76. If $x = (3 + \sqrt{8})$, then $(x^2 + \frac{1}{x^2}) = ?$

(a) 30 (b) 34 (c) 36 (d) 38

77. The selling price of an article with sales taxes is Rs. 1,232. The rate of sales tax is 10%. If the shopkeeper gained 12%, the cost price of the article is:

(a) Rs. 950 (b) Rs. 1000 (c) Rs. 1120 (d) Rs. 900

78. One side of a right angled triangle is 126 cm long. The difference between the hypotenuse and the other remaining side is 42 cm. The length of the hypotenuse is:

(a) 168 cm (b) 189 cm (c) 210 cm (d) None of these

79. The average of three numbers is 77. If the first and second numbers be 78 and 79 respectively, find the third number.

(a) 71 (b) 73 (c) 70 (d) 74

80. A defective TV costing Rs. 5,000 is being sold at a loss of 50%. If the price is further reduced by 50%, then its selling price is:

(a) Rs. 1,225 (b) Rs. 1,250 (c) Rs. 1025 (d) Rs. 1,200

81. If the product of two numbers is 5 and one of the numbers is $\frac{3}{2}$, then the sum of the two numbers is:

(a) $4\frac{5}{6}$ (b) $4\frac{1}{3}$ (c) $4\frac{2}{3}$ (d) $5\frac{1}{6}$

82. If $(a^2 + b^2) = (a^3 + b^3)^2$, then $\frac{a}{b} + \frac{b}{a}$ is:

(a) $\frac{1}{3}$ (b) $\frac{2}{3}$ (c) $-\frac{1}{3}$ (d) $-\frac{2}{3}$

83. The numerical value of

$\left(\frac{1}{\cos\theta} + \frac{1}{\cot\theta}\right)\left(\frac{1}{\cos\theta} - \frac{1}{\cot\theta}\right)$ is:

(a) 0 (b) –1 (c) 2 (d) 1

84. Find the value of $\frac{12!}{10!} - \frac{6!}{4!}$

(a) 90 (b) 96 (c) 102 (d) 122

85. 605 sweets were distributed equally among children in such a way that the number of sweets received by each child is 20% of the total number of children. How many sweets did each child receive?

(a) 11 (b) 12 (c) 14 (d) 15

86. In an examination, 42% students failed in Hindi and 52% failed in English. If 17% failed in both the subjects, the percentage of those who passed in both the subjects is:

(a) 23% (b) 27% (c) 34% (d) 40%

87. A shopkeeper claims to sell his articles at a discount of 10%, but marks his articles by increasing the cost of each by 20%. His gain percent is:

(a) 6% (b) 8% (c) 10% (d) 12%

88. If the length, breadth and height of a cuboid are 2 m, 2 m and 1m respectively, then its surface area (in square metre) is:

(a) 8 (b) 12 (c) 16 (d) 24

89. If the diameter of the base of a right circular cylinder is r and its height is equal to the radius of the base, then volume is:

(a) $\frac{\pi r^3}{8}$ (b) $\frac{1}{8}\pi r^3$ (c) $2\pi r^3$ (d) $4\pi r^3$

90. In a right angled triangle the square of the hypotenuse is equal to twice the product of the other two sides, one of the acute angles of the triangle is:

(a) 45° (b) 60° (c) 30° (d) 90°

91. The value of $\sec^2 45° + 2 \tan 135°$ is:

(a) 0 (b) 1 (c) 2 (d) 4

92. A man sold an article at 20% loss for Rs. 480. At what price he has to sell it to earn the profit of 20%?

(a) Rs. 600 (b) Rs. 720 (c) Rs. 750 (d) Rs. 840

93. A boy was asked to find the value of $\frac{3}{8}$ of a sum of money. Instead of multiplying the sum by $\frac{3}{8}$ he divided it by $\frac{3}{8}$ and then his answer exceeded by Rs. 55. Find the correct value.

(a) Rs. 240 (b) Rs. 24 (c) Rs. 1120 (d) Rs. 712

94. The value of $\sqrt{5+2\sqrt{6}} - \frac{1}{\sqrt{5+2\sqrt{6}}}$ is:

(a) $3\sqrt{2}$ (b) $2\sqrt{3}$ (c) $1+\sqrt{5}$ (d) $2\sqrt{2}$

95. The product of the L.C.M. and H.C.F. of two numbers is 24. The difference of the two numbers is 2. Find the numbers.

(a) 6 and 8 (b) 8 and 10 (c) 2 and 4 (d) 6 and 4

96. In a school 70% of the students are girls. The number of boys are 510. Then the total number of students in the school is:

(a) 850 (b) 1,700 (c) 1,830 (d) 1,900

97. Two right circular cylinders of equal volume have their heights in the ratio 1 : 2. The ratio of their radii is:

(a) $\sqrt{2}$: 1 (b) 2 : 1 (c) 1 : 2 (d) 1 : 4

98. Sum of two numbers is 40 and their product is 375. What will be the sum of their reciprocals?

(a) $\frac{8}{75}$ (b) $\frac{1}{40}$ (c) $\frac{75}{8}$ (d) $\frac{75}{4}$

99. The average marks of three classes of 55, 60 and 45 students respectively is 50, 55 and 60, then the average marks of all the students is:

(a) 53.68 (b) 54.68 (c) 54.08 (d) 53.88

100. $(2.4 \times 10^3) \div (8 \times 10^{-2})$ equals:

(a) 3×10^5 (b) 3×10^4 (c) 3×10^{-5} (d) 3×10^{-3}

Answer

1(a), 2(b), 3(b), 4(a), 5(b), 6(d), 7(a), 8(d), 9(c), 10(c), 11(b), 12(d), 13(b), 14(b), 15(a), 16(c), 17(a), 18(b), 19(b), 20(d), 21(c), 22(c), 23(c), 24(b), 25(b), 26(d), 27(d), 28(d), 29(a), 30(c), 31(d), 32(c), 33(d), 34(b), 35(c), 36(b), 37(b), 38(a), 39(a), 40(a), 41(c), 42(b), 43(b), 44(c), 45(c), 46(d), 47(d), 48(c), 49(d), 50(d), 51(c), 52(c), 53(c), 54(d), 55(d), 56(b), 57(d), 58(b), 59(d), 60(d), 61(d), 62(b), 63(a), 64(b), 65(a), 66(b), 67(d), 68(a), 69(a), 70(d), 71(b), 72(a), 73(d), 74(c), 75(b), 76(b), 77(b), 78(c), 79(d), 80(b), 81(a), 82(b), 83(d), 84(c), 85(a), 86(a), 87(b), 88(c), 89(a), 90(a), 91(a), 92(b), 93(b), 94(d), 95(d), 96(b), 97(a), 98(a), 99(b), 100(b).

Solutions

51(c): C F I L
↓+12 ↓+12 ↓+12 ↓+12
O R U X

Similarly, D G J M
↓+12 ↓+12 ↓+12 ↓+12
P S V Y

52(c): B E H K : Y V S P (+3 +3 ; +3 +3 ; +3 ; +3)

In English alphabet 'B' is in the 2nd position and in reverse order 'Y' is in the 2nd position.
E, V; H, S and K, P also has the same relation.
Similarly, DGJM : WTQN

53(c): $24 \times 2.5 = 60$, $120 \times 2.5 = 300$.

54(d): $1 + 2 + 3 = 6$; $(6)^2 = 36$
$2 + 2 + 1 = 5$; $(5)^2 = 25$

55(d): Architect construct buildings. Similarly Sculptor creates statue.

56(b):
P →(+1) Q →(+2) S →(+2) U
B →(+1) C →(+14) Q →(−3) N
A →(+1) B →(+2) D →(+2) F
M →(+1) N →(+2) P →(+2) R

57(d): A B Y Z
1 2 (2 1) → in reverse order
C D W X
3 4 (4 3) → in reverse order
E F U V
5 6 (6 5) → in reverse order
G H T V
7 8 (7 5) → in reverse order

58(b): The number 841 is a perfect square.
$841 = 29 \times 29$.

59(d): Except driving, all other activities are performed in water.

60(d): +3 +3 +3
+3 +3 +3
+3 +3 +3
+3 +3 +3

61(d): 56 90 132 184 248 [ ]
34 42 52 64 78
8 10 12 14
2 2 2

62(c): 0 4 8 24 64 176 480
+4 +4 +16 +40 +112 +304
$(4+4)\times 2$ $(4+16)\times 2$ $(16+40)\times 2$ $(40+112)\times 2$

63(a): 30 September 1998 ⇒ Wednesday
30 September 1999 ⇒ Thursday, 30 September 2000 ⇒ Saturday
Because 2000 is a Leap year and there is one extra day in the month of February.
30 September 2001⇒ Sunday, 30 September 2002 ⇒ Monday
30 September 2003 ⇒ Tuesday, An ordinary year has one odd day.

64(b): Each second-space equals 1°
A clock gains five minutes every hour.
It means the clock gains $\frac{5}{60}$ minutes in the one minute, $\frac{5}{60} \times 360^\circ = 30^\circ$
The second hand will traverse 360.5° in one minute.

65(a): [ ] 12 21 32 45 [ ]
+7 +9 +11 +13 +15
+2 +2 +2 +2
Therefore, the number 6 is wrong in the series.

66(b): The rank of Suresh = (33 − 5) = 28th
13th 28th
→ [ ] ......14 students...... [ ]

67(d): Ram is brother of Rani.
Rohit is son of Ram.
Suresh is maternal uncle of Rohit.
Therefore, Rohit is nephew of Suresh.

68(a): D A N C E
↓+3 ↓+3 ↓+3
G X Q Z H

R I G H T
↓+3 ↓+3 ↓+3
U F J E W

69(a): L O S E G A I N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
1 3 5 7 2 4 6 8

Threfore, 8 4 6 1 5
↓ ↓ ↓ ↓ ↓
N A I L S

70(d): There is no 'A' letter in the keyword.

71(b): [ ]U[ ][ ]PLIC[ ]

22(a): $(21 + 1) - 2 = 22 - 2 = 20$
$(22 + 2) - 1 = 24 - 1 = 23$, $(? + 5) - 2 = 43$
$\Rightarrow ? = (43 + 2) - 5 = 45 - 5 = 40$.

73(d): Some politicians may be poets and vice-versa.
Some politicians may be women and vice-versa.
No poet can be women as women poet is called poetess.

74(c): $\sqrt{324} = 18$, $\sqrt{289} = 17$, $18 + 17 = 35$
$\sqrt{441} = 21$, $\sqrt{484} = 22$, $21 + 22 = 43$
$\sqrt{256} = 16$, $\sqrt{729} = 27$, $16 + 27 = 43$

76(b): $x = (3 + \sqrt{8})$
$$\frac{1}{x} = \frac{1}{3+\sqrt{8}} \times \frac{3-\sqrt{8}}{3-\sqrt{8}} = \frac{3-\sqrt{8}}{9-8} = 3 - \sqrt{8}$$

$\therefore x + \frac{1}{x} = 6$ or, $\left(x + \frac{1}{x}\right)^2 = 36$ or, $x^2 + \frac{1}{x^2} + 2 = 36$

or, $\left(x^2 + \frac{1}{x^2}\right) = 34$

77(b): Cost price of article = Rs. x

∴ Selling price + Sales tax = Rs. 1,232

$\frac{112x}{100} + \frac{112x}{1000} = 1232$

or, $\frac{1120x + 112x}{1000} = 1232$

or, $1232x = 1232 \times 1000$ or, x = Rs. 1,000.

78(c): Length of hypotenuse = x cm

∴ Other side = (x – 42) cm

$\therefore (x - 42)^2 + (126)^2 = x^2$ ($\because p^2 + b^2 = h^2$)

or, $x^2 + 42 \times 42 - 84x + 126 \times 126 = x^2$

or, $84x = 42 \times 42 + 126 \times 126$

or, $84x = 42 \times 42 (1 + 3 \times 3)$

or, $84x = 42 \times 42 \times 10$

or, $x = \frac{42 \times 42 \times 10}{84} = 210$ cm.

79(d): Third number = $77 \times 3 - 78 - 79$

= 231 – 78 – 79 = 74.

80(b): Effective percentage loss

$= \left(-50 - 50 + \frac{50 \times 50}{100}\right)\% = -75\%$

∴ Selling price = 25% of 5,000 = $\frac{5{,}000 \times 25}{100}$ = Rs. 1,250.

81(a): ab = 5

$\frac{3}{2} \times b = 5, b = \frac{10}{3}$

Thus, $a = \frac{3}{2}$ and $b = \frac{10}{3}$

$a + b = \frac{3}{2} + \frac{10}{3} = \frac{29}{6} = 4\frac{5}{6}$.

82(b): $(a^2 + b^2)^3 = (a^3 + b^3)^2$

or, $a^6 + b^6 + 3a^2b^2 (a^2 + b^2)$

or, $a^6 + b^6 + 2a^3b^3$

or, $3 (a^2 + b^2) = 2ab$

or, $\frac{a^2 + b^2}{ab} = \frac{2}{3}$ or, $\frac{a}{b} + \frac{b}{a} = \frac{2}{3}$.

83(d): $\left(\frac{1}{\cos\theta} + \frac{1}{\cot\theta}\right)\left(\frac{1}{\cos\theta} - \frac{1}{\cot\theta}\right)$

$= \left(\frac{1}{\cos\theta} + \frac{\sin\theta}{\cos\theta}\right)\left(\frac{1}{\cos\theta} - \frac{\sin\theta}{\cos\theta}\right)$

$= \frac{1 + \sin\theta}{\cos\theta} \times \frac{1 - \sin\theta}{\cos\theta} = \frac{1 - \sin^2\theta}{\cos^2\theta} = \frac{\cos^2\theta}{\cos^2\theta} = 1.$

84(c): $\frac{12!}{10!} - \frac{6!}{4!} = \frac{12 \times 11 \times 10!}{10!} - \frac{6 \times 5 \times 4!}{4!}$

= 132 – 30 = 102.

85(a): Let the total number of children be x

Then, $x \times \frac{20}{100} \times x = 605$

or, $\frac{x^2}{5} = 605$ or, $x^2 = 3025$ or, $x = \sqrt{3025} = 55$

No. of sweets received by each child = $\left(\frac{20}{100} \times 55\right)$

= 11.

86(a): Failed in Hindi only = (42 – 17) = 25

Failed in English only = (52 – 17) = 35

Failed in both = 17

∴ Passed in both = 100 – (25 + 35 + 17)

= (100 – 77)% = 23%.

87(b): Let CP be Rs. 100

Then, MP = Rs. 120

SP = Rs. $\left(\frac{90}{100} \times 120\right)$ = Rs. 108, Gain = 8%.

88(c): Surface area of the cuboid = $2 (2 \times 2 + 2 \times 1 + 2 \times 1) = 16 \text{ m}^2$.

89(a): Radius of the base of the cylinder = $\frac{r}{2}$

and height of the cylinder = $\frac{r}{2}$

∴ Volume of the cylinder = $\pi\left(\frac{r}{2}\right)^2 \times \frac{r}{2} = \frac{\pi r^3}{8}$.

90(a): $AC^2 = 2BC \times AB$

But $AC^2 = AB^2 + BC^2$

$\therefore AB^2 + BC^2 = 2BC \times AB$

or, $(AB - BC)^2 = 0$ or, AB = BC

∴ ∠A = ∠C ∴ ∠A = ∠C = 45°.

91(a): $\sec^2 45^\circ + 2 \tan 135^\circ = \left(\sqrt{2}\right)^2 - 2(-1)$

= 2 – 2 = 0.

92(b): According to the question, 80% = 480

$\therefore 120\% = \frac{480 \times 120}{80}$ = Rs. 720

Therefore, for 20% profit the SP of article be Rs. 720.

93(b): Let the amount be Rs. x

∴ According to question, $\frac{8x}{3} - \frac{3x}{8} = 55$

or, x = 24.

94(d): $\sqrt{5+2\sqrt{6}} - \frac{1}{\sqrt{5+2\sqrt{6}}} = \frac{\left(\sqrt{5+2\sqrt{6}}\right)^2 - 1}{\sqrt{5+2\sqrt{6}}}$

$= \frac{5+2\sqrt{6}-1}{\sqrt{5+2\sqrt{6}}} = \frac{4+2\sqrt{6}}{\sqrt{5+2\sqrt{6}}} = 2\sqrt{2}$.

95(d): From options, the product of 6 and 4 = 24 and the difference = 6 – 4 = 2.

96(b): Percentage of boys = 100% – 70% = 30%

∴ According to question, 30% = 510

$\therefore 100\% = \frac{510}{30} \times 100 = 1700.$

97(a): Let radius are r_1 and r_2 respectively

then $\pi r_1^2 h_1 = \pi r_2^2 h_2$ where h_1 and h_2 are heights.

∴ According to question,

$h_1 : h_2 = 1 : 2$ $\therefore r_1 : r_2 = \sqrt{h_2 : h_1} = \sqrt{2:1} =$: 1.

98(a): xy = 375 and x + y = 40

∴ Sum of reciprocals = $\frac{x+y}{xy} = \frac{40}{375} = \frac{8}{75}$.

99(b): The required average marks

$= \frac{55 \times 50 + 60 \times 55 + 45 \times 60}{55 + 60 + 45}$

$= \frac{2750 + 3300 + 2700}{160} = \frac{8750}{160} = 54.68.$

100(b): $\frac{2.4 \times 10^3}{8 \times 10^{-2}} = \frac{24 \times 10^3}{8 \times 10 \times 10^{-2}} = \frac{24 \times 10^3 \times 10}{8}$

$= 3 \times 10^4$.

সংবাদ শিরোনামে

(১-২৮ ফেব্রুয়ারি ২০২১)

শীর্ষ ব্যক্তিত্ব *

জো বাইডেন ও নরেন্দ্র মোদী: আমেরিকায় ক্ষমতায় আসার পর ৮ ফেব্রুয়ারি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে প্রথমবার ফোনে কথা বললেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নিজেই এই খবর টুইট করে জানিয়েছেন মোদী। টুইটে তিনি জানান, আঞ্চলিক বিষয় ও ভারত-আমেরিকা উভয়ের অগ্রাধিকারের বিষয়ে আলোচনা হয়েছে। জলবায়ু পরিবর্তনের বিষয়ে সহযোগিতা করার কথাও আলোচিত হয়েছে। অপর একটি টুইটে মোদী লিখেছেন, 'আমরা আন্তর্জাতিক নিয়ম মেনে চলার বিষয়ে অঙ্গীকারবদ্ধ। ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় এবং বহির্বিশ্বে শান্তি-সুস্থিতি বজায় রাখার ক্ষেত্রেও কৌশলগত পারস্পরিক নির্ভরশীলতা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে আমরা সহমত হয়েছি। দুই রাষ্ট্রনেতার কথাবার্তার পরই হোয়াইট হাউস থেকেও মার্কিন প্রেসিডেন্টের বক্তব্য সংবাদমাধ্যমকে জানানো হয়। সেখানে বলা হয়, মার্কিন প্রেসিডেন্ট ভারতের প্রধানমন্ত্রীকে জানিয়েছেন বিশ্বের যে-কোনও প্রান্তেই গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে রক্ষা করাই তাঁর প্রথম লক্ষ্য। তিনি আরও আশা প্রকাশ করেছেন, ভারতও তার গণতান্ত্রিক মূল্যবোধ বজায় রেখে চলবে।

নির্মলা সীতারামন ও অমিত মিত্র: ১ ফেব্রুয়ারি বছরভর চলা করোনার কারণে দেশের ইতিহাসে এই প্রথম পেপারলেস বাজেট পেশ হল সংসদে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন তাঁর পেশ করা বাজেটে আয়করে ছাড় দিয়ে অর্থনীতিতে চাহিদা বাড়ানোর পথে হাঁটলেন না, তার বদলে পরিকাঠামো, স্বাস্থ্য, প্রতিরক্ষার মতো ক্ষেত্রে বিনিয়োগ বাড়িয়ে এবং কর্মসংস্থান তৈরি করে অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টায় জোর দিলেন। সীতারামন বলেন, 'আমরা কর্মসংস্থান তৈরির জন্য ব্যয় করেছি। গণপরিকাঠামো নির্মাণের উপর জোর দেওয়া হয়েছে; এমএসএমই-র সংজ্ঞা সংশোধন করা হয়েছে। এ সবই করা হয়েছে মধ্যবিত্তেরা উপকৃত হবেন বলে।' পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী অমিত মিত্র কেন্দ্রীয় অর্থমন্ত্রীর দাবি নস্যাৎ করে বলেছেন এই বাজেট দিশাহীন ও ধন্দে পূর্ণ, কারণ এই বাজেটে অর্থনীতিতে চাহিদা বাড়বে না। তাঁর কথায়, 'অর্থনীতিতে এখন যেটা আশু প্রয়োজন, তা হল চাহিদা বাড়ানো। আর সেটা করার কোনও উপায় এই বাজেটে নেই। এই বাজেটের উদ্দেশ্য কেবল রাষ্ট্রের সম্পত্তি বিক্রি করা।

জেনারেল মিং অং হাইং: মায়ানমারের সামরিক অভ্যুত্থান 'অপরিহার্য' ছিল বলে ৩ ফেব্রুয়ারি দাবি করলেন মায়ানমারের সেনাপ্রধান জেনারেল মিং অং হাইং। সে দেশে সেনা অভ্যুত্থানের পর এই প্রথম মুখ খুললেন তিনি। উল্লেখ্য, ২০২০ সালের নভেম্বরের নির্বাচনে সরকার পক্ষ কারচুপি করেছে এই অভিযোগ তুলে সু কি-র সরকার এবং সেনাবাহিনীর মধ্যে একটা টানাপড়েন চলছিল। এই নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয় সু কি-র দল ন্যাশনাল লিগ ফর ডেমোক্র্যাসি (এনএলডি)। সংসদের অধিবেশন শুরু হওয়ার আগেই সেনা অভ্যুত্থান ঘটল সে দেশে।

রিহানা, গ্রেটা থুনবার্গ ও মিয়া খলিফা: ভারতের কৃষক আন্দোলনের সমর্থনে বক্তব্য পেশ করলেন আন্তর্জাতিক পপ তারকা রিহানা। ৩ ফেব্রুয়ারি একটি খবরের লিঙ্ক ট্যুইট করে তিনি লেখেন, 'আমরা এটা নিয়ে কথা বলছি না কেন?' এর পরই বিষয়টির সমর্থনে সরব হলেন গ্রেটা থুনবার্গ, মিয়া খলিফাদের মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্বরাও।

গুলাম নবি আজাদ: কৃষি আইন প্রত্যাহার করা নিয়ে ৩ ফেব্রুয়ারি রাজ্যসভায়

সরব হলেন প্রবীণ কংগ্রেস নেতা ও রাজ্যসভার বিরোধী দলনেতা গুলাম নবি আজাদ। অতীতের কৃষক আন্দোলনের তুলনা টেনে তিনি বলেন, ব্রিটিশ জমানা থেকে এটা চলে আসছে, যেখানে বার বার সংঘাত দেখা দিয়েছে এবং তার পরিণামে শেষ পর্যন্ত সরকারকেই আন্দোলনকারীদের দাবি মানতে হয়েছে। কৃষকদের শক্তি এই দেশের সবথেকে বড় শক্তি। তিনি মনে করিয়ে দেন, ব্রিটিশ সরকারকেও একসময় কৃষকদের স্বার্থবিরোধী আইন বাতিল করতে হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছে কৃষি আইন প্রত্যাহারের আর্জি জানিয়ে আজাদ বলেন, 'দয়া করে এটাকে প্রেস্টিজ ইস্যু করবেন না। মাননীয় প্রধানমন্ত্রীজি, এই কৃষকরা আমাদের সবার অন্নদাতা, এঁরা আছেন বলে আমরা আছি।'

নরেন্দ্র মোদী: চৌরিচৌরার শতবর্ষে কৃষকদের জয়গান শোনা গেল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গলায়। ৪ ফেব্রুয়ারি ভিডিয়ো কনফারেন্সে চৌরিচৌরার শতবর্ষ পূর্তি অনুষ্ঠানের উদ্বোধন করে মোদী বলেন, কৃষকরাই দেশের মেরুদণ্ড। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বরাবরই গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে কৃষক সমাজ। একই সঙ্গে আক্ষেপ করে তিনি জানান, চৌরিচৌরার শহিদরা ইতিহাসের পাতায় জায়গা পাননি। উল্লেখ্য, ১৯২২ সালের ৫ ফেব্রুয়ারি গোরক্ষপুরের চৌরিচৌরায় স্বাধীনতা সংগ্রামীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। পুলিশ গুলিও চালায়। এই ঘটনার প্রতিক্রিয়ায় চৌরিচৌরার পুলিশ চৌকিতে আগুন ধরিয়ে দেন স্বাধীনতা সংগ্রামীরা। ২৩ জন পুলিশকর্মী পুড়ে মারা যান। যে কারণে গান্ধীজি অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে নেন।

মমতা বন্দ্যোপাধ্যায়: ৫ ফেব্রুয়ারি রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্রর অসুস্থতার জন্য বিধানসভায় রাজ্য বাজেট পেশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাজেটে শিক্ষা ও স্বাস্থ্যে জোর দেওয়া হয়েছে, সমস্ত প্রবীণ নাগরিকদের জন্য পেনশন, নির্মাণ ও পরিবহণ শিল্পের শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা যোজনা, কৃষকদের আর্থিক সহায়তা বৃদ্ধি, করোনা-বিধ্বস্ত পর্যটনশিল্পকে পুনরুজ্জীবিত করতে বিশেষ সহায়ক প্রকল্প এবং সর্বোপরি গ্রাম ও শহরে বিপুল পরিকাঠামো তৈরির মাধ্যমে রাজ্যে শিল্প লগ্নির সম্ভাবনা বাড়ানো ও কর্মসংস্থান তৈরির জন্য বাজেটে বিশেষ প্রচেষ্টা রয়েছে বলে সরকারের দাবি।

রাকেশ টিকায়েত: ৬ ফেব্রুয়ারি দেশের নানাপ্রান্তে কৃষকদের তিনঘণ্টার 'চাক্কা জ্যাম' কর্মসূচি শেষে দিল্লির গাজিপুর সীমানায় কৃষকদের অবস্থান মঞ্চ থেকেই কেন্দ্রকে চ্যালেঞ্জ জানালেন কৃষক নেতা রাকেশ টিকায়েত। তিনি জানালেন, কেন্দ্র যদি ২ অক্টোবর গান্ধীজয়ন্তীর মধ্যে তিনটি কৃষি আইন বাতিল না-করে, তবে প্রতিবাদের পরবর্তী কর্মসূচি তৈরি করবেন তাঁরা। সরকারের সঙ্গে আর কোনও আলোচনায় যাবেন না তাঁরা। টিকায়েতের বক্তব্য, 'দাবি পূরণ না-হওয়া অবধি আমরা বাড়ি ফিরব না।' কৃষক নেতাদের এই বক্তব্যের সঙ্গে সঙ্গে বিজেপির ধাত্রী সংগঠন আরএসএসের প্রবীণ নেতা রঘুনন্দন শর্মাও কৃষকদের সমর্থনেই মুখ খুললেন। তাঁর বক্তব্য, কৃষকেরা যে আইন পছন্দ করছে না, তা চালু করার কোনও প্রয়োজনীয়তা থাকতে পারে না।

এস জয়শঙ্কর: বিদেশি যে সেলিব্রিটিরা ভারতের কৃষক বিক্ষোভ নিয়ে মন্তব্য করেছেন, তাঁরা বিষয়টি সম্পর্কে সবটুকু জানেন না বলে বিদেশমন্ত্রক যে বিবৃতি জারি করেছিল, ৬ ফেব্রুয়ারি তার ব্যাখ্যা দিলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তাঁর বক্তব্য, বিদেশমন্ত্রকের এই প্রতিক্রিয়ার যথেষ্ট কারণ রয়েছে। গ্রেটা থুনবার্গ যে টুলকিট টুইটারে শেয়ার করেছিলেন, তার তদন্তে অনেক কিছু প্রকাশ্যে এসেছে। দিল্লি পুলিশ মনে করছে, গ্রেটার শেয়ার করা কৃষক বিক্ষোভের ওই 'টুলকিট' কানাডার খালিস্তানপন্থী একটি সংগঠনের তৈরি। টুলকিটের নির্মাতার ব্যাপারে খবর পেতে গুগল কর্তৃপক্ষকেও চিঠি লিখেছে তারা।

রাজনাথ সিং ও রাহুল গান্ধী: দীর্ঘ আলোচনার পর পূর্ব লাদাখ থেকে সেনা সরানো নিয়ে ভারত ও চিন রফাসূত্রে পৌঁছেছে বলে ১১ ফেব্রুয়ারি সংসদে ঘোষণা করলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তাঁর বক্তব্য, চুক্তি মেনে, ধাপে ধাপে ও সংগঠিত ভাবে প্যাংগং লেকের উত্তর ও দক্ষিণ অংশ থেকে সেনা সরাবে দু-পক্ষ। পূর্ব লাদাখে ৫ মে-র স্ট্যান্ড অফ পূর্ববর্তী অবস্থা ফিরিয়ে আনা হবে। কিন্তু রাজনাথের এই বক্তব্যে প্রতিরক্ষা বিশেষজ্ঞদের একাংশ ও বিরোধী শিবির সন্তুষ্ট নয়। প্রশ্ন উঠেছে, ভারত তো ফিঙ্গার এইট অবধি টহল দেওয়ার অধিকারই ফিরে পেল না! তাহলে কী ভাবে বলা যায় আমাদের কিছুই হারায়নি। কংগ্রেস নেতা রাহুল গান্ধী টুইট করে বলেছেন, 'পূর্বের কোনও স্থিতাবস্থা ফিরছে না, শান্তিও ফিরছে না। সরকার কেন আমাদের সেনাদের আত্মত্যাগকে অপমান করে নিজেদের ভূখণ্ড অন্যের হাতে তুলে দিচ্ছে?'

নির্মলা সীতারামন ও রাহুল গান্ধী: মার্কিন কমিক চরিত্র 'ডুমসডে ম্যান' যে কিনা গোটা দুনিয়ার জন্য বার বার বিপজ্জনক হয়ে ওঠে, তার সঙ্গে রাহুল গান্ধীকে তুলনা করল বিজেপি। ১৩ ফেব্রুয়ারি অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় দাঁড়িয়ে বলেন, 'আমার ভয়, উনি হয়তো ভারতের জন্য ডুমসডে ম্যান হয়ে যাচ্ছেন।' রাহুল নিজে এই আক্রমণ নিয়ে মন্তব্য করেছেন, 'মতাদর্শের লড়াই চলছে। আক্রমণ আমাকে আরও পরিশুদ্ধ করতে সাহায্য করে। আমাকে কী করতে হবে, তাই নিয়ে ভাবনাগুলো আরও তীক্ষ্ণ করে তোলেন ট্রোল বা আক্রমণকারীরা।'

ডোনাল্ড ট্রাম্প: ১৩ ফেব্রুয়ারি সদ্য প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইমপিচমেন্ট থেকে রেহাই দিল মার্কিন সেনেট। ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ ছিল, তাঁর উস্কানিমূলক বক্তৃতার জেরেই ৬ জানুয়ারি ক্যাপিটলে তাণ্ডব হয়েছিল। এদিন সেনেটে ইমপিচমেন্টের পক্ষে ভোট পড়েছে ৫৭টি, প্রাক্তন প্রেসিডেন্টের ইমপিচমেন্টের জন্য প্রয়োজন ছিল আরও ১০টি ভোটের।

জে পি দালাল: ১৪ ফেব্রুয়ারি কৃষক আন্দোলন চলাকালীন মৃত কৃষকদের সম্পর্কে অসংবেদনশীল মন্তব্য করার অভিযোগ উঠল হরিয়ানার কৃষিমন্ত্রী জে পি দালালের বিরুদ্ধে। প্রচণ্ড ঠান্ডায় যাঁরা মারা গিয়েছিলেন এবং যাঁরা আত্মঘাতী হয়েছেন, বিরোধীরা তাঁদের শহিদ আখ্যা দিলেও হরিয়ানার ভিওয়ানিতে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে দালাল রসিকতার ঢংয়ে বলেন, 'বাড়িতেও মরতেই হতো ওঁদের। এখানে কি লোক মারা যাচ্ছে না? ২ লক্ষ লোকের মধ্যে ৬ মাসে ২০০ জনের মৃত্যু কি অস্বাভাবিক? এই ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই সমালোচনায় সরব হন বিরোধীরা।

এ কে অ্যান্টনি: চিনকে সন্তুষ্ট করতে গিয়ে নরেন্দ্র মোদী সরকার দেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছে বলে ১৪ ফেব্রুয়ারি অভিযোগ আনলেন প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী এ কে অ্যান্টনি। প্যাংগং লেকের উত্তর ও দক্ষিণ অংশ থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে চিনের সঙ্গে হওয়া সমঝোতার কড়া নিন্দা করেছেন এই কংগ্রেস নেতা। তাঁর দাবি, 'গলওয়ান ও প্যাংগং সো থেকে সেনা সরানো চিনের কাছে আত্মসমর্পণের সামিল। চিনের শর্ত মেনেই পূর্ব লাদাখের বিস্তীর্ণ এলাকা থেকে সেনা সরাচ্ছে ভারত। এছাড়াও প্রতিরক্ষা খাতে নামমাত্র বরাদ্দ করে ভারত আসলে চিনকেই তুষ্ট করতে চাইছে বলে অভিযোগ অ্যান্টনির। প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রীর বক্তব্য, সীমান্ত থেকে সেনা সরালে শান্তি ফিরবে ঠিকই, কিন্তু জাতীয় নিরাপত্তার সঙ্গে আপস করে এই শান্তি মোটেই কাম্য নয়।

রাহুল গান্ধী: অসমে বিধানসভা ভোটের প্রচারে গিয়ে ১৪ ফেব্রুয়ারি 'নাগরিকত্ব সংশোধনী আইন' নিয়ে সরব হলেন রাহুল গান্ধী। বিজেপি এবং আরএসএসের বিরুদ্ধে অসমকে বিভাজিত করার অভিযোগ এনে শিবসাগরের সভায় রাহুল ঘোষণা করেন, কংগ্রেস ক্ষমতায় এলে কোনওভাবেই সিএএ কার্যকর করবে না। রাহুল বলেন, 'অসমের প্রয়োজন নিজের মুখ্যমন্ত্রী যিনি অসমের মানুষের কথা শুনবেন। দিল্লি বা নাগপুরের কথায় চলবেন না।' অসমে কংগ্রেস ক্ষমতায় এলে সিএএ-র পরিবর্তে 'অসম অ্যাকর্ড'-এর প্রতিটি নীতি সুরক্ষিত করার প্রতিশ্রুতি দিয়েছেন। সেইসঙ্গে অনুপ্রবেশ যে অসমের একটি সমস্যা, সে কথা মেনে নিয়ে রাহুল বলেন, 'আমার আশা এই রাজ্যের মানুষ আলোচনার মাধ্যমে সেই সমস্যার সমাধান বের করে আনবেন।'

অমরিন্দর সিং: ১৭ ফেব্রুয়ারি পাঞ্জাবে পুরভোটে বিজেপি-কে ধরাশায়ী করে বিরাট জয় পেল কংগ্রেস। শাসকদলের এমন জয়ে উচ্ছ্বসিত মুখ্যমন্ত্রী অমরিন্দর সিং বলেন, 'এটা শুধুমাত্র সরকারের উন্নয়নমূলক কাজ আর নীতির প্রতি মানুষের সমর্থন নয়, জনগণ-বিরোধী কাজকর্মে যুক্ত দল যেমন আকালি, আপ আর বিজেপি-কে প্রত্যাখ্যান করেছে সাধারণ মানুষ।'

ই শ্রীধরণ: ১৮ ফেব্রুয়ারি বিজেপিতে যোগ দিলেন 'মেট্রোম্যান' ই শ্রীধরণ। কেরালা বিধানসভা নির্বাচনের আগে বড়সড় চমক দিয়ে ৮৮ বছরের শ্রীধরণ এই ঘোষণা করলেন। কোঙ্কন রেলওয়ে থেকে দিল্লি মেট্রো—দেশজুড়ে পরিবহনের চিত্রটাকে অনেকটা পাল্টে দিয়ে খ্যাতি অর্জন করেছেন শ্রীধরণ। মাল্লাপুরম নিবাসী শ্রীধরণ বলেছেন, গত ১০ বছর এখানে আছি। ক্ষমতাসীন এলডিএফ এবং বিরোধী ইউডিএফ-কে দেখেই বলছি, কেরালার উন্নয়নের যা সম্ভাবনা ছিল ওরা তার কিছুই করেনি।

অনিল চৌহান: সিকিম ও অরুণাচলে চিনকে ঠেকাতে মার্কিন হাউইৎজার্স কামান আনতে চলেছে ভারত। ১৮ ফেব্রুয়ারি ফোর্ট উইলিয়ামে এক অনুষ্ঠানে এমনই দাবি করলেন দেশের পূর্বাঞ্চলীয় সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল অনিল চৌহান। গলওয়ানে চিনা আগ্রাসনের পর মার্কিন প্রযুক্তিতে তৈরি আল্ট্রা-লাইট বা অতি-হালকা হাউইৎজার কামান খুব তাড়াতাড়ি ভারতীয় বাহিনীর অস্ত্রাগারে জায়গা করে নিতে চলেছে বলে জানান তিনি। প্রথম দফায় যে হাউইৎজারগুলো আসছে তার বেশ কয়েকটি উত্তর-পূর্ব সীমান্তের জন্যই নির্দিষ্ট।

আদর পুনাওয়ালা: করোনা ভাইরাসের প্রতিষেধক 'কোভিশিল্ড'-এর জন্য যে সব দেশ অপেক্ষা করে রয়েছে তাদের ধৈর্য ধরার বার্তা দিলেন সিরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়ার সিইও আদর পুনাওয়ালা। ২১ ফেব্রুয়ারি তিনি একটি টুইটে লেখেন, 'কোভিশিল্ডের জন্য অপেক্ষমাণ প্রিয় দেশগুলি এবং সেখানকার সরকার, আমি বিনীতভাবে অনুরোধ করতে চাই, একটু ধৈর্য ধরুন। সিরাম ইন্ডিয়াকে নির্দেশ দেওয়া হয়েছে ভারতের বিপুল চাহিদাকে অগ্রাধিকার দিতে এবং তার সঙ্গেই বাকি পৃথিবীর প্রয়োজন অনুযায়ী সরবরাহের একটি ভারসাম্য রাখতে।' তিনি আরও জানান বাইরের দেশকে সরবরাহের জন্য সিরাম সেরা চেষ্টা চালিয়ে যাচ্ছে।

আন্তোনিয়ো গুতেরেস: ২২ ফেব্রুয়ারি মায়ানমারের সেনা-শাসনের উদ্দেশে ফের একবার কড়া বার্তা দিলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার রক্ষা বিষয়ক সংগঠনের ৪৬তম বার্ষিক বক্তৃতায় কার্যত একটাই দেশের নাম নিয়ে তাকে সরাসরি কাঠগড়ায় তুললেন গুতেরেস। তিনি বলেন, 'মায়ানমারের সেনাকে বলছি, অবিলম্বে তারা যেন দেশের নেতা-নাগরিকদের উপর দমনমূলক নীতি প্রত্যাহার করে নেয়।'

ভারভারা রাও: ২২ ফেব্রুয়ারি ভীমা-কোরেগাঁও মামলায় প্রায় দু'বছর জেল হেফাজতে থাকার পর জামিন পেলেন কবি ও সমাজকর্মী ভারভারা রাও। বম্বে হাইকোর্ট একাশি বছরের সমাজকর্মীকে ৬ মাসের জামিন দিয়েছে। জেলে থাকাকালীনই অত্যন্ত অসুস্থ হয়ে পড়েন ভারভারা। এ দিন হাইকোর্টের বিচারপতিরা বলেন, এখন শারীরিক অসুস্থতার কারণে ভারভারাকে জামিন না দিলে মানবাধিকারের নীতি রক্ষার ক্ষেত্রে কর্তব্য পালনে ব্যর্থ হবে হাইকোর্ট।

দিশা রবি: বেঙ্গালুরুর পরিবেশকর্মী দিশা রবি ন'দিন পর জামিন পেলেন। দিল্লির পাতিয়ালা হাউস আদালত ২৩ ফেব্রুয়ারি ১ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ড এবং সমপরিমাণ অর্থের দু'জন জামিনদারের শর্তে দিশার জামিন মঞ্জুর করেছে। কৃষক আন্দোলনের সমর্থনে সুইডেনের পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গের বিতর্কিত টুলকিট এডিট করে শেয়ার করার অভিযোগে ১৩ ফেব্রুয়ারি বেঙ্গালুরু থেকে গ্রেপ্তার করা হয় দিশাকে। তাঁর বিরুদ্ধে আনা হয় রাষ্ট্রদ্রোহ এবং বৃহত্তর ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগ। দিল্লি পুলিশ আরও দাবি করে, গ্রেটার টুলকিটটি যে খালিস্তানপন্থী সংগঠন তৈরি করেছে, সেই পোয়েটিক জাস্টিস ফাউন্ডেশনের সদস্যদের সঙ্গে জুম কলে দীর্ঘ বৈঠক করেছেন দিশা।

নেড প্রাইস: ২৪ ফেব্রুয়ারি মায়ানমারের জুন্টা সরকারকে সে দেশের নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা তুলে দিতে বললেন মার্কিন বিদেশ দপ্তরের মুখপাত্র নেড প্রাইস। এর একদিন আগেই আমেরিকা মায়ানমারের বিরুদ্ধে নতুন আর্থিক নিষেধাজ্ঞা জারি করেছিল। এ দিন নেড বলেন, 'মায়ানমারের সেনাপ্রধানদের উদ্দেশে একটাই কথা বলার। গণতান্ত্রিক ভাবে নির্বাচিতদের হাতে ক্ষমতা তুলে দিন দ্রুত।'

ইমরান খান: শ্রীলঙ্কা সফরে গিয়ে নিজেকে শান্তিকামী হিসেবে তুলে ধরলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। শ্রীলঙ্কা-পাকিস্তান বাণিজ্য ও বিনিয়োগ সংক্রান্ত এক সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে ২৪ ফেব্রুয়ারি তিনি বলেন, কাশ্মীর ছাড়া ভারত ও পাকিস্তানের মধ্যে আর কোনও মতভেদ নেই। পাকিস্তান বিশ্বাস করে, কাশ্মীর নিয়ে মতভেদও আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলা সম্ভব। ইমরান দাবি করেন, ক্ষমতায় আসার পর থেকে তিনি অনেকবার ভারতের শাসকদের কাছে কাশ্মীর সমস্যা নিয়ে আলোচনার প্রস্তাব দিয়েও সাড়া পাননি। তবে তাঁর আশা ভারত একদিন নিশ্চয়ই আলোচনায় সাড়া দেবে।

ফাফ দু প্লেসি: ১৭ ফেব্রুয়ারি টেস্ট ক্রিকেট থেকে অবসর নিয়ে ফেললেন দক্ষিণ আফ্রিকার ফাফ দু প্লেসি। কিছুদিন আগেই অধিনায়কত্বও ছেড়েছিলেন ৩৬ বছর বয়সি দু প্লেসি। দেশের হয়ে ৬৯ টেস্টে ৪১৬৩ রান রয়েছে তাঁর, যার মধ্যে ১০টা

সেঞ্চুরি। ২০১২ সালে টেস্ট কেরিয়ার শুরু করেছিলেন অ্যাডিলেডে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ম্যাচ দিয়ে। তবে টেস্ট থেকে অবসর নিয়ে এখন একদিনের ক্রিকেট ও টি-টোয়েন্টিতে বেশি করে মনোযোগ দিতে চান বলে জানিয়েছেন দু প্লেসি।

ক্রিস মরিস: আইপিএল নিলামে নতুন রেকর্ড গড়লেন দক্ষিণ আফ্রিকার অলরাউন্ডার ক্রিস মরিস। ১৮ ফেব্রুয়ারি ১৬.২৫ কোটি টাকায় তাঁকে কিনল রাজস্থান রয়্যালস। আইপিএল নিলামের ইতিহাসে মরিসই সবচেয়ে বেশি দামে বিক্রি হওয়া ক্রিকেটার। এর আগে ২০১৫ সালে যুবরাজ সিং-কে ১৬ কোটি টাকায় কিনেছিল দিল্লি।

নাওমি ওসাকা: ২০ ফেব্রুয়ারি আমেরিকার জেনিফার ব্র্যাডিকে ৬-৪, ৬-৩ সেটে হারিয়ে অস্ট্রেলিয়ান ওপেন টেনিস খেতাব জিতলেন নাওমি ওসাকা। এটি ছিল তাঁর চতুর্থ গ্র্যান্ড স্লাম জয়। দুটি অস্ট্রেলিয়ান ওপেন, দুটি ইউএস ওপেন। কেরিয়ারের প্রথম চারটি গ্র্যান্ড স্লাম ফাইনালে উঠে চারটিতেই চ্যাম্পিয়ন হয়ে নজির গড়লেন তিনি। এমন নজির টেনিসের ওপেন যুগে আছে মাত্র দু'জনের। রজার ফেডেরার ও মনিকা সেলেসের।

নোভাক জকোভিচ: ২১ ফেব্রুয়ারি নবম অস্ট্রেলিয়ান ওপেন খেতাব জিতলেন নোভাক জকোভিচ। মেলবোর্নে প্রতিযোগিতার ফাইনালে দানিল মেদভেদেভকে তিনি ৭-৫, ৬-২, ৬-২ স্ট্রেট সেটে হারিয়ে দিলেন। এই নিয়ে ১৮তম গ্র্যান্ডস্লাম জিতলেন নোভাক জকোভিচ। রাফায়েল নাদাল যেমন ১৩ বার ফরাসি ওপেন জেতায় ক্লে কোর্টের রাজা বলে পরিচিত তেমনই জকোভিচ হয়ে উঠেছেন অস্ট্রেলিয়ান ওপেনের ক্ষেত্রে। এই মুহূর্তে তাঁর থেকে ঠিক দুটো গ্র্যান্ড স্লাম বেশি জিতে রয়েছেন রজার ফেডেরার ও রাফায়েল নাদাল।

ইউসুফ পাঠান: ২০০৭ সালের টি-টোয়েন্টি এবং ২০১১ সালের ওয়ান ডে বিশ্বকাপ জয়ী টিমের সদস্য ইউসুফ পাঠান ২৬ ফেব্রুয়ারি ক্রিকেট থেকে অবসর নিলেন। ২০২০ সালে রঞ্জি ট্রফির পর আর খেলেননি। ভারতের জার্সিতে শেষ ম্যাচ খেলেছিলেন জোহানেসবার্গে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ২০১২ সালের ম্যাচে। কলকাতা নাইট রাইডার্সের জোড়া আইপিএল জয়ী টিমের সদস্য তিনি। আইপিএল খেতাব জিতেছেন রাজস্থান রয়্যালসের হয়েও।

নরেন্দ্র সিং যাদব, সীমারানি গোস্বামী ও নব কুমার ফুকন: ১১ ফেব্রুয়ারি ছয় বছরের জন্য নির্বাসিত হলেন ভারতের তিন পর্বতারোহী নরেন্দ্র সিং যাদব, সীমারানি গোস্বামী ও টিম লিডার নব কুমার ফুকন। এই তিনজনই ২০১৬ সালে এভারেস্ট আরোহণে জাল তথ্যপ্রমাণ দিয়ে সার্টিফিকেট পেয়েছিলেন। নরেন্দ্র ২০২০ সালে কেন্দ্রীয় সরকারের তেনজিং নোরগে পুরস্কার পেয়েছিলেন। যদিও বিষয়টি নিয়ে বিতর্ক তৈরি হওয়ায় পুরস্কার ফিরিয়ে নেওয়া হয়। এই অভিযাত্রী দলটির বিরুদ্ধে অভিযোগ ওঠার পরে তদন্ত শুরু করে নেপাল সরকার। অভিযানে কারচুপির প্রমাণ পাওয়ার পর অভিযানের সঙ্গে যুক্ত দু'জন শেরপাকে আর্থিক জরিমানা করা হয়েছে। নেপাল সরকারের সংযোগরক্ষাকারী আধিকারিককেও ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

কওসর: খাগড়াগড় বিস্ফোরণের ঘটনায় কওসর ওরফে বোমারু মিজানকে ১০ ফেব্রুয়ারি ২৯ বছরের কারাদণ্ডের নির্দেশ দিল কলকাতা নগর দায়রা আদালত। এর আগেই অবশ্য বাংলাদেশে একাধিক নাশকতার ঘটনায় তার ৯৫ বছরের কারাদণ্ডের নির্দেশ দিয়েছে সেখানকার আদালত। ২০০৫ সালে বাংলাদেশে সিরিয়াল বিস্ফোরণের ঘটনায় মূল অভিযুক্ত ছিল কওসর। এছাড়াও তার বিরুদ্ধে একাধিক নাশকতার অভিযোগ রয়েছে। ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে আদালত থেকে ময়মনসিংহের কারাগারে নিয়ে যাওয়ার সময় কওসরকে তার সঙ্গীরা ছিনিয়ে নিয়ে যায়। এরপর সীমান্ত পেরিয়ে এ পার বাংলায় প্রবেশ করে সে।

নিয়োগ / নির্বাচিত পদত্যাগ / বরখাস্ত

সৌমেন মিত্র ও অনুজ শর্মা: ৬ ফেব্রুয়ারি কলকাতার নতুন পুলিশ কমিশনার হলেন ১৯৮৮ ব্যাচের আইপিএস অফিসার

সৌমেন মিত্র। কলকাতা পুলিশের বর্তমান সিপি অনুজ শর্মাকে রাজ্য সিআইডি-র এডিজি পদে বদলি করা হয়েছে। ফলে ২০১৬-র ফেব্রুয়ারি থেকে এই পাঁচ বছরে একই ব্যক্তি দু-বার করে কলকাতার পুলিশ কমিশনার হলেন। এর আগে রাজীব কুমার ও অনুজ শর্মাও দু'দফায় কলকাতার সিপি-র দায়িত্ব পালন করেছেন।

মল্লিকার্জুন খাড়গে: ১১ ফেব্রুয়ারি রাজ্যসভার বিরোধী দলনেতা হিসেবে প্রবীণ কংগ্রেস নেতা কর্নাটকের মল্লিকার্জুন খাড়গের নাম প্রস্তাব করল দল। রাজ্যসভার চেয়ারপার্সন বেঙ্কাইয়া নাইডুর দপ্তর থেকে জানানো হয়েছে, বিরোধী দলনেতা হিসেবে খাড়গেকে মনোনীত করে কংগ্রেস চিঠি পাঠিয়েছে। আরেক প্রবীণ নেতা গুলাম নবি আজাদের অবসরের পর সেই আসনে নির্বাচিত হলেন মল্লিকার্জুন।

রশ্মি সামন্ত: ১৩ ফেব্রুয়ারি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়নের প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে নজির গড়লেন ভারতের রশ্মি সামন্ত। এই প্রথম কোনও ভারতীয় ছাত্রী এই পদে নির্বাচিত হলেন। কর্নাটকের মণিপাল ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে স্নাতক রশ্মি বর্তমানে লিনাক্র কলেজ থেকে এনার্জি সিস্টেম নিয়ে স্নাতকোত্তর করছেন। তাঁর দেওয়া ইস্তাহারে ভারতীয় সত্তার স্পষ্ট ছাপ রয়েছে। যে বিষয়গুলির উপরে রশ্মি জোর দিয়েছেন তার মধ্যে অন্যতম হল, পাঠ্যসূচি ও শিক্ষাঙ্গন থেকে ঔপনিবেশিকতার ছাপ মুছে ফেলা। একসময় ব্রিটিশ উপনিবেশ ছিল এমন একটি দেশের মানুষ হিসেবে আর্থ-সামাজিক ও জাতিগত ভাবে প্রান্তিকদের প্রতি বিশেষ নজর দিতে চান বলে জানিয়েছেন রশ্মি।

মহুয়া দাস: ২২ ফেব্রুয়ারি বারাসাত রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হলেন বাগবাজার উইমেন্স কলেজের অধ্যক্ষা মহুয়া দাস। তিনি বাসব চৌধুরীর জায়গায় এলেন। রাজ্যপালের সম্মতি ছাড়াই উপাচার্য পদের এই নিয়োগে বিতর্ক দেখা দিয়েছে। তবে উচ্চশিক্ষা সচিব মনীশ জৈন জানিয়েছেন, মহুয়া দেবীর নাম উপাচার্য হিসেবে অনুমোদনের জন্য দু'বার পাঠানো হয়। কিন্তু আচার্য তথা রাজ্যপাল এ দিন পর্যন্ত অনুমোদন দেননি। অন্যদিকে এ দিনই শেষ হয় পূর্বতন উপাচার্যের মেয়াদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ কোনওভাবেই ফাঁকা রাখা যায় না, এই যুক্তিতে নতুন উপাচার্য নিয়োগ করল উচ্চশিক্ষা দপ্তর।

জাভেদ শামিম ও জগমোহন: বিধানসভা ভোটের নির্ঘণ্ট প্রকাশিত হওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই রাজ্য প্রশাসনে রদবদল শুরু হল নির্বাচন কমিশনের নির্দেশে। ২৭ ফেব্রুয়ারি রাজ্য পুলিশের এডিজি (আইনশৃঙ্খলা) জাভেদ শামিম-কে সরিয়ে দিল কমিশন। তাঁর জায়গায় নতুন এডিজি (আইনশৃঙ্খলা) করা হয়েছে বর্তমান ডিজি (দমকল) জগমোহনকে। জাভেদকে দমকলের নতুন ডিজি করা হয়েছে।

সব্যসাচী বসু রায়চৌধুরি: ২৭ ফেব্রুয়ারি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে সব্যসাচী বসু রায়চৌধুরির মেয়াদ আরও একবছর বহাল রইল। রাজ্যের উচ্চশিক্ষা সচিব মণীশ জৈনের গত ২৫ ফেব্রুয়ারির বিজ্ঞপ্তি অনুযায়ী এ কথা জানা গিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয় এ বছরের ১৮ মার্চ তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু ওই পদে সব্যসাচী বসুকে রেখে দেওয়ার জন্য গত ৩ ও ১৮ ফেব্রুয়ারি আচার্যের কাছে অনুমোদনের জন্য প্রস্তাব পাঠায় উচ্চশিক্ষা দপ্তর। ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত আচার্য তা অনুমোদন না করায় ২০২২-এর ১৮ মার্চ পর্যন্ত সব্যসাচীবাবুকেই বহাল রাখা হয়েছে।

দীনেশ ত্রিবেদী: ১২ ফেব্রুয়ারি রাজ্যসভার অধিবেশন চলাকালেই আচমকা রাজ্যসভার সাংসদ পদ ও তৃণমূল সদস্যপদ ছেড়ে দিলেন দীনেশ ত্রিবেদী। এ দিন রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশের সম্মতি নিয়ে দল ও সাংসদ পদ ছাড়ার কথা ঘোষণা করেন দীনেশ। তৃণমূল কংগ্রেসের প্রতি নিজের অসন্তোষের ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেন, 'আমি যে দলে ছিলাম, সেখানে রাজনৈতিক নেতৃত্বের অবসান ঘটেছে। দলের রাশ এখন কর্পোরেট গোষ্ঠীর হাতে। যারা রাজনীতির অ-আ-ক-খ জানে না, তারা দল পরিচালনা করবে কী ভাবে?'

ভি নারায়ণস্বামী: ২২ ফেব্রুয়ারি পুদুচেরিতে পতন হল কংগ্রেস সরকারের। কংগ্রেস ও তার শরিক ডিএমকে মিলিয়ে শাসক জোটের ছ'জন মন্ত্রী, বিধায়ক দল ছাড়ার পরে পুদুচেরিতে কংগ্রেসের জোট সরকার সংখ্যালঘু হয়ে পড়েছিল। তার জেরে এ দিন বিধানসভায় আস্থাভোটে হেরে ইস্তফা দিতে হল মুখ্যমন্ত্রী ভি নারায়ণস্বামীকে। এর ফলে পুরো দক্ষিণ ভারতেই আর কোথাও কংগ্রেসের সরকার রইল না।

মোশারফ হোসেন: ১৭ ফেব্রুয়ারি তৃণমূলের মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি মোশারফ হোসেন দল থেকে বহিষ্কৃত হলেন। দলবিরোধী কাজের জন্য এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন জেলা তৃণমূল সভাপতি আবু তাহের খান। বহিষ্কারের খবর শুনে মোশারফ জানান মুর্শিদাবাদ জেলায় তাঁর চেষ্টাতেই তৃণমূল জনপ্রিয় হয়ে উঠেছিল।

পুরস্কার / সম্মান

৭৮তম গোল্ডেন গ্লোব সম্মান

ক্লোই ঝাও

চ্যাডউইক বোসম্যান

অ্যান্ড্রা ডে

কোনও অনুষ্ঠানের আয়োজন না করে ৭৮তম গোল্ডেন গ্লোব সম্মান ২৮ ফেব্রুয়ারি ভার্চুয়ালি প্রদান করা হল। ড্রামা বিভাগে সেরা ছবির স্বীকৃতি পেল 'নোমাডল্যান্ড'। বেস্ট ডিরেক্টর-এর সম্মান পেয়েছে ক্লোই ঝাও (নোমাডল্যান্ড)। উল্লেখ্য, ১৯৮৪ সালের পর এই প্রথম কোনও মহিলা চলচ্চিত্র পরিচালক বেস্ট ডিরেক্টরের সম্মান পেলেন। সেরা অভিনেতা ও অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন চ্যাডউইক বোসম্যান ও অ্যান্ড্রা ডে।

স্যাংচুয়ারি লাইফটাইম সার্ভিস অ্যাওয়ার্ড

২০২০ সালের জন্য স্যাংচুয়ারি লাইফটাইম সার্ভিস অ্যাওয়ার্ড পেলেন থিয়োডোর বাসকারান। স্যাংচুয়ারি নেচার ফাউন্ডেশনের পক্ষ থেকে ১৯ ফেব্রুয়ারি এই পুরস্কার প্রদান করা হয়। জীববৈচিত্র্য রক্ষায় তাঁর অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। ইংরিজি ও তামিলে তাঁর লেখা অসংখ্য তরুণ প্রকৃতিবিদকে অনুপ্রাণিত করেছে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে।

প্রয়াণ

ক্রিস্টোফার প্লামার: ৫ ফেব্রুয়ারি 'সাউন্ড অব মিউজিক' খ্যাত হলিউড অভিনেতা ক্রিস্টোফার প্লামার (৯১) প্রয়াত হলেন। ২০১১ সালে ৮২ বছর বয়সে অস্কার পেয়েছিলেন 'বিগিনার্স' ছবির জন্য। সবচেয়ে বেশি বয়সে অস্কার পাওয়ার রেকর্ড এখনও তারই দখলে। কিন্তু সারা পৃথিবী তাঁকে চেনে ১৯৬৪ সালের 'সাউন্ড অব মিউজিক'-এর সুবাদে। কানাডার তৃতীয় প্রধানমন্ত্রী জন অ্যাবটের বংশধর প্লামারের অভিনয় কেরিয়ার সাত দশকের। আত্মপ্রকাশ ১৯৫৮ সালে, 'স্টেজ স্ট্রাক' ছবিতে। উল্লেখযোগ্য ছবির তালিকায় 'সাউন্ড অব মিউজিক' ছাড়াও রয়েছে 'দ্য ম্যান হু উড বি কিং' ও সাম্প্রতিক 'অল দ্য মানি ইন দ্য ওয়ার্ল্ড'। শার্লক হোমসের চরিত্রেও অভিনয় করেছেন ১৯৭৯ সালের ছবি 'মার্ডার বাই ডিক্রি'-তে।

আখতার আলি: ৭ ফেব্রুয়ারি বাংলার অন্যতম টেনিস তারকা আখতার আলি (৮২) প্রয়াত হলেন। নিজের খেলোয়াড় জীবনকে ছাপিয়ে গিয়েছিলেন টেনিস কোচ হিসেবে। রমেশ কৃষ্ণণ, বিজয় অমৃতরাজ, লিয়েন্ডার পেজ বা নিজের পুত্র জিশান আলি-র মতো তারকাদের কোচিং করিয়েছেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও বাংলার বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্বরা আখতার আলির প্রয়াণে শোকজ্ঞাপন করেছেন।

রাজীব কাপুর: ৯ ফেব্রুয়ারি প্রয়াত হলেন অভিনেতা রাজীব কাপুর (৫৮)। 'রাম তেরি গঙ্গা মইলি' খ্যাত রাজীব কাপুর ছিলেন রাজ কাপুরের কনিষ্ঠ পুত্র। 'আসমান', 'লাভার বয়', 'হাম তো চলে পরদেশ', 'জবরদস্ত'-এর মতো ছবিতে দেখা গিয়েছিল তাঁকে। নিজে ছবি প্রযোজনা-পরিচালনাও করেছেন।

মইদুল ইসলাম মিদ্যা: বাম ও কংগ্রেসের ছাত্র-যুব সংগঠনের নবান্ন অভিযানে ১১ ফেব্রুয়ারি আহত হওয়া ডিওয়াইএফআই কর্মী, বাঁকুড়ার মইদুল ইসলাম মিদ্যা কলকাতার একটি নার্সিংহোমে মারা গেলেন। তার জেরেই কলকাতার বিভিন্ন প্রান্তে বিক্ষোভ ছড়াল। মুখ্যমন্ত্রী বাম কর্মীর মৃত্যুতে দুঃখ প্রকাশ করে তাঁর পরিবারের পাশে দাঁড়ানোর বার্তা দিলেও তাঁর দলের তরফে অন্যান্য নেতারা বামেদের বিরুদ্ধে ভোটব্যাঙ্কের রাজনীতির জন্য ছাত্র-যুবদের মার খাওয়াতে পাঠানোর অভিযোগ তুলেছেন।

নির্মল গোমস: জেসুইট বিশপ লিনাস নির্মল গোমস (১০০)-এর জীবনাবসান হল। ১৯৭৭ সালে তিনি বারুইপুর ক্যাথলিক ডায়োসেস-এর প্রথম বিশপ হন। পরে তাঁকে বিশপ এমেরিটাস হিসাবে ঢাকায় পাঠানো হয়। ১৯৭৭ থেকে ২০১৪ পর্যন্ত তিনি সেখানকার জেসুইট মিশনে কাজ করেন। গত ৭ বছর ধরে তিনি ছিলেন সেন্ট জেভিয়ার্স কলেজের জেসুইট কমিউনিটির প্রবীণতম ক্লার্জি।

গুরুত্বপূর্ণ স্থান

মায়ানমার: ১ ফেব্রুয়ারি সেনা অভ্যুত্থান হল মায়ানমারে। গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত নেত্রী আং সান সু কি-কে আটক করে এক বছরের জন্য জরুরি অবস্থা জারি করল সে দেশের সেনাবাহিনী। তারা জানিয়েছে, সু কি-র দল ন্যাশনাল লিগ ফর ডেমোক্র্যাসি (এনএলডি)-র 'নির্বাচনে কারচুপি'-র বিরুদ্ধে এই অভিযান চালানো হয়েছে। সেনা অভ্যুত্থানের বিরুদ্ধে মুখ খুলেছে আন্তর্জাতিক দুনিয়া। রাষ্ট্রপুঞ্জ, আমেরিকা, ইংল্যান্ড, চিন, অস্ট্রেলিয়া, জাপান, সিঙ্গাপুর মায়ানমারের সেনার এই আচরণের বিরুদ্ধে মুখ খুলেছে।

যোশীমঠ (উত্তরাখণ্ড): ৭ ফেব্রুয়ারি উত্তরাখণ্ডের যোশীমঠের কাছে হিমবাহ ভাঙা জলের মারণস্রোতে ফিরে এল ২০১৩-র কেদারনাথ বিপর্যয়ের স্মৃতি। হিমবাহ ভাঙা বিপুল জলস্রোত নদীবাঁধ, পাঁচটি সেতু, বোল্ডার, বাড়ি-ঘর— সব কিছুকে ভাসিয়ে নিয়ে যায়। ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত মৃতের সংখ্যা ৫৬, নিখোঁজ ১৫০। হড়পা বানে ভেসেছে অলকানন্দা, ধৌলিগঙ্গা নদী। নদীপাড়ের বেশ কিছু জনবসতি, সংলগ্ন রেনি গ্রামের বড় অংশ প্রায় নিশ্চিহ্ন হয়েছে। জলের তোড়ে ভেসে গিয়েছে ঋষিগঙ্গার জলবিদ্যুৎ প্রকল্প, প্রবল ক্ষতিগ্রস্ত হয়েছে তপোবনের কাছে এনটিপিসি-র জলবিদ্যুৎ প্রকল্পও।

প্যাংগং (লাদাখ): ১০ ফেব্রুয়ারি লাদাখে প্যাংগং লেকের দক্ষিণ দিক থেকে ট্যাঙ্ক ও সমরসজ্জা সরাতে শুরু করল ভারত, চিন— দুই পক্ষই। চিনের প্রতিরক্ষা মন্ত্রকের ওয়েবসাইটে এ খবর প্রকাশের পর নয়াদিল্লির সরকারি সূত্রেও এমনই খবর মিলেছে। চিনের প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র উ কিয়ান জানান, দু'দেশের সেনা কম্যান্ডার পর্যায়ের নবম বৈঠকের পর এ দিন প্যাংগং লেক থেকে সশস্ত্র বাহিনী সরানোর প্রক্রিয়া দু'দেশই শুরু করেছে। তবে, নয়াদিল্লি সূত্রে খবর স্ট্র্যাটেজিক পজিশন ছাড়েনি ভারতীয় সেনা। বিরোধীরা অবশ্য এ দাবি মানতে চাননি।

মঙ্গল গ্রহ: ১৯ ফেব্রুয়ারি লালগ্রহে পা রাখল নাসার রোভার পার্সিভিয়ারেন্স। নাসার 'মার্স ২০২০' অভিযান শুরু হয়েছিল ২০১৩ সালে। গতবছর লকডাউনে পিছিয়ে গিয়েছিল মহাকাশযাত্রাও। শেষে ৩০ জুলাই বহু বাধা কাটিয়ে অ্যাটলাস ফাইভে করে মঙ্গলে পাড়ি দেয় মহাকাশযান। সঙ্গে নিয়ে যায় পার্সিভিয়ারেন্স রোভার এবং ইনজেনুইটি হেলিকপ্টার ও ড্রোনকে। 'মার্স ২০২০' অভিযান নিয়ে উৎসাহ আরও বাড়িয়েছে চার ভারতীয় বংশোদ্ভূত বিজ্ঞানীর নাম। বেঙ্গালুরুর স্বাতী মোহন ও জে বব বলরাম এবং বাংলার অনুভব দত্ত ও সৌম্য দত্ত। এঁরা চারজনই নাসার এই মঙ্গল অভিযানে নানা গুরুত্বপূর্ণ দায়িত্বে জড়িয়ে রয়েছেন।

পশ্চিমবঙ্গ: পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে খরচ প্রায় হাজার কোটি টাকা ছুঁয়ে ফেলবে বলে ১৬ ফেব্রুয়ারি নবান্ন সূত্রে জানানো হল। ২০১৯ সালে রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রে ভোটগ্রহণের জন্য খরচ হয়েছিল প্রায় ৬০০ কোটি টাকা। এ বছর সেই খরচ অনেকটাই বৃদ্ধি পাবে বলে রাজ্যের স্বরাষ্ট্রদপ্তরের কর্তাদের ধারণা। তাছাড়া এবার কোভিড পরিস্থিতির জন্য রাজ্যে বুথ পিছু এক হাজারের বেশি ভোটার রাখা যাবে না বলে কমিশন জানিয়ে দিয়েছে। ফলে ২৯৪টি বিধানসভা কেন্দ্রে মোট বুথের সংখ্যা দাঁড়িয়েছে ১ লক্ষ ১ হাজার ৭৯০টি। যেখানে গত লোকসভা ভোটে রাজ্যে বুথ ছিল ৭৮ হাজার ৮০৪টি।

আমেদাবাদ: ২৫ ফেব্রুয়ারি আমেদাবাদের মোতেরায় সিরিজের তৃতীয় টেস্টে ইংল্যান্ডকে ১০ উইকেটে হারিয়ে দিল ভারত। ফলে দু'দিনের মধ্যে শেষ হল গোলাপী টেস্ট। এই জয়ের ফলে চার টেস্টের সিরিজে ভারত এগিয়ে গেল ২-১। টেস্ট ক্রিকেটে ৪০০ উইকেটের ক্লাবে ঢুকে পড়লেন রবিচন্দ্রন অশ্বিন। দু'ইনিংসে ১১ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন অক্ষর প্যাটেল। এ দিনের জয়ে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের জন্য এক ধাপ এগিয়ে গেল বিরাট কোহলির টিম। সিরিজের শেষ টেস্টে না হারলেই ফাইনালে চলে যাবে ভারত। এই জয়ের আর একটি তাৎপর্য হল, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে এত কম বলে (৮৪২) কোনও টেস্ট হয়নি। ১৯৩৫-এর পর থেকে দৈর্ঘ্যের বিচারে এটি হল সপ্তম ক্ষুদ্র টেস্ট।

গুরুত্বপূর্ণ তারিখ

৫ এপ্রিল: জাতীয় নৌ-দিবস।
৭ এপ্রিল: বিশ্ব স্বাস্থ্য দিবস।
১৭ এপ্রিল: বিশ্ব হিমোফিলিয়া দিবস।
১৮ এপ্রিল: বিশ্ব হেরিটেজ দিবস।
২২ এপ্রিল: ধরণী (আর্থ) দিবস।
২৩ এপ্রিল: বিশ্ব পুস্তক ও কপিরাইট দিবস।

সংক্ষিপ্ত শব্দ

NUDM: National Urban Digital Mission
ISA: International Solar Alliance.
NISAR: NASA-ISRO Synthetic Aperture Radar.
IOR: Indian Ocean Region.
AIIB: Asian Infrastructure Investment Bank.
AIBA: Association Internationale de Boxe Amateur (International Boxing Association)
FATF: Financial Action Task Force.
ISSF: International Shooting Sport Federation.
GFI: Gymnastics Federation of India.
CBIC: Central Board of Indirect Taxes and Customs.

গ্রন্থ ও গ্রন্থকার

THE NEXT STOP: Natural Gas and India's Journey to a Clean Energy Future *by* Vikram Singh Mehta.
HOW I QUIT GOOGLE TO SELL SAMOSAS: Adventures with The Bohri Kitchen *by* Munaf Kapadia.
The Mystery of the Parsee Lawyer *by* Shrabani Basu.
Bene Appetit: The Cuisine of Indian Jews *by* Esther David.
Life in the Uniform *by* Amit Lodha.
One String Attached *by* Pankaj Dubey.
A Physics of Possibilities *by* Paul Levy.
Bombay 3 *by* Jitendra Dixit.
We Free the Stars *by* Hafsah Faizal.
The Strays of Paris *by* Jane Smiley.

সংখ্যাতত্ত্ব

১০,০০০

—রান। প্রথম ভারতীয় এবং দ্বিতীয় আন্তর্জাতিক মহিলা ক্রিকেটার হিসেবে সব ধরনের ক্রিকেট মিলিয়ে এই রান করার কৃতিত্ব অর্জন করলেন মিতালি রাজ। মিতালি ভারতের একদিনের ক্রিকেট দলের অধিনায়িকা। আন্তর্জাতিক মহিলা ক্রিকেটে এই নজির আছে কেবল ইংল্যান্ডের শার্লট এডওয়ার্ডসের।

১,০০০

—মেট্রিক টন। পূর্ব আফ্রিকার খরায় আক্রান্ত দেশ মাডাগাস্কারে মানবিকতার খাতিরে যে-পরিমাণ চাল পাঠাবে ভারত সরকার। সঙ্গে ১ লক্ষ হাইড্রক্সিক্লোরোকুইন ট্যাবলেট। ভারতীয় নেভির ‘জল অশ্ব’ জাহাজ এই সামগ্রী নিয়ে ৩ তারিখে ভারত ছেড়ে মাডাগাস্কারের ইহোয়ালা বন্দরে পৌঁছবে ২১ থেকে ২৪ মার্চের মধ্যে।

২২,৮৮৭

—টি। আসন্ন বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে পোলিং বুথের সংখ্যা যতটা বাড়ল। ২০১৬ এবং ২০১৯-এর নির্বাচনে এ রাজ্যে পোলিং বুথের সংখ্যা ছিল ৭৮,৯০৩টি।

বিবিধ

নিলামে গান্ধীজির বাটি ও চামচ

নিলামে উঠল মোহনদাস কর্মচন্দ গান্ধীর ব্যবহৃত বাটি, দু’টি চামচ এবং একটি কাঁটাচামচ। ইংল্যান্ডের এক অনলাইন নিলাম সংস্থা ‘ইস্ট ব্রিস্টল অকশন হাউস’ এই নিলামের দায়িত্বে রয়েছে।

১৯৪২ থেকে ১৯৪৪ পর্যন্ত আগা খান মহলে ব্রিটিশদের হাতে গৃহবন্দি থাকার সময়ে লোহার তৈরি ওই বাটি ও কাঠের তৈরি চামচগুলি ব্যবহার করতেন গান্ধীজি। ঐতিহাসিক এই সামগ্রীগুলির প্রাথমিক দর রাখা হয়েছে ৫৫ হাজার পাউন্ড।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন দু’বছরের জন্য সতীর্থদের সঙ্গে গৃহবন্দি ছিলেন গান্ধীজি। বন্দি অবস্থাতেই স্ত্রী কস্তুরবাকে হারান তিনি। বন্দিদশা থেকে মুক্তি পাওয়ার পর কিছু দিনের জন্য সুমতি মোরারজি নামে এক পরিচিতের বাড়িতে উঠেছিলেন। সে সময়ই সুমতিকে ওই বাটি, চামচগুলি দিয়েছিলেন তিনি। সুমতি পরে ওই জিনিসগুলি বিক্রি করে দেন। যিনি কেনেন, সেই ব্যক্তিই এখন সেগুলি নিলামে তুলেছেন। সংশ্লিষ্ট নিলাম সংস্থার এক কর্মকর্তা অ্যান্ড্রু স্টো-র কথায়, ‘ভারতের ইতিহাসের অঙ্গ এই জিনিসগুলি।’

PESHAPROBESH ▫ Vol. 17 No. 4 ▫ 1 April 2021 ▫ Rs. 20 ▫ 100

RNI No. 87167

*

ভ্রমণ

ভ্রমণ

ভ্রমণ

ভ্রমণ

বাঙালির ঘরের পত্রিকা, বাইরে যাবার